$$\left|\vec{A} \times \vec{B}\right| = \sqrt{1^2 + 7^2 + (-5)^2} = 8.66 \text{ m}^2$$

◆ 7 kg ভরের কোন বস্তুর উপর প্রযুক্ত একটি বল $\vec{F} = 2\hat{i} - 3\hat{j} + 6\hat{k}$ N হলে, যেখানে $\hat{i}, \hat{j}$ এবং $\hat{k}$ একক ভেক্টর, বস্তুটি কত ত্বরণ প্রাপ্ত হবে? [বুয়েট ১৩-১৪]

A. 1.4 m/s^2
B. 1.57 m/s^2
C. 1.0 m/s^2
D. 7.0 m/s^2

Ans: C

ব্যাখ্যা: বল $\left|\hat{F}\right| = \sqrt{(2)^2 + (-3)^2 + (6)^2} = 7 \therefore a = \frac{F}{m} = \frac{7}{7} = 1 \text{ ms}^{-2}$

◆ একটি লন রোলার ঠেলা বা টানার সময় তুমি এর অনুভূমিকের সাথে 30° কোণে 19.6N বল প্রয়োগ করছ। এটা টানা অপেক্ষাকৃত সহজ কারণ এর ওজন তখন কমে– [বুয়েট ১০-১১]

A. $\sqrt{3}$ kg
B. 19.6 kg
C. 1 kg
D. 9.8 kg



Ans: C

ব্যাখ্যা: ওজন কমে $19.6 \times \cos(60°)$ N $= 9.8$ N $= 1$ kg

$F\sin\theta = 19.6 \times \sin 30° = 9.8\text{N} = 1$ kg

◆ একটি কণার উপর $\vec{F} = (5\hat{i} - 6\hat{j} + 3\hat{k})$ N বল প্রয়োগ করার ফলে কণাটির $\vec{d} = (3\hat{i} + d_y\hat{j} + 5\hat{k})$ m সরণ হয়। d_y এর মান কত হলে সম্পাদিত কাজের পরিমাণ শূন্য হবে? [বুয়েট ১২-১৩]

A. 0
B. 5
C. 6
D. – 6

Ans: B

ব্যাখ্যা: $W = \vec{F}.\vec{d}$ বা, $0 = 5.3 + (-6).\ d_y + 3.5$ বা, $0 = 15 - 5d_y + 15$ বা, $6d_y = 30$ বা, $d_y = 5$

◆ ভেক্টর $\vec{A}, \vec{B}$ এবং $\vec{C}$ এর মান যথাক্রমে 12, 5 এবং 13 একর এবং $\vec{A} + \vec{B} = \vec{C}$ ভেক্টর $\vec{A}$ এবং $\vec{B}$ এর মধ্যবর্তী কোণ হবে– [বুয়েট ০৬-০৭]

A. π
B. $\frac{\pi}{2}$
C. zero
D. $\frac{\pi}{4}$

Ans: B

ব্যাখ্যা: $C^2 = A^2 + B^2 + 2AB\cos\alpha$ বা, $\cos\alpha = \frac{(13)^2 - (12)^2 - 5^2}{2\times12\times5} = \frac{0}{120} = 0 \therefore \alpha = \frac{\pi}{2}$

www.Educationblog24.Com

◆ যদি $\vec{A}=\hat{i}+2\hat{j}-2\hat{k}$ এবং $\vec{B}=3\hat{i}-\hat{j}+2\hat{k}$ হয়, তাহলে $\vec{A}+\vec{B}$ এবং $\vec{A}-\vec{B}$ এর মধ্যবর্তী কোণ হবে– [বুয়েট ০৭-০৮]

A. 60° B. 30°
C. 90° D. 120° **Ans:** C

◆ একটি রকেট খাড়াভাবে উপরের দিকে **20 m/sec²** ত্বরণে চলতে শুরু করল। **10 sec** পরে রকেটটির ইঞ্জিনের সুইচ হঠাৎ বন্ধ করা হলে রকেটটি সর্বোচ্চ কত উচ্চতায় পৌঁছবে তা নির্ণয় কর। অভিকর্ষীয় ত্বরণ-এর মান **10 m/sec²** ধর। [বুয়েট ০৭-০৮]

সমাধান: 10 s শেষে রকেটের বেগ $= 20\times10 = 200\ ms^{-1}$ এবং উচ্চতা $=\frac{1}{2}\times20\times(10)^2 = 1000\ m$

সুতরাং, 1000 m উচ্চতা থেকে $200\ ms^{-1}$ বেগের জন্য সর্বোচ্চ উচ্চতা $=\frac{200^2}{2\times10}=2000\,m$

অর্থাৎ, রকেটটি ভূমি হতে সর্বাধিক (2000 + 1000) m বা 3000 m উচ্চতায় উঠবে।

◆ কোনো একদিন **30 ms^{-1}** গতিতে উল্লম্বভাবে বৃষ্টি পড়ছিল। যদি বায়ু **10 ms^{-1}** গতিতে পূর্ব থেকে পশ্চিমে বইতে শুরু করে তাহলে বৃষ্টি থেকে রক্ষা পেতে তোমার ছাতা কোন দিকে মেলে ধরতে হবে বের কর। [বুয়েট ০৬-০৭]

সমাধান:

$\tan\theta=\frac{10}{30}$

$\therefore\ \theta=\tan^{-1}\left(\frac{1}{3}\right)=18.43°$

উল্লম্বের সাথে 18.43° কোণে ছাতা ধরতে হবে।



◆ প্রতি ঘন্টায় **1800 m** বেগে **240 m** প্রশস্ত একটি নদী নিচের দিকে প্রবাহিত হচ্ছে এবং প্রতি ঘন্টায় **3600 m** বেগে সাঁতারে সক্ষম একজন সাঁতারু একটি বিপরীত বিন্দুতে যেতে ইচ্ছুক। সে কোন দিক বরাবর সাঁতার দেবে এবং সেই বিন্দুতে যেতে কত সময় নেবে? [বুয়েট ০৩-০৪]

সমাধান: ধরি, স্রোতের বেগ, $v=\frac{1800\,m}{3600\,s}=0.5\,ms^{-1}$

সাঁতারুর বেগ, $u=\frac{3600\,m}{3600\,s}=1\,ms^{-1}$



ধরি, সাঁতারুকে স্রোতের দিকের সাথে α কোণে সাঁতরাতে হবে এবং স্রোতের ও সাঁতারুর বেগের লব্ধি ω।
এখন, স্রোতের দিক বরাবর বেগসমূহ ও তাদের লব্ধির উপাংশ নিয়ে পাই,

$v\cos0°+u\cos\alpha=w\cos90°$

বা, $v+u\cos\alpha=0$

বা, $\cos\alpha=-\frac{v}{u}$

বা, $\cos\alpha=-\frac{0.5}{1}=-\frac{1}{2}$

$\therefore\ \alpha=120°$

আবার, নদীর প্রস্থ বরাবর সাঁতারুর বেগের উপাংশ, $u\cos(120°-90°)$

$\therefore$ প্রয়োজনীয় সময়, এখন, $t=\frac{d}{u\cos30°}=\frac{240}{1.\frac{\sqrt{3}}{2}}=\frac{480}{\sqrt{3}}=277.13s=4.62\ min$

www.Educationblog24.Com

◆ **নির্দিষ্ট দিকে একটি বস্তুকণার সরণ $x = 2.0\ (ms^{-2})t^2 + 3.0\ m$ দ্বারা প্রকাশ করা যায়। 3.0 সেকেন্ডে ও 5.0 সেকেন্ডের মধ্যে বস্তুকণাটির গড় ত্বরণ কত?** [বুয়েট ০১-০২]

সমাধান:

$$V_x = \frac{dx}{dt} = 4.0(ms^{-2})t$$

$$(V_x)_{t=3s} = 4.0(ms^{-2})3s = 12.0\,ms^{-1}$$

$$(V_x)_{t=5s} = 4.0(ms^{-2})5s = 20.0\,ms^{-1}$$

গড় ত্বরণ, $\bar{a} = \frac{(V_x)_{t=5s} - (V_x)_{t=5s}}{t_{5s} - t_{3s}}$

$$= \frac{20\,ms^{-1} - 12ms^{-1}}{5-3} = 4.0\,ms^{-2}$$

$\therefore$ গড় ত্বরণ $4.0\ ms^{-2}$

◆ **8 কেজি ভরের একটি বস্তু 10 মিটার উপর হতে পড়ে বালিতে 50 সে. মি. প্রবেশ করে থেমে গেল। বস্তুটির উপর বালির গড় বাধা নির্ণয় কর।** [বুয়েট ০৫-০৬]

সমাধান: বালুতে পড়ার মুহূর্তের বেগ, $v = \sqrt{2 \times 9.8 \times 10} = 10ms^{-1}$

বালির ভেতর মন্দন f হলে $0 = v^2 - (2f \times 0.5)$



বা, $f = \frac{14^2}{2 \times 0.5} = 196\,ms^{-2}$

গড় বাধা R হলে, $R - mg = mf$

$\therefore R = m(g+f) = 8(9.8 + 196) = 1646.4\ N$

◆ **দুটি ভেক্টরের স্কেলার গুণফল 20 একক। এদের ভেক্টর গুণফলের মান $6\sqrt{2}$ একক। ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?** [কুয়েট ১৭-১৮]

A. 30^0 B. $24^02'$ C. $22^059'$

D. $22^014'$ E. $23^058'$ **Ans:** C

সমাধান: $\frac{AB\ sinq}{AB\ cosq} = \frac{6\sqrt{2}}{20}$ বা, $\tan\theta = 0.42$ বা, $\theta = 22^0.59'$

◆ **যদি $\vec{P} = 2\hat{i} + 4\hat{j} - 5\hat{k}$ এবং $\vec{Q} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k}$ হলে $\vec{P}$ এবং $\vec{Q}$ এর মধ্যবর্তী কোণ নির্ণয় কর।** [কুয়েট ১৬-১৭]

A. 111.01° B. 110.49° C. 101.49°

D. 69° E. 68.98° Ans. C

সমাধান: $\cos\theta = \frac{\vec{P}.\vec{Q}}{|\vec{P}||\vec{Q}|} = \frac{-5}{3\sqrt{5} \times \sqrt{14}}$ $\therefore \theta = 101.49°$

◆ **একটি কণার উপর $\vec{F} = (-2i + 3j + 4k)$ নিউটন বল প্রয়োগের ফলে কণাটি (3, –4, –2) বিন্দু থেকে (–2, 3, 5) বিন্দুতে স্থানান্তরিত হয়। বল কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ নির্ণয় কর।** [কুয়েট ১৫-১৬]

A. 7 J B. 59.72 J C. 49 j

D. 59 J E. 49 N **Ans : D**

সমাধান: $\vec{F} = (-2\hat{i} + 3\hat{j} + 4\hat{k})$

$\Delta\vec{r} = (-2, 3, 5) - (3, -4, -2) = -5\hat{i} + 7\hat{j} + 7\hat{k}$

$w = \vec{F}\Delta\vec{r} = (10 + 21 + 28) = 59J$

www.Educationblog24.Com

◆ একটি সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয় কর যার কর্ণদ্বয় যথাক্রমে $\vec{A}=3\hat{i}-2\hat{j}+5\hat{k}$ এবং $\vec{B}=\hat{i}+6\hat{j}-\hat{k}$ [কুয়েট ১৪-১৫]

A. 10.95 units
B. 17.6 units
C. 17.66 units
D. 15.74 units
E. 18.98 units

Ans: B

ব্যাখ্যা: $\vec{A}\times\vec{B}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 3 & -2 & 5\\ 1 & 6 & -1\end{vmatrix}=\hat{i}(2-30)-\hat{j}(-3-5)+k(18+2)=-28\hat{i}+8\hat{j}+20k$

$\therefore \frac{1}{2}\left|\vec{A}\times\vec{B}\right|=\frac{1}{2}\sqrt{(-28)^2+8^2+20^2}=17.66\,\text{units}$

◆ ভেক্টর $\vec{A}=2\hat{i}+3\hat{j}-\hat{k}$ এবং $\vec{B}=6\hat{i}-3\hat{j}+2\hat{k}$ এর মধ্যকার কোণ নির্ণয় কর। [কুয়েট ১৩-১৪]

A. 82°2'
B. 78°54'
C. 71°1'
D. 87°48'
E. 76°24'

Ans: D

ব্যাখ্যা: $\theta=\cos^{-1}\left(\frac{\vec{A}.\vec{B}}{AB}\right)=\cos^{-1}\left\{\frac{(2i+3j-k)(6i-3j+2k)}{\sqrt{2^2+3^2+1^2}\sqrt{6^2+3^2+2^2}}\right\}=\cos^{-1}\left(\frac{12-9-2}{\sqrt{14\times7}}\right)$

$=87.82°=87°48'$

◆ দুটি ভেক্টর $i-2j-5k$ এবং $2i+j-4k$ -এর মধ্যবর্তী কোণ কত? [কুয়েট ১২-১৩]

A. 38.5°
B. 36°
C. 37.17°
D. 37°
E. 36.2°

Ans: C

ব্যাখ্যা: $\theta=\cos^{-1}\left(\frac{\vec{A}.\vec{B}}{\left|\vec{A}\right|.\left|\vec{B}\right|}\right)=\cos^{-1}\left(\frac{1-2+20}{\sqrt{30\times21}}\right)=37.17°$

◆ দুটি ভেক্টরের স্কেলার গুণফল 18 এবং ভেক্টর গুণফলের মান $6\sqrt{3}$ । ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [কুয়েট ১১-১২]

A. 20°
B. 25°
C. 27°
D. 30°
E. 40°

Ans: D

ব্যাখ্যা: $AB\cos\theta=18$, $AB\sin\theta=6\sqrt{3}$ বা, $\tan\theta=\frac{6\sqrt{3}}{18}=\frac{1}{\sqrt{3}}$ $\therefore \theta=30°$

◆ বায়ু উত্তর দিক ও পূর্ব দিকের মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে। বায়ুর বেগের উত্তর দিকের অংশক 5km/hr এবং পূর্ব দিকের অংশক 12 m/hr। লব্ধিবেগ কত? [কুয়েট ০৫-০৬]

A. 17 km/hr
B. 13 km/hr
C. 60 km/hr
D. 7 km/hr

Ans: B

ব্যাখ্যা: $v=\sqrt{5^2+12^2}=13\,\text{kmhr}^{-1}$

◆ একজন সাইকেল আরোহী সমতল রাস্তার উপর দিয়ে কত বেগে চললে 6m/s বেগের বৃষ্টির ফোঁটা তার গায়ে 45° কোণে পড়বে? [কুয়েট ০৫-০৬]

A. 5 m/s
B. 7 m/s
C. 6 m/s
D. 5 m/s

Ans: C

ব্যাখ্যা: $\tan\theta=\frac{6}{v}$ বা, $1=\frac{6}{v}$ [$\because \tan45°=1$] বা, $v=6$ m/s

www.Educationblog24.Com

◆ বায়ু উত্তর ও পূর্ব দিকের মধ্যদিয়ে প্রবাহিত হচ্ছে। বেগের উত্তর দিকের অংশক ঘন্টায় 5 km এবং পূর্ব দিকের অংশক ঘন্টায় 12 km লব্ধি বেগ কত? [কুয়েট ০৫-০৬]

A. $7\ khm^{-1}$
B. $17\ khm^{-1}$
C. $60\ khm^{-1}$
D. $13\ khm^{-1}$

Ans: D

ব্যাখ্যা: লব্ধি $R=\sqrt{5^2+12^2+2.5.12\cos 90°}=\sqrt{25+44+0}=\sqrt{169}=12\ kmh^{-1}$

◆ $\vec{A}=5\hat{i}+2\hat{j}-3\hat{k}$ এবং $\vec{B}=15\hat{i}-a\hat{j}-9\hat{k}$। 'a' এর মান কত হলে $\vec{A}$ ও $\vec{B}$ পরস্পর সমান্তরাল হবে? [কুয়েট ১০-১১]

A. 7
B. 6
C. 5
D. 4
E. 8

Ans: B

ব্যাখ্যা: $\frac{5}{15}=\frac{2}{a}=\frac{3}{9}\ \therefore a=6$

◆ দুইটি ভেক্টর $\vec{A}=2\hat{i}-2\hat{j}-\hat{k}$ এবং $\vec{B}=6\hat{i}-3\hat{j}+2\hat{k}$ হলে এদের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় কর। [কুয়েট ১২-১৩]

A. 77°
B. 78°
C. 79°
D. 80°
E. 81°

Ans: C

ব্যাখ্যা: $\cos\theta=\frac{\vec{A}.\vec{B}}{|A||B|}=\frac{4}{\sqrt{9}.\sqrt{49}}\ \therefore \cos^{-1}=\left(\frac{4}{21}\right)=79°$

◆ একটি নদীর স্রোতের বেগ $5\ ms^{-1}$। $10\ ms^{-1}$ বেগের একটি নৌকার সোজাসুজিভাবে নদী পাড়ি দিতে 1 min 40 second সময় লাগে। নদীর প্রস্থ কত? [কুয়েট ০৩-০৪]

সমাধান: ধরি, v এবং u এর মধ্যবর্তী কোণ = α



এবং লব্ধি বেগ = w

u বরাবর উপাংশ নিয়ে পাই,

$v\cos\alpha+u\cos 0°=w\cos 90°$

বা, $\cos\alpha=-\frac{u}{v}=-\frac{5}{10}=-\frac{1}{2}$

বা, $\alpha=120°$

w বরাবর উপাংশ নিয়ে পাই,

$v\cos(120°-90°)+u\cos 90°=w\cos 0°$

বা, $w=10\cos 30°=5\sqrt{3}$

$\therefore d=wt=5\sqrt{3}\times(60+40)=500\sqrt{3}\ m$

◆ একটি নৌকা নদীর প্রস্থ বরাবর $20\ ms^{-1}$ বেগে চলা শুরু করল। নদীর স্রোতের বেগ $15\ ms^{-1}$ হলে এবং নদীটি 2 km প্রশস্ত হলে অপর পাড়ে পৌছাতে নৌকাটির কত সময় লাগবে? নৌকার লব্ধি বেগ কত হবে? [চুয়েট ১৩-১৪]

সমাধান:



OQ বরাবর u এর উপাংশ $u\cos 0°=20\ ms^{-1}$

$\therefore s=vt\ \therefore t=\frac{s}{v}=\frac{2000}{20}=100\ sec$

$\therefore$ নৌকার লব্ধি বেগ, $R=\sqrt{u^2+v^2}$

$=\sqrt{20^2+15^2}$

$=\sqrt{625}=25 ms^{-1}$

www.Educationblog24.Com

◆ দুটি ভেক্টর রাশির বৃহত্তর ও ক্ষুদ্রতর লব্ধিদ্বয় যথাক্রমে 28 একক 4 একক রাশি দুটি পরস্পরের সাথে 90° কোণে কোন একটি কণার উপর ক্রিয়া করল। লব্ধির মান কত? [চুয়েট ১৫-১৬]

A. None of them
B. 28 unit
C. 24 uint
D. 20 unit

Ans : D

সমাধান: $P + Q = 28$

$P - Q = 4$

so, $P = 16, Q = 12$

$R = \sqrt{P^2 + Q^2} = 20$ unit

◆ একটি কণার উপর $(6\hat{i} - 3\hat{j} + \hat{k})$ N বল প্রয়োগের ফলে কণাটি কিছুদূর সরে যায় এবং 10 J কাজ সম্পাদিত হয়। সরণ কত? [চুয়েট ১২-১৩]

A. $(5\hat{i} + 2\hat{j} - \hat{k})$ m
B. $(4i + 3j + k)$ m
C. $(6\hat{i} + 3\hat{j} - 2\hat{k})$ m
D. None

Ans: B

ব্যাখ্যা: $W = (6\hat{i} - 5\hat{j} + \hat{k})(4\hat{i} + 3\hat{j} + \hat{k}) = 24 - 15 + 1 = 10$

◆ একটি ইঞ্জিনচালিত নৌকার বেগ ঘন্টায় 14 কিলোমিটার। একটি নদী আড়াআড়ি পার হতে হলে নৌকাটিকে কোন দিকে চালাতে হবে? নদীর প্রস্থ 12.125 km হলে তা পাড়ি দিতে কত সময় লাগবে? স্রোতের বেগ ঘন্টায় 7 km। [চুয়েট ০৪-০৫]

সমাধান: $R = \sqrt{P^2 + Q^2 2PQ\cos\alpha} = \sqrt{7^2 + 14^2 + 2.7.14\cos 120°} = 12.124\,\text{kmh}^{-1}$

$\therefore t = \frac{12.125}{12.14} = 1\text{hour}$

বা, $R\text{Cos}90° = P + Q\text{Cos}\alpha$

বা, $7 + 14\,\text{Cos}\alpha = 0$

বা, $\text{Cos}\alpha = -\frac{7}{14}$

বা, $\cos\alpha = -\frac{1}{2}$

$\therefore \alpha = 120°$

নৌকাটিকে স্রোতের বেগের সাথে 120° কোণে চালাতে হবে।



◆ একটি কণার উপর $\vec{F} = (6\hat{i} - 3\hat{j} + 2\hat{k})$ N বল প্রয়োগে কণাটির $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - \hat{k})$ m সরণ হয়। প্রয়োগকৃত বল কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ কত? [চুয়েট ০৯-১০]

A. 45 joule
B. 4 watt
C. $-\hat{i} + 10\hat{j} + 18\hat{k}$
D. None of them

Ans: D

ব্যাখ্যা: $W = \vec{F}.\vec{r} = 4J$

◆ p-এর মান কত হলে ভেক্টর $\vec{v} = (5x + 2y)\,\hat{i} + (2py - z)\,\hat{j} + (x - 2z)\,\hat{k}$ সলিনয়ডাল হবে? [রুয়েট ১৫-১৬]

সমাধান: $\vec{v}$ সলিনয়ডাল হবে যদি ও কেবল যদি $\text{div}\,\vec{v} = 0$

$\therefore \text{div}\,\vec{v} = \frac{\partial}{\partial x}(5x + 2y) + \frac{\partial}{\partial y}(2py - z) + \frac{\partial}{\partial z}(x - 2z)$

$= 5 + 0 + 2p - 0 + 0 - 2 = 3 + 2p$

$\therefore 3 + 2p = 0$

$\therefore P = -\frac{3}{2}$

www.Educationblog24.Com

◆ যদি $\vec{A}=5\hat{i}-4\hat{j}+2\hat{k}$ এবং $\vec{B}=6\hat{i}-3\hat{j}+\hat{k}$ ভেক্টরদ্বয় একটি সামন্তরিকের সন্নিহিত দুইটি বাহু নির্দেশ করলে তার ক্ষেত্রফল কত? [রুয়েট ১৪-১৫]

A. $\sqrt{7}$
B. $2\sqrt{7}$
C. $\sqrt{14}$
D. $2\sqrt{14}$
E. None

Ans: C

ব্যাখ্যা: $\vec{A}\times\vec{B}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 5 & -4 & 2\\ 3 & -3 & 1\end{vmatrix}=\hat{i}(-4+6)-\hat{j}(5-6)+\hat{k}(-15+12)=-2\hat{i}+\hat{j}-3\hat{k}$

ক্ষেত্রফল $=\left|\vec{A}\times\vec{B}\right|=\sqrt{4+1+9}=\sqrt{14}$

◆ একটি বালক তার খেলনার উপর $\vec{F}=(9\hat{i}-2\hat{j}+2\hat{k})$ N বল প্রয়োগ করলে খেলনাটির সরণ $\vec{d}=(2\hat{i}+2\hat{j}-\hat{k})$ m হয়। বালকটি দ্বারা সম্পাদিত কাজের পরিমাণ কত? [রুয়েট ১৩-১৪]

A. 18 J
B. 9 J
C. 6 J
D. 12 J
E. None

Ans: D

ব্যাখ্যা: $W=\vec{F}.\vec{d}=(9\hat{i}-2\hat{j}+2\hat{k}).(2\hat{i}+2\hat{j}-\hat{k})=12$ J

◆ দুটি ভেক্টর রাশির প্রত্যেকটির মান 5 একক। তারা একই বিন্দুতে পরস্পর 120° কোণে ক্রিয়া করে। তাদের লব্ধির মান কত? [রুয়েট ১২-১৩]

A. 5 unit
B. 0 unit
C. 25 unit
D. 15 unit
E. None

Ans: A

ব্যাখ্যা: $R^2=5^2+5^2+2\times5\times5\times\cos120°=2.5^2\,(1+\cos120°)$

বা, $R^2=2.5^2\,.(1-\frac{1}{2})=2.5^2.\frac{1}{2}=\frac{5^2}{2}$ $\therefore R=5$ একক।

◆ a এর কোন মানের জন্য ভেক্টরদ্বয় $2\hat{i}+a\hat{j}+\hat{k}$ এবং $4\hat{i}-2\hat{j}-2\hat{k}$ পরস্পর লম্ব? [রুয়েট ০৯-১০]

A. 1
B. 2
C. 5
D. 4
E. 3

Ans: E

ব্যাখ্যা: লম্ব হওয়ার জন্য,

$(2\hat{i}+a\hat{j}+\hat{k}).(4\hat{i}-2\hat{j}-2\hat{k})=0$

বা, $8-2a-2=0$ বা, $a=\frac{8-2}{2}=3$

◆ নিম্নলিখিত ভেক্টর প্রডাক্টের মান বের কর : $(2\hat{i}+3\hat{j}).(\hat{i}+3\hat{j}-\hat{k})\times(3\hat{i}-\hat{k})$ [রুয়েট ১১-১২]

A. 4
B. 8
C. – 4
D. None

Ans: A

ব্যাখ্যা: $(\hat{i}+\hat{j}-\hat{k})\times(3\hat{i}-\hat{k})=\begin{bmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 1 & 1 & -1\\ 3 & 0 & -1\end{bmatrix}=-\hat{i}-2\hat{j}-3\hat{k}$

এখন, $(2\hat{i}-3\hat{j}).(\hat{i}+\hat{j}-\hat{k})\times(3\hat{i}-\hat{k})=2\times(-1)+(-3)\times(-2)=4$

www.Educationblog24.Com

◆ **কোনো ভেক্টর R কে যদি দুটি পরস্পর লম্ব উপাংশে বিভাজিত করা হয় তাহলে R-এর সাথে α কোণে উপাংশ X হবে–** [রুয়েট ১১-১২]

A. $R \sin \alpha$ B. $R \tan \alpha$
C. $R \cos \alpha$ D. $R \cot \alpha$ **Ans:** C

ব্যাখ্যা: লম্ব উপাংশ : R ভেক্টরকে যদি সমকোণে পৃথক করা হয়, অর্থাৎ উপাংশ দুটি যদি পরস্পর লম্ব হয়, তাহলে $\alpha + \beta = 90°$

$\therefore \sin(\alpha+\beta) = \sin 90°$; $\therefore \frac{X}{\sin\beta} = \frac{Y}{\sin\alpha} = \frac{R}{\sin(\alpha+\beta)}$

$\therefore X = R \sin\beta$ এবং $Y = R \sin\alpha$



আবার,

যেহেতু $\alpha + \beta = 90°$ বা $\beta = 90° - \alpha$

$\therefore \sin\beta = \sin(90° - \alpha) = \cos\alpha$

$\therefore X = R \cos\alpha$

এবং $Y = R \sin\alpha$

সুতরাং কোন ভেক্টর R-কে যদি দুটি পরস্পর লম্ব উপাংশে বিভাজিত করা হয় তাহলে R এর সাথে α কোণে উপাংশ X এবং X-এর সাথে সমকোণে উপাংশ Y হবে।

$X = R \cos\alpha$

$Y = R \sin\alpha$

◆ **খাড়াভাবে পতিত বৃষ্টির বেগের মানের সমান বেগের মানে এক ব্যক্তি রাস্তার উপর দিয়ে দৌড়ে যাচ্ছে। বৃষ্টি হতে রক্ষা পেতে তাকে উল্লম্বের সাথে যে কোণে ছাতা ধরতে হবে–** [রুয়েট ১১-১২]

A. 90° B. 45°
C. 120° D. 60° **Ans:** B

ব্যাখ্যা: লোকটি বৃষ্টির বেগের সমান বেগে দৌড়াচ্ছিল। সুতরাং উভয়ের বেগ সমান।

ধরি, বেগ = x এবং বৃষ্টির লব্ধি বেগ উল্লম্ব দিকের সাথে θ কোণ উৎপন্ন করে–

$\therefore \theta = 90°$

আমরা জানি,

$\tan\theta = \frac{x}{x}$

$\tan\theta = 1$

$\tan\theta = \tan 45°$

$\therefore \theta = 45°$

◆ **কোনো নদীতে একটি নৌকার বেগ স্রোতের অনুকূলে ও প্রতিকূলে যথাক্রমে 18 এবং 6 km/hour। নৌকাটি কত বেগে কোন দিকে চালনা করলে সোজা অপর পাড়ে পৌঁছাবে?** [রুয়েট ১০-১১]

সমাধান: $v + u = 18$, $v - u = 6$

$\therefore v = 12\ \text{kmh}^{-1}$, $u = 6\ \text{kmh}^{-1}$

এখন, $u\cos 0 + v\cos\alpha = R\cos 90°$

বা, $u + v\cos\alpha = 0$

বা, $\cos\alpha = \frac{-u}{v}$

$\therefore \alpha = \cos^{-1}\left(-\frac{6}{12}\right) = 120°$

$\therefore 12\ \text{kmh}^{-1}$ বেগে 120° কোণে।



www.Educationblog24.Com

৫১ ও ৫৩ নং বুয়েট, কুয়েট, চু...

শাহজাহান তপন, আজিজ হাসান ও রানা চৌধুরী স্যারের বইয়ের গাণিতিক সমস্যাবলির সমাধান

১। স্থিরাবস্থা থেকে চলতে আরম্ভ করে 625m দূরত্ব অতিক্রম করলে একটি বস্তুর বেগ $125\ ms^{-1}$ হলো। ত্বরণ নির্ণয় কর।

সমাধান: আমরা জানি,

$v^2 = u^2 + 2as$

বা, $v^2 = 2as$ [$\because u = 0$]

বা, $a = \frac{v^2}{2s}$

$= \frac{125 \times 125}{2 \times 625}\ ms^{-2}$

$= 12.5\ ms^{-2}$

$\therefore a = 12.5\ ms^{-2}$

$\therefore$ নির্ণেয় ত্বরণ $12.5\ ms^{-2}$

এখানে,
আদিবেগ, $u = 0$
শেষবেগ, $v = 125\ ms^{-1}$
দূরত্ব, $s = 625\ m$
ত্বরণ, $a = ?$

NOTEBASKET

২। $72\ kmh^{-1}$ দ্রুতিতে চলন্ত একখানি ট্রেনকে 50 s এ থামানো হলো। ট্রেনটির ত্বরণ কত? এই সময়ে ট্রেনটি কত দূরত্ব অতিক্রম করবে?

সমাধান: আমরা জানি,

$v = u + at$

বা, $0 = u + at$

বা, $a = -\frac{u}{t} = -\frac{200\ ms^{-1}}{50\ s} = -0.4 ms^{-2}$

সুতরাং ট্রেনটির মন্দন $0.4\ ms^{-2}$

এখানে,
আদিবেগ, $u = 72\ kmh^{-1} = 20\ ms^{-1}$
সময়, $t = 50\ s$
শেষবেগ, $v = 0$
ত্বরণ, $a = ?$

www.Educationblog24.Com
www.Educationblog24.Com

আবার,

$$s = ut + \frac{1}{2}at^2$$

$$= 20\ ms^{-1} \times 50\ s + \frac{1}{2} \times (-0.4\ ms^{-2}) \times (50\ s)^2$$

$$= 500\ m$$

সুতরাং ট্রেনটি 500 m দূরত্ব অতিক্রম করবে।

৩। **ঘন্টায় 60 km বেগে চলন্ত একটি গাড়িকে 6 সেকেন্ড যাবৎ 1.5 ms^{-2} হারে ত্বরিত করা হলো, এর শেষ বেগ কত হবে এবং ত্বরণকালে এটি কত দূর চলবে?**

সমাধানঃ আমরা জানি,

শেষ বেগ, ত্বরণ ও গতিকালের সম্পর্ক

$v = u + at$ ..... (১)

এ সমীকরণে u, t, a এর মান বসিয়ে পাই,

$v = 16.67\ ms^{-1} + 1.5\ ms^{-2} \times 6\ s$

$= 16.67\ ms^{-1} + 9\ ms^{-1} = 25.67\ ms^{-1}$

আবার, সরণ, ত্বরণ ও গতিকালের সম্পর্ক,

$$s = ut + \frac{1}{2}at^2$$

এ সমীকরণে u, t, a এর মান বসিয়ে পাই,

$$s = 16.67\ ms^{-1} \times 6\ s + \frac{1}{2} \times 1.5\ ms^{-2} \times (6s)^2$$

$$= 100.02\ m + 27\ m = 127\ m$$

অতএব, শেষবেগ হবে 25.67 ms^{-1} এবং এটি ত্বরণকালে 127 m দূরত্ব অতিক্রম করবে।

দেওয়া আছে,

আদি বেগ,

$u = 60\ km/h$

$$= \frac{60 \times 1000}{60 \times 60}\ ms^{-1} = 16.67\ ms^{-1}$$

সময়, $t = 6s$

ত্বরণ, $a = 1.5\ ms^{-2}$

শেষবেগ, $v = ?$

সরণ, $s = ?$

NOTEBASKET

৪। **ঘন্টায় 54 km বেগে চলমান একটি গাড়ির চালক 57 m দূরে একটি বালককে দেখতে পেলেন। সাথে সাথে ব্রেক চেপে দেওয়ায় বালকটির 75 cm সামনে এসে গাড়িটি থামল। গাড়িটির ত্বরণ কত এবং এটি থামতে কত সময় লেগেছে?**

সমাধানঃ আমরা জানি,

$v^2 = u^2 + 2as$

বা, $$a = \frac{v^2 - u^2}{2s}$$

$$= \frac{(0)^2 - (15\ ms^{-1})^2}{2 \times 56.25\ m}$$

$$= -2\ ms^{-2}$$

আবার,

$v = u + at$

বা, $0 = 15\ ms^{-1} + (-2\ ms^{-2}) \times t$

বা, $$t = \frac{15\ ms^{-1}}{2\ ms^{-2}} = 7.5s$$

সুতরাং গাড়িটির মন্দন 2 ms^{-2} এবং সময় 7.5 s

এখানে

আদিবেগ,

$u = 54\ kmh^{-1}$

$$= \frac{54 \times 10^3}{3600}\ ms^{-1} = 15\ ms^{-1}$$

শেষবেগ, $v = 0$

অতিক্রান্ত দূরত্ব,

$$s = \left(57 - \frac{75}{100}\right) m$$

$= 56.25\ m$

ত্বরণ, $a = ?$

সময়, $t = ?$

www.Educationblog24.com

৫। **54 kmh^{-1} বেগে চলন্ত একটি রেল গাড়িতে স্টেশন থেকে কিছু দূরে 0.75 ms^{-2} মন্দন সৃষ্টিকারী ব্রেক দেওয়ায় গাড়িটি স্টেশনে এসে থেমে গেল। স্টেশন হতে কত দূরে ব্রেক দেওয়া হয়েছে এবং এর থামতে কত সময় লাগবে?**

সমাধান: আমরা জানি,

$v^2 = u^2 - 2as$

বা, $s = \frac{u^2 - v^2}{2a} = \frac{(15 ms^{-1})^2 - (0)^2}{2 \times 0.75 ms^{-2}} = 150 m$

আবার,

$v = u - at$

বা, $t = \frac{u - v}{a}$

$= \frac{15 ms^{-1} - 0}{0.75 ms^{-2}} = 20 s$

সুতরাং গাড়িটি 150 m দূরত্ব অতিক্রম করবে এবং 20 s সময় লাগবে।

এখানে
আদিবেগ, $u = 54 kmh^{-1}$
$= \frac{54 \times 10^3}{3600} ms^{-1} = 15 ms^{-1}$
মন্দন, $a = 0.75 ms^{-2}$
শেষবেগ, $v = 0$
ট্রেন থামতে সময় লাগে, $t = ?$
দূরত্ব, $s = ?$

৬। **একটি বস্তু স্থির অবস্থান হতে যাত্রা আরম্ভ করে প্রথম সেকেন্ডে 1 m দূরত্ব অতিক্রম করে। পরবর্তী 1 m দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে?**

সমাধান: আমরা জানি,

$s = ut_1 + \frac{1}{2} at_1^2$

বা, $s = \frac{1}{2} at_1^2$

বা, $a = \frac{2s}{t_1^2} = \frac{2 \times 1m}{(1s)^2} = 2 ms^{-2}$

আবার,

$s = ut + \frac{1}{2} at^2$

বা, $s = \frac{1}{2} at^2$

বা, $2m = \frac{1}{2} \times 2 ms^{-2} \times t^2$

বা, $t^2 = 2 s^2$

$\therefore t = 1.41 s$

$\therefore t_2 = t - t_1 = (1.41 - 1) s = 0.41 s$

সুতরাং বস্তুটির পরবর্তী 1m দূরত্ব অতিক্রম করতে 0.41 s সময় লাগবে।

এখানে
প্রথম ক্ষেত্রে,
আদিবেগ, $u = 0$
সময়, $t_1 = 1s$
সরণ, $s_1 = 1m$
দ্বিতীয় ক্ষেত্রে,
সরণ, $s_2 = 1m$
$\therefore s = s_1 + s_2$
$= 1m + 1m = 2m$
সময়, $t_2 = ?$

৭। **একটি বস্তু প্রথম চার সেকেন্ডে 128 m এবং পরবর্তী ছয় সেকেন্ডে 72 m যায়। ত্বরণ সমান থাকলে বস্তুটি এর পরবর্তী দুই সেকেন্ডে কত দূর পথ চলবে?**

সমাধান: বস্তুটি প্রথম 4 সেকেন্ডে 128 m অতিক্রম করে পরবর্তী 6 সেকেন্ডে অতিক্রম করে 72 m অর্থাৎ শুরু থেকে (4 + 6) বা 10 সেকেন্ড পর অতিক্রান্ত দূরত্ব বের করতে হলে প্রথম থেকে (10 + 2) বা, 12 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব বের করতে হবে।

www.Educationblog24.Com

ধরি, বস্তুটির আদিবেগ = u এবং ত্বরণ = a
আমরা জানি,

$s_1 = ut_1 + \frac{1}{2}at_1^2$

বা, $128 = u \times 4 + \frac{1}{2}a(4)^2$

বা, $128 = 4u + 8a$

$\therefore 32 = u + 2a$ ..... (১)

আবার,

$s_2 = ut_2 + \frac{1}{2}at_2^2$

বা, $200 = u \times 10 + \frac{1}{2}a(10)^2$

বা, $200 = 10u + 50a$

$\therefore 20 = u + 5a$ ..... (২) [10 দ্বারা ভাগ করে]

(১) ও (২) নং সমীকরণ সমাধান করে পাই,

$a = -4\ ms^{-2}$

এবং $u = 40\ ms^{-1}$

সুতরাং

$s_3 = ut_3 + \frac{1}{2}at_3^2$ ..... (৩)

(৩) নং সমীকরণে, u, t_3 এবং a এর মান বসিয়ে পাই,

$s_3 = 40 \times 12 + \frac{1}{2}(-4)(12)^2$

$= 480 - 288$

$= 192\ m$

$\therefore$ শেষ 2 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $s = (192 - 200)$

$= 8\ m$

এখানে
প্রথম সময়, $t_1 = 4\ s$
4 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $s_1 = 128\ m$
পরবর্তী 6 সেকেন্ডসহ মোট সময়, $t_2 = 4 + 6 = 10\ s$
10 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $s_2 = 128 + 72 = 200\ m$
এর পরবর্তী 2সেকেন্ডসহ মোট সময়, $t_3 = 10+2 = 12s$
12 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $s_3 = ?$
শেষ 2 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $s = s_3 - s_2 = ?$

৮। একটি বন্দুকের গুলি একটি দেয়ালের মধ্যে 3 cm ভেদ করার পর বেগ অর্ধেক হারায়। গুলিটি দেয়ালের মধ্যে আর কত দূর ভেদ করতে পারবে?

সমাধান: আমরা জানি,

$v^2 = u^2 + 2as$

বা, $\frac{u^2}{4} = u^2 - 2as$

বা, $2as = \frac{3u^2}{4}$

বা, $a = \frac{3u^2}{4 \times 2 \times 3cm}$

$= \frac{u^2}{8} cms^{-2}$

এখানে,
প্রথম ক্ষেত্রে,
গুলির আদিবেগ = u
3 cm প্রবেশের পর বেগ, $v = \frac{u}{2}$
মন্দন = a
সরণ, s = 3 cm

NOTEBASKET
www.Educationblog24.Com

আবার,

$v_2^2 = u_2^2 - 2as_2$

বা, $2as_2 = u_2^2$

বা, $s_2 = \frac{u_2^2}{2a}$

$= \frac{\frac{u^2}{4}}{2 \times \frac{u^2}{8}}$

$= \frac{u^2 \times 8}{4 \times 2 \times u^2} = 1\text{ cm}$

সুতরাং গুলিটি দেয়ালের মধ্যে 1 cm ভেদ করবে।

এখানে,
দ্বিতীয় ক্ষেত্রে,
আদিবেগ, $u_2 = \frac{v}{2}$
শেষবেগ $v_2 = 0$

৯। 9.2 ms^{-1} বেগে একটি ক্ষুদ্র বস্তুকে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো। এটি কত সময় পরে ভূ-পৃষ্ঠে ফিরে আসবে? ($g=9.8\ ms^{-2}$)

সমাধান: আমরা জানি,

$T = \frac{2u}{g} = \frac{2 \times 9.2\,ms^{-1}}{9.8\,ms^{-2}} = 1.87\,s$

∴ বস্তুটি 1.87 s পরে ভূ-পৃষ্ঠে ফিরে আসবে।

এখানে,
আদিবেগ, $u = 9.2\ ms^{-1}$
বিচরণকাল, $T = ?$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$

১০। একটি বস্তুকে 196 ms^{-1} বেগে খাড়া ওপরের দিকে নিক্ষেপ করা হলো। বস্তুটি আবার ভূমিতে ফিরে আসতে কত সময় লাগবে এবং বস্তুটি সর্বোচ্চ কত ওপরে উঠবে?

সমাধান: আমরা জানি,

$T = \frac{2v_0}{g} = \frac{2 \times 196}{9.8} = 40s$

আবার,

$\therefore h_{max} = \frac{2v_0^2}{2g} = \frac{(196)^2}{2 \times 9.8} = 1960\text{ m}$

এখানে,
নিক্ষেপণ বেগ, $v_0 = 196 ms^{-1}$
অতিক্রান্ত দূরত্ব, $h = 0$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$
সময়, $t = ?$
সর্বোচ্চ উচ্চতা, $h_{max} = ?$

১১। 64 m উঁচু দালানের ছাদ থেকে 5 kg ভরের একটি পাথর ছেড়ে দেওয়া হলে ভূমিতে পৌঁছাতে এর কত সময় লাগবে?

সমাধান: আমরা জানি,

$h = ut + \frac{1}{2}gt^2$

বা, $64\text{ m} = 0 + \frac{1}{2} \times 9.8\ ms^{-2} \times t^2$

বা, $t^2 = \frac{2 \times 64\,m}{9.8\,ms^{-2}}$

বা, $t = \sqrt{13.061\,s^{-2}}$

$\therefore t = 3.61\text{ s}$

এখানে,
উচ্চতা, $h = 64\text{ m}$
আদিবেগ, $u = 0$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$
পাথরের ভর, $m = 5\text{ kg}$
ভূমিতে পৌঁছাতে সময়, $t = ?$

www.Educationblog24.Com

১২। **উপরের দিকে নিক্ষিপ্ত একটি বল টেলিফোন তারকে $0.70\ ms^{-1}$ দ্রুতিতে আঘাত করে। তারটির উচ্চতা 5.1 m হলে বলটির আদি দ্রুতি কত ছিল?**

সমাধান: আমরা জানি,

$v^2 = u^2 - 2gh$

বা, $u^2 = v^2 + 2gh$

$= (0.7\ ms^{-1})^2 + 2 \times 9.8\ ms^{-2} \times 5.1\ m$

$= 100.45\ m^2\ s^{-2}$

$\therefore u = 10.02\ ms^{-1}$

সুতরাং বলটির আদিবেগ $10.02\ ms^{-1}$

এখানে,
উচ্চতা, $h = 5.1\ m$
শেষ দ্রুতি, $v = 0.7\ ms^{-1}$
আদি দ্রুতি, $u = ?$

১৩। **একটি বস্তুকে $98\ ms^{-1}$ বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলে দেখাও যে, 3s ও 17s সময়ে বস্তুর বেগদ্বয়ের মান সমান কিন্তু দিক বিপরীতমুখী হবে।**

সমাধান: প্রথম ক্ষেত্রে, আমরা জানি,

$v_1 = u - gt_1$

$= 98\ ms^{-1} - 9.8\ ms^{-2} \times 3s$

$= 68.6\ ms^{-1}$

$\therefore v_1 = 68.6\ ms^{-1}$ (উপরের দিকে)

দ্বিতীয় ক্ষেত্রে, আমরা জানি,

$v_2 = u - gt_2$

$= 98\ ms^{-1} - 9.8\ ms^{-2} \times 17s$

$= -68.6\ ms^{-1}$ (নিচের দিকে)

$\therefore$ 3s ও 17s সময়ে বস্তুর বেগদ্বয়ের মান সমান কিন্তু দিক বিপরীতমুখী। (দেখানো হলো)

এখানে,
প্রথম ক্ষেত্রে,
আদিবেগ, $u = 98\ ms^{-1}$
সময়, $t_1 = 3s$
দ্বিতীয় ক্ষেত্রে,
আদিবেগ, $u = 98\ ms^{-1}$
সময়, $t_2 = 17s$

NOTEBASKET

১৪। **একটি বিমান বিধ্বংসী গোলা $500\ ms^{-1}$ বেগে খাড়া উপরের দিকে ছোড়া হলো। বাতাসের বাধা অগ্রাহ্য করে নির্ণয় কর: (ক) এটি সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে? (খ) ঐ উচ্চতায় উঠতে কত সময় লাগবে? (গ) 60s শেষে তার তাৎক্ষণিক বেগ (ঘ) কখন এর উচ্চতা 10 km হবে?**

সমাধান:

(ক) আমরা জানি,

$$H = \frac{u^2}{2g}$$

$$= \frac{(500\ ms^{-1})^2}{2 \times 9.8\ ms^{-2}}$$

$$= \frac{250000\ m^2 s^{-2}}{19.6\ ms^{-2}}$$

$\therefore H = 12755\ m$

(খ) আবার আমরা জানি,

$$t = \frac{u}{g} = \frac{500\ ms^{-1}}{9.8\ ms^{-2}} = 51.02s$$

$\therefore t = 51.02\ s$

(গ) আমরা জানি,

$v = u - gt = 500\ ms^{-1} - (9.8\ ms^{-2})\ 60\ s = -88\ ms^{-1}$

60 s শেষে তার তাৎক্ষণিক বেগ হবে $-88\ ms^{-1}$ (নিম্নমুখী)

এখানে,
আদিবেগ, $u = 500\ ms^{-1}$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$
সর্বোচ্চ উচ্চতা, $H = ?$
এবং সময়, $t = ?$

এখানে,
আদিবেগ, $u = 500\ ms^{-1}$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$
সর্বোচ্চ উচ্চতায় উঠতে সময়, $t = 60s$
60 s পর তাৎক্ষণিক বেগ, $v = ?$

www.Educationblog24.Com

(ঘ) আমরা জানি,

$h = ut - \frac{1}{2}gt^2$

NOTEBASKET

বা, $10000 = 500t - \frac{1}{2}gt^2$

বা, $t^2 - 102.04\,t + 2040.81 = 0$

$\therefore\ t = \frac{102.04 + \sqrt{(-102.04)^2 - 4\times1\times2040.81}}{2\times1}$

$= \frac{102.04 + 47.42}{2}$

$\therefore\ t = 74.73$ অথবা 27.31

$\therefore$ বস্তুটি সর্বোচ্চ উচ্চতায় উঠার পূর্বে 27.31s -এ একবার 10 km উচ্চতায় আসবে এবং সর্বোচ্চ আসবে এবং সর্বোচ্চ উচ্চতায় পৌঁছে নিম্ন গতিপথে 74.73 s -এ আর একবার 10 km উচ্চতায় আসবে।

এখানে,
উচ্চতা, $h = 10\text{ km} = 10000\text{ m}$
আদিবেগ, $u = 500\text{ ms}^{-1}$
10 km উচ্চতায় উঠতে সময়, $t = ?$

১৫। একটি ফুটবলকে ভূমির সাথে 30° কোণে 40 ms^{-1} বেগে কিক করা হলো। 2s পর ফুটবলের বেগের মান কত হবে নির্ণয় কর।

সমাধান: 2s পর অনুভূমিক বেগ,

$v_x(t=2) = v_0\cos\theta_0$
$= 40\text{ ms}^{-1} \times \cos 30°$
$= 34.64\text{ ms}^{-1}$

এবং উল্লম্ব বেগ,

$v_y(t=2) = v_0\sin\theta_0 - gt$
$= 40\text{ ms}^{-1}\times\sin30° - 9.8\text{ ms}^{-2}\times2\text{s}$
$= 0.4\text{ ms}^{-1}$

$\therefore\ v(t=2) = \sqrt{v_x^{\,2} + v_y^{\,2}}$

$= \sqrt{34.64^2\text{ ms}^{-1} + (0.4)^2\text{ ms}^{-1}}$
$= 34.64\text{ ms}^{-1}$

সুতরাং অনুভূমিকের সাথে উৎপন্ন কোণ 0.66° বেগ 34.64 ms^{-1}

এখানে,
নিক্ষেপণ কোণ, $\theta_0 = 30°$
এবং নিক্ষেপণ বেগ, $v_0 = 40\text{ ms}^{-1}$
বিবেচ্য সময়কাল, $t = 2\text{ s}$
2s সময় পর প্রক্ষেপকের বেগ, $v(t) = ?$
অনুভূমিকের সাথে উৎপন্ন কোণ, $\theta(t) = ?$
প্রক্ষেপকটি ভূমিতে কত বেগে আঘাত করবে $v(T) = ?$
প্রক্ষেপকটি ভূমিতে কত কোণে আঘাত করবে $\theta(T) = ?$

১৬। একটি বলকে ভূমির সাথে 30° কোণ করে ওপরের দিকে নিক্ষেপ করা হলে এটি 20 m দূরে একটি দালানের ছাদে গিয়ে পড়ে। নিক্ষেপ বিন্দু থেকে ছাদের উচ্চতা 5 m হলে বলটি কত বেগে ছোড়া হয়েছিল?

সমাধান: আমরা জানি,

$y = (\tan\theta_0)\,x - \frac{g}{2(v_0\cos\theta_0)^2}x^2$

বা, $5\text{ m} = (\tan30°)\times20\text{ m} - \frac{9.8\text{ms}^{-2}}{2(v_0\cos30°)^2}\times(20\text{m})^2$

বা, $5\text{ m} = 11.55\text{ m} - \frac{3920\text{m}^2\text{s}^2}{1.5v_0^{\,2}}$

বা, $v_0^{\,2} = \frac{3920\text{m}^3\text{s}^{-2}}{1.5v_0^{\,2}}$

$\therefore\ v_0 = 19.97\text{ ms}^{-1} \approx 20\text{ ms}^{-1}$ (প্রায়)

সুতরাং বলটিকে 20 ms^{-1} বেগে ছোড়া হয়েছিল।

এখানে,
নিক্ষেপণ কোণ, $\theta_0 = 30°$
অনুভূমিক দূরত্ব, $x = 20\text{ m}$
উল্লম্ব দূরত্ব, $y = 5\text{ m}$
নিক্ষেপণ বেগ, $v_0 = ?$

NOTEBASKET

www.Educationblog24.Com

১৭। **অনুভূমিকের সাথে 30° কোণ করে ভূ-পৃষ্ঠ থেকে 40 ms^{-1} বেগে একটি বুলেট ছোড়া হলো। বুলেটটি 30 m দূরে অবস্থিত একটি দেয়ালকে কত উচ্চতায় আঘাত করবে?**

সমাধান: ধরি, t সে. সময়ে বুলেটটি 30 m দূরত্ব অতিক্রান্ত করে।

$\therefore x = v_0 \cos\theta_0 \times t$

বা, $30 = 40 \cos 30° \times t$

বা, $30 = 40 \times 0.8660254 \times t$

বা, $t = \frac{30}{40 \times 0.8660254}$

$\therefore t = 0.866s$

আবার,

$h = 40 \sin\theta_0 t - \frac{1}{2} gt^2$

$= 40 \sin 30° \times 0.866 - \frac{1}{2} \times 9.8 \times (0.866)^2$

$= 40 \times \frac{1}{2} \times 0.866 - 4.9 \times 0.75$

$= 17.32 - 3.67$

$= 13.65$ m

$\therefore$ বলটি দেওয়ালের 13.65 m উচ্চতায় আঘাত করে।

এখানে,
নিক্ষেপণ কোণ, $\theta_0 = 30°$
নিক্ষেপণ বেগ, $v_0 = 40\ ms^{-1}$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$
অনুভূমিক দূরত্ব, $x = 30$ m
দেওয়ালের উচ্চতা, $y = ?$

বিকল্প পদ্ধতি:

আমরা জানি,

$y = x\tan\theta_0 - \frac{1}{2} \frac{gx^2}{v_0^2 \cos^2\theta_0}$

$= 30 \tan 30° - \frac{1}{2} \cdot \frac{9.8 \times (30)^2}{(40)^2 \times (\cos 30°)^2}$

$= 17.32 - 3.67$

$\therefore y = 13.65$ m

NOTEBASKET
www.Educationblog24.Com

১৮। **একটি ক্রিকেট বলকে 42 ms^{-1} বেগে অনুভূমিকের সাথে 60° কোণে নিক্ষেপ করা হলো। বলটির সর্বাধিক উচ্চতা ও অনুভূমিক পাল্লা নির্ণয় কর।**

সমাধান: আমরা জানি,

$H = \frac{v_0^2 \sin^2\theta_0}{2g} = \frac{(42)^2 (\sin 60^0)^2}{2 \times 9.8} = 67.5$ m

$\therefore H = 67.5$ m

আবার,

$R = \frac{v_0^2 \sin 2\theta_0}{g}$

$= \frac{(42)^2 \sin(2 \times 60)^0}{9.8}$

$= 155.88$ m

এখানে,
নিক্ষেপণ বেগ, $v_0 = 42\ ms^{-1}$
নিক্ষেপণ কোণ, $\theta_0 = 60°$
$g = 9.8\ ms^{-2}$
সর্বাধিক উচ্চতা, $H = ?$
অনুভূমিক পাল্লা, $R = ?$

সুতরাং বলটির সর্বাধিক উচ্চতা 67.5 m এবং অনভূমিক পাল্লা 155.88 m

১৯। একটি বস্তুকে অনুভূমিকের সাথে 55° কোণে 30 ms^{-1} বেগে নিক্ষেপ করা হলো। নির্ণয় কর: (ক) সর্বাধিক উচ্চতা, (খ) সর্বাধিক উচ্চতায় উঠার সময়, (গ) অনুভূমিক পাল্লা (ঘ) ভূমিতে আঘাত করার সময়।

সমাধান:

NOTEBASKET

(ক) আমরা জানি,
সর্বোচ্চ উচ্চতা,

$$H = \frac{v_0^2 \sin^2\theta_0}{2g} = \frac{30^2 \times \sin^2 55^\circ}{2 \times 9.8} = 30.8\ m$$

(খ) আমরা জানি,

$$t_m = \frac{v_0 \sin\theta_0}{g} = \frac{30 \times \sin 55^\circ}{9.8} = 2.51s$$

$\therefore t_m = 2.51s$
বস্তুটির সর্বাধিক উচ্চতায় উঠার সময় 2.51s

এখানে
নিক্ষেপণ কোণ, $\theta_0 = 55^\circ$
নিক্ষেপণ বেগ, $v_0 = 30\ ms^{-1}$
সর্বাধিক উচ্চতায় উঠার সময়, $t_m = ?$
উড্ডয়নকাল তথা ভূমিতে আঘাত করার সময়,
$T = ?$

(গ) অনুভূমিক পাল্লা,

$$R = \frac{v_0^2 \sin 2\theta_0}{g} = \frac{(30)^2 \sin(2 \times 55)^0}{9.8} = 86.3\,m$$

(ঘ) আমরা জানি,

$$T = \frac{2v_0 \sin\theta_0}{g} = \frac{2 \times 30 \times \sin 55^\circ}{9.8} = 5.02s$$

$\therefore T = 5.02s$
ভূমিতে আঘাত করার সময়, 5.02s

২০। একটি প্রাসের অনুভূমিক পাল্লা 96 m এবং আদিবেগ 66 ms^{-1}। নিক্ষেপ কোণ কত?

সমাধান: আমরা জানি, অনুভূমিক পাল্লা,

$$R = \frac{v_0^2 \sin 2\theta_0}{g}$$

বা, $96\ m = \frac{66 ms^{-1} \times 66 ms^{-1} \sin 2\theta_0}{9.8 ms^{-2}}$

বা, $\sin 2\theta_0 = \frac{9.8 \times 96}{66 \times 66}$

বা, $\sin 2\theta_0 = 0.216$
বা, $2\theta_0 = \sin^{-1}(0.216)$
বা, $2\theta_0 = 12.47$
$\therefore \theta_0 = 6.24^\circ$ (প্রায়)
অতএব, নিক্ষেপ কোণ, 6.24° (প্রায়)

এখানে
অনভূমিক পাল্লা, $R = 96\ m$
আদিবেগ, $v_0 = 66 ms^{-1}$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$
নিক্ষেপ কোণ, $\theta_0 = ?$

২১। একটি প্রাসের অনুভূমিক পাল্লা 89.53m এবং বিচরণকাল 6.3 s। নিক্ষেপ বেগ ও নিক্ষেপ কোণ নির্ণয় কর।

সমাধান: আমরা জানি,

$$R = \frac{v_0^2 \sin 2\theta_0}{g}$$

বা, $v_0^2 \sin 2\theta_0 = R\,g$
$= 89.53\ m \times 9.8\ ms^{-2}$
$= 877.394\ m2s2$ .....(১)

www.Educationblog24.Com

আবার,

$$T = \frac{2v_0 \sin\theta_0}{g}$$

বা, $v_0 \sin\theta_0 = T\frac{g}{2} = \frac{6.3s \times 9.8ms^{-2}}{2} = 30.87ms^{-1}$ .....(২)

(১) নং কে (২) নং দ্বারা ভাগ করে,

$$\frac{v_0^2 \sin 2\theta_0}{v_0 \sin\theta_0} = \frac{877.394m^2s^{-2}}{30.87ms^{-1}}$$

বা, $\frac{v_0^2 \times 2\sin\theta_0 \cos\theta}{v_0 \sin\theta_0} = 28.42$

বা, $v_0 \times 2\cos\theta_0 = 28.42$

বা, $v_0 \cos\theta_0 = 14.21$ .....(৩)

আবার,

(২) নং কে (৩) নং দ্বারা ভাগ করে,

$$\frac{v_0 \sin\theta_0}{v_0 \sin\theta_0} = \frac{30.87}{14.21}$$

বা, $\tan\theta = 2.17$

$\therefore \theta = 65.28°$

আবার,

$v_0 \cos 65.28° = 14.21$

বা, $v_0 = \frac{14.21}{\cos 65.28°} = 33.98ms^{-1}$

সুতরাং নিক্ষেপ কোণ 65.28° এবং বেগ $33.98\ ms^{-1}$

২২। কত কোণে নিক্ষেপ করলে একটি প্রাসের অনুভূমিক পাল্লা তার সর্বাধিক উচ্চতার সমান হবে?

সমাধানঃ প্রশ্নমতে,

$R = H$

বা, $\frac{v_0^2 \sin 2\theta_0}{g} = \frac{v_0^2 \sin^2\theta_0}{2g}$

বা, $\frac{\sin 2\theta_0}{1} = \frac{\sin^2\theta_0}{2}$

বা, $2\sin\theta_0 \cos\theta_0 = \frac{\sin^2\theta_0}{2}$

বা, $4\cos\theta_0 = \sin\theta_0$

বা, $\tan\theta_0 = 4$

বা, $\theta = \tan^{-1}(4)$

$\therefore \theta = 75.96°$

সুতরাং নিক্ষেপণ কোণ 75.96°

ধরা যাক,

নিক্ষেপণ বেগ = v_0

নিক্ষেপণ কোণ = θ_0

অভিকর্ষজ ত্বরণ = g

অনুভূমিক পাল্লা, $R = \frac{v_0^2 \sin 2\theta_0}{g}$

এবং সর্বাধিক উচ্চতা, $H = \frac{v_0^2 \sin^2\theta_0}{2g}$

NOTEBASKET
www.Educationblog24.Com

২৩। একটি প্রাসকে $10\ ms^{-1}$ বেগে নিক্ষেপ করলে প্রাসটির সর্বাধিক অনুভূমিক পাল্লা নির্ণয় কর।

সমাধান: আমরা জানি,

$$R_{max} = \frac{v_0^2}{g}$$

$$= \frac{(10 ms^{-1})^2}{9.8 ms^{-2}}$$

$$= 10.2 m$$

সুতরাং সর্বাধিক অনুভূমিক পাল্লা 10.2 m

ধরা যাক,
নিক্ষেপণ বেগ, $v_0 = 10\ ms^{-1}$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8\ ms^{-2}$
সর্বাধিক অনুভূমিক পাল্লা, $R_{max} = ?$

NOTEBASKET

২৪। একটি ঘড়ির ঘণ্টার কাঁটার কৌণিক বেগ কত?

সমাধান: আমরা জানি,

$$\omega = \frac{2\pi}{T}$$

$$= \frac{2\pi}{43200} rad\ s^{-1}$$

$$= 1.45 \times 10^{-4} rad\ s^{-1}$$

সুতরাং ঘড়ির ঘণ্টার কাঁটার কৌনিক বেগ $1.45 \times 10^{-4} rad\ s^{-1}$

এখানে,
পর্যায়কাল, $T = 12\ h$
$= (12 \times 60 \times 60)s$
$= 43200\ s$
কৌণিক বেগ, $\omega = ?$

২৫। একটি কণা 4.5 m ব্যাসার্ধের বৃত্তাকার পথে প্রতি মিনিটে 225 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত?

সমাধান: আমরা জানি,

$$\omega = \frac{2\pi}{T}$$

$$= \frac{2\pi N}{t} \left[\because T = \frac{t}{N}\right]$$

$$= \frac{2\pi \times 225}{60\ s} = 23.56\ rads^{-1}$$

আবার,

$$v = \omega \times r$$

$$= 23.56\ rad\ s^{-1} \times 4.5\ m$$

$$= 106.029\ ms^{-1}$$

সুতরাং কৌনিক বেগ $23.56\ rad\ s^{-1}$ এবং রৈখিক বেগ $106.029\ ms^{-1}$।

এখানে
সময়, $t = 1\ min = 60\ s$
আবর্তন সংখ্যা, $N = 225$
ব্যাসার্ধ, $r = 4.5\ m$
কৌণিক বেগ, $\omega = ?$
রৈখিক বেগ, $v = ?$

২৬। একটি সিডি প্রতি মিনিটে 45 বার ঘুরে। কেন্দ্র থেকে 9 cm দূরে কোনো বিন্দুর দ্রুতি কত?

সমাধান:

আমরা জানি,

$$v = \omega \times r$$

$$= \frac{2\pi N}{t} \times r$$

$$= \frac{2 \times 3.1416 \times 45 \times .09\ m}{60s}$$

$$= 0.42\ ms^{-1}$$

সুতরাং বিন্দুর দ্রুতি $= 0.42\ ms^{-1}$

এখানে
সময়, $t = 1\ min = 60\ s$
আবর্তন সংখ্যা, $N = 45$
ব্যাসার্ধ, $r = 9\ cm = 0.09\ m$
দ্রুতি, $v = ?$

www.Educationblog24.Com

২৭। **বৃত্তাকার পথে $3.14\ ms^{-1}$ সমদ্রুতিতে আবর্তনরত একটি কণা প্রতি সেকেন্ডে 10 টি পূর্ণ আবর্তন সম্পন্ন করে। বৃত্তাকার পথের ব্যাসার্ধ নির্ণয় কর।**

সমাধান: আমরা জানি,

$$v = r\omega = r \times \frac{2\pi N}{t} \left[\because \omega = \frac{2\pi N}{t}\right]$$

বা, $r = \frac{vt}{2\pi N} = \frac{3.14 ms^{-1} \times 1s}{2 \times 3.14 \times 10} = \frac{1}{20} m$

$\therefore r = 0.05\ m$

অতএব, বৃত্তাকার পথের ব্যাসার্ধ $0.05\ m$

এখানে,
বেগ $v = 3.14\ ms^{-1}$
সময়, $t = 1s$
আবর্তন সংখ্যা, $N = 10$
ব্যাসার্ধ, $r = ?$

২৮। **100 m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে সমদ্রুতিতে দৌড়রত একজন দৌড়বিদের কেন্দ্রমুখী ত্বরণ $0.16\ ms^{-2}$। তার দ্রুতি কত?**

সমাধান: আমরা জানি,

$$a = \frac{v^2}{r}$$

বা, $v^2 = ar$

বা, $v = \sqrt{ar}$

$= \sqrt{0.16\ ms^{-2} \times 100\ m} = 4\ ms^{-1}$

সুতরাং দ্রুতি $4\ ms^{-1}$

এখানে
ব্যাসার্ধ, $r = 100\ m$
কেন্দ্রমুখী ত্বরণ, $a = 0.16\ ms^{-2}$
দ্রুতি, $v = ?$

২৯। **একটি বস্তু 40 cm ব্যাসার্ধের বৃত্তাকার পথে প্রতি মিনিটে 45 বার আবর্তন করে। এর কেন্দ্রমুখী ত্বরণ কত?**

সমাধান: আমরা জানি, রৈখিক দ্রুতি,

$$v = \frac{2\pi r}{T} = \frac{2\pi \times 4\ m}{1.33s} = 1.89\ ms^{-1}$$

আমরা জানি,

$$a = \frac{v^2}{r}$$

$$= \frac{(1.89 ms^{-1})^2}{0.4 m} = \frac{3.57}{0.4} ms^{-2}$$

$= 8.9\ ms^{-2}$

সুতরাং কেন্দ্রমুখী ত্বরণ, $8.9\ ms^{-2}$

এখানে,
ব্যাসার্ধ, $r = 40\ cm = 0.4\ m$
ঘূর্ণন সংখ্যা, $N = 45$
পর্যায়কাল, $T = \frac{1 min}{45} = \frac{60s}{45} = 1.33s$
কেন্দ্রমুখী ত্বরণ, $a = ?$

৩০। **একটি বালক সুতায় বেঁধে একটি পাথরকে তার মাথার উপর দিয়ে অনুভূমিক বৃত্তাকার পথে ঘুরাচ্ছে। বৃত্তের ব্যাসার্ধ 0.96 m এবং একবার আবর্তনে 1.1s সময় লাগলে পাথরটির দ্রুতি এবং ত্বরণের মান নির্ণয় কর।**

সমাধান: আমরা জানি, রৈখিক দ্রুতি,

$$v = \frac{2\pi r}{T}$$

$$= \frac{2\pi \times 0.96\ m}{1.1\ s} = 5.48\ ms^{-1}$$

আবার, আমরা জানি,

$$a = \frac{v^2}{r} = \frac{(5.48 ms^{-1})^2}{0.96 m} = 31.28 ms^{-2}$$

অতএব, দ্রুতি $5.48\ ms^{-1}$ এবং কেন্দ্রমুখী ত্বরণ, $31.28\ ms^{-2}$

এখানে,
ব্যাসার্ধ, $r = 0.96\ m$
পর্যায়কাল, $T = 1.1\ s$
দ্রুতি, $v = ?$
কেন্দ্রমুখী ত্বরণ, $a = ?$

www.Educationblog24.Com

৩১। **60 m উচ্চতাবিশিষ্ট একটি পাহাড়ের চূড়া হতে একটি কামানের গুলি $25ms^{-1}$ বেগে আনুভূমিকের সাথে 53° কোণে ছোড়া হচ্ছে।**



(ক) কামানের গুলিটি ভূমি হতে সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে?

(খ) পাহাড়ের চূড়াহতে উদ্দীপকে বর্ণিত গুলির অনুরূপ একটি কামানের গুলি একই সময় একই বেগে অনুভূমিক বরাবর নিক্ষেপ করা হলে, কোনটি আগে মাটিতে আঘাত করবে? গাণিতিক বিশ্লেষণ কর। [কু.বো '১৫]

সমাধান:

(ক) আমরা জানি, সর্বোচ্চ উচ্চতা,

$$H = \frac{u^2 \sin^2\alpha}{2g} \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots (i)$$

(i) নং সমীকরণে মানগুলো বসিয়ে পাই,

$$H = \frac{25^2 \sin^2 53°}{2 \times 9.8}$$

$$= 20.34 \text{ m}$$

ভূমি হতে সর্বোচ্চ উচ্চতা = 60 + 20.34 = 80.34 m

এখানে,
নিক্ষেপণ বেগ, $u = 25 \text{ ms}^{-1}$
নিক্ষেপণ কোণ, $\alpha = 53°$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8 \text{ ms}^{-2}$
সর্বোচ্চ উচ্চতা, $H = ?$

(খ) ধরি, ১ম ক্ষেত্রে ভূমিতলে কামানের গোলা আসতে t_1 সময় ও দ্বিতীয় ক্ষেত্রে t_2 সময় নেয়।

১ম ক্ষেত্রে:

$$y = -u\sin\alpha\, t_1 + \frac{1}{2} g t_1^2$$

বা, $60 = -25 \sin 53° t_1 + 4.9 t_1^2$

বা, $4.9 t_1^2 - 19.97 t_1 - 60 = 0$

বা, $t_1 = \frac{19.97 \pm \sqrt{(-19.97)^2 - 4 \times 4.9 \times (-60)}}{2 \times 4.9}$

$$= \frac{19.97 \pm 39.68}{9.8}$$

$$= 6.09 \text{ s}, -2.01 \text{ s}$$

সময় ঋণাত্মক হতে পারে না, তাই প্রথম ক্ষেত্রে কামানের গুলি ভূমিতলে বা মাটিতে 6.09 s পর আঘাত করবে।

এখানে, উচ্চতা
$y = 60 \text{ m}$
সময়, $t_1 = ?$

২য় ক্ষেত্রে:

$$y = -u\sin\alpha\, t_2 + \frac{1}{2} g t_2^2$$

বা, $60 = -25 \sin 0° t_2 + 4.9 t_2^2$

বা, $4.9 t_2^2 = 60$

বা, $t_2 = \sqrt{\frac{60}{4.9}}$

$$= 2.5 \text{ s (প্রায়)}$$

(–) ve মানকে অগ্রাহ্য করে।

$t_1 = 6.09$ s ও $t_2 = 3.5$ s

অতএব আনুভূমিকভাবে নিক্ষিপ্ত কামানের গোলা আগে মাটিতে আঘাত করবে।

এখানে,
নিক্ষেপণ কোণ,
$\alpha = 0°$
উচ্চতা, $y = 60\text{m}$
সময়, $t_2 = ?$

www.Educationblog24.Com

৩২। চিত্রটি ভালভাবে লক্ষ্য কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ



শিকারী যখন বর্শাটি নিক্ষেপ করেন হরিণটি তখন স্থিরাবস্থা থেকে $10\ ms^{-2}$ সমত্বরণে PQ বরাবর দৌড়াতে থাকে।

(ক) উদ্দীপকে বর্শাটি এর নিক্ষেপণ বিন্দু হতে সর্বাধিক কত উচ্চতায় উঠবে?

(খ) বর্শাটি কি হরিণকে আঘাত করবে? তোমার উত্তরের সপক্ষে গাণিতিক যুক্তি উপস্থাপন কর। [চ.বো '১৫]

সমাধানঃ

(ক) আমরা জানি,

সর্বোচ্চ উচ্চতা,

$$H = \frac{u^2 \sin^2\alpha}{2g} \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots (i)$$

(i) নং সমীকরণে মানগুলো বসিয়ে পাই,

$$H = \frac{30^2 \sin^2 30°}{2 \times 9.8}$$

$$= 11.48m$$

এখানে,
নিক্ষেপণ বেগ, $u = 30\ ms^{-1}$
নিক্ষেপণ কোণ, $\alpha = 30°$
সর্বাধিক উচ্চতা, $H = ?$
$g = 9.8\ ms^{-2}$

(খ) ধরি, বর্শাটি t সময় পর R বিন্দুতে হরিণকে আঘাত করবে।



বর্শার জন্য অতিক্রান্ত আনুভূমিক দূরত্ব,

$$PR = u\cos\alpha t$$

$$= 30\cos 30°t = 25.98\ t$$

হরিণের জন্য আনুভূমিক দূরত্ব,

$$QR = \frac{1}{2}at^2$$

$$= \frac{1}{2} \times 10t^2$$

$$= 5t^2$$

এখানে,
হরিণের ত্বরণ,
$a = 10ms^{-2}$
$PQ = 32.94\ m$

উভয়ক্ষেত্রেঃ

$PR = PQ + QR$

বা, $25.98\ t = 32.94 + 5t^2$

বা, $5t^2 - 25.98\ t + 32.94 = 0$

যা t এর দ্বিঘাত সমীকরণ। সমীকরণটি t এর দুটি মানের জন্য সত্য হবে। t এর বাস্তব মানের জন্য বর্শাটি হরিণকে আঘাত করতে পারবে। t এর বাস্তব মানের জন্য সমীকলনটি নিরূপকের মান সর্বদা শূন্য বা ধনাত্বক হবে।

NOTEBASKET
www.Educationblog24.Com

সমীকরণটির নিরূপক,

$D = (-25.98)^2 - 4 \times 5 \times 32.94$

$= 16.16$ যা ধনাত্মক

ফলে বর্শাটি হরিণকে আঘাত করবে।

এখন,

$$t = \frac{25.98 \pm \sqrt{D}}{2 \times 5}$$

$$= \frac{25.98 \pm 4.02}{10}$$

$= 3$ s বা, 2.2 s (প্রায়)

বর্শার বিচরণকাল, $T = \frac{2u\sin\alpha}{g} = \frac{2 \times 30 \times \frac{1}{2}}{10} = 3$ s

ফলে বর্শা 3s পর হরিণকে আঘাত করতে সমর্থ হবে।

৩৩।



NOTEBASKET
www.Educationblog24.Com

উপরের চিত্রে একটি প্রাসের গতি দেখানো হলো। [$g = 10$ ms^{-2}]

(ক) প্রাসটির সর্বাধিক উচ্চতা হিসাব কর।

(খ) প্রাসটির অনুভূমিক পাল্লা এবং ab অংশের দৈর্ঘ্য গাণিতিক বিশ্লেষণের সাহায্যে তুলনা কর। [ব.বো '১৫]

সমাধান:

(ক) আমরা জানি,

সর্বোচ্চ উচ্চতা,

$$H = \frac{u^2 \sin^2\alpha}{2g} \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots (i)$$

(i) নং সমীকরণে মানগুলো বসিয়ে পাই,

$$H = \frac{30^2 \times \sin^2 30°}{2 \times 10}$$

$= 11.25$ m

উত্তর: সর্বাধিক উচ্চতা 11.25 m

এখানে,
নিক্ষেপন বেগ, $u = 30$ ms^{-1}
নিক্ষেপণ কোণ, $\alpha = 30°$
অভিকর্ষজ ত্বরণ, $g = 10$ ms^{-2}
সর্বাধিক উচ্চতা, $H = ?$

(খ) প্রাসটির অনুভূমিক পাল্লা,

$$R = \frac{u^2 \sin 2\alpha}{g}$$

$$= \frac{30^2 \sin(2 \times 30°)}{10}$$ [ক হতে ডাটা নিয়ে]

$= 77.94$ m

এখানে,
উচ্চতা, $y = 4$m
প্রয়োজনীয় সময়, $t = ?$

আমরা জানি,

$y = u \sin\alpha t - \frac{1}{2} st^2$

বা, $y = 30 \sin 30° t - \frac{1}{2} \times 10t^2$

বা, $y = 15t - 5t^2$

বা, $t^2 - 3t + 0.8 = 0$

বা, $t = \frac{3 \pm \sqrt{(-3)^2 - 4 \times 1 \times 0.8}}{2}$

$= 0.3$ s, 2.71 s

অর্থাৎ প্রাসটি 0.3 s পর 32.71 s পর একই উচ্চতায় অবস্থান করে।

চিত্র হতে স্পষ্টত যে, $t_1 = 0.3$s পর প্রাসটি অনুভূমিক ডানে oa দূরত্ব এবং $t_2 = 2.71$s পর আনুভূমিকভাবে ob দূরত্ব অতিক্রম করে।

তাহলে, oa $= u \cos \times t_1$

$= 30 \times \text{as } 30° \times 0.3$

$= 7.79$ m

এবং ob $= u \cos \times t_2$

$= 30 \times \cos 30° \times 2.71$

$= 70.41$ m

ab $= ob - oa$

$= 70.41 - 7.79$

$= 62.62$ m

আনুভূমিক পাল্লা R এর সাথে ab এর দৈর্ঘ্যের তুলনা করলে পাই,

$\therefore R : ab = 77.94 : 62.62$

৩৪। একটি বস্তুর সরণ (S) বনাম সময় (t)-এর লেখচিত্র দেখানো হলো ঃ—



চিত্র : S-t লেখচিত্র। ⟶ t (sec)

(ক) লেখচিত্রের AB অংশে বস্তুর ত্বরণের মান নির্ণয় কর।

(খ) লেখচিত্রের BC রেখাটি বস্তুটির সমবেগ না স্থিরাবস্থা নির্দেশ করবে? গাণিতিকভাবে যাচাই কর। [রা.বো '১৬]

সমাধান:

(ক) আমরা জানি,

$s = vt$ [যেখানে v হলো সমবেগ]

এবং $s = ut + \frac{1}{2} at^2$ [যেখানে u হলো আদিবেগ এবং a হলো ত্বরণ]

NOTEBASKET
www.Educationblog24.Com

সরণ (s) বনাম সময় (t) এর লেখচিত্র পর্যবেক্ষণ করি।
যখন, সময় $t = 0$, তখন, $s = 0$
যখন, সময় $t = 1$, তখন, $s = 1$ cm
যখন, সময় $t = 2$, তখন, $s = 2$ cm
A বিন্দুতে সময়, $t = 35$ এবং সরণ, $s = 3$ cm
B বিন্দুতে সময়, $t = 4s$ এবং সরণ $s = 4$ cm

আমরা জানি, বেগ $= \frac{\text{সরণের পরিবর্তন বা বৃদ্ধি}}{\text{সময়ের পরিবর্তন বা বৃদ্ধি}}$

AB অংশের জন্য B বিন্দুতে বেগ,

$$V_B = \frac{4-3}{4-3} = 1 \text{ cm s}^{-1}$$

আবার, OA অংশের জন্য A বিন্দুতে বেগ,

$$V_A = \frac{3-0}{3-0} = 1 \text{ cm s}^{-1}$$

আবার, আমরা জানি, ত্বরণ $= \frac{\text{বেগের পরিবর্তন}}{\text{সময়ের পরিবর্তন}}$

তাহলে, AB অশের ত্বরণ

$$a = \frac{V_B - V_A}{t_B - t_A} = \frac{1-1}{4-3} = \frac{0}{1} = 0$$

∴ AB অংশের ত্বরণ শূন্য।

এখানে,
সময়, $t_B = 4s$
এবং $t_A = 3s$

(খ) লেখচিত্রে BC অংশের জন্য সময়ের পরিবর্তনে দূরত্বের কোনো পরিবর্তন হচ্ছে না। $t = 4$ s থেকে $t = 8$ s পর্যন্ত বস্তুটি 5m দূরত্বই অতিক্রম করে।
∴ BC অংশ বস্তুর স্থিরাবস্থা নির্দেশ করে।

৩৫। কোনো এক বৃষ্টির দিনে আসাদ ঘরের দরজায় দাঁড়িয়ে বৃষ্টি দেখছিল। বৃষ্টি উলম্বভাবে 6 kmh^{-1} বেগে পড়ছিল। এমন সময় আসাদ দেখল এক ব্যক্তি উলম্বের সাথে 33.8° কোণে ছাতা ধরে পায় হেঁটে চলছে। অপর এক ব্যক্তি উলম্বের সাথে 53.06° কোণে ছাতা ধরে সাইকেলে চলছে। উভয়ই বৃষ্টি থেকে রক্ষা পেল।

(ক) পায় হেঁটে চলা ব্যক্তির বেগ নির্ণয় কর।
(খ) বৃষ্টি থেকে রক্ষা পাওয়ার জন্য ব্যক্তিদ্বয়ের ভিন্ন কোণে ছাতা ধরার কারণ ব্যাখ্যা কর। [য.বো '১৬]

সমাধান:



(ক) পায়ে হাটা লোকের জন্য,
আমরা জানি,

$$\tan\theta = \frac{v_m}{v_r}$$

বা, $\tan 33.8° = \frac{v_m}{6}$

বা, $v_m = 4.02$ kmh^{-1}
$= 4$ kmh^{-1} (প্রায়)

এখানে,
লোকের বেগ $= V_m$
বৃষ্টির বেগ, $V_r = 6$ kmh^{-1}
$\theta = 33.8°$

www.Educationblog24.Com

(খ) (ক) এর শর্তে সাইকেলে চড়া ব্যক্তির বেগ $v_m{}^1$ হলে,

$$\tan 53.06° = \frac{v_m{}^1}{v_r}$$

বা, $v_m{}^1 = 8\ kmh^{-1}$ (প্রায়)

ব্যক্তিদ্বয়ের বেগ একই ছিল। যার বেগ বেশি ছাতা তার দিকে হেলে ধরতে হবে। ফলে ছাতা ভিন্ন কোণে ধরতে হয়েছে।

৩৬। ফিফা ফুটবল ওয়ার্ল্ড কাপ কোয়ালিফায়িং ম্যাচে বাংলাদেশ-তাজিকিস্তানের মধ্যকার খেলায় বাংলাদেশ টিমের 'জাহিদ হাসান এমিলি' তাজিকিস্তানের গোলপোস্টের 35m সামনে থেকে বলে কিক করলেন। বলটি ভূমির সাথে 45° কোণে $20ms^{-1}$ বেগে গোল পোস্টের দিকে উড়ে গেল। কিকের অবস্থান হতে 4m দূরে তাজিকিস্তানের 2 জন খেলোয়াড় বলটিকে প্রতিরোধ করার জন্য দাঁড়িয়েছিল। গোলরক্ষক গোলপোস্টের যে প্রান্তে দাঁড়িয়েছিল বলটি তার বিপরীত প্রান্ত দিয়ে পোস্টের দিকে ধেয়ে গেল। গোলপোস্টের উচ্চতা 2.4m।

(ক) প্রতিরোধকারী খোলোয়াড়ের মাথার উপরে উড়ন্ত বলটির বেগ কত? নির্ণয় কর।

(খ) এমিলির কিক হতে গোল হবে কিনা— গাণিতিক বিশ্লেষণ কর। [দি.বো '১৬]

সমাধান: উদ্দীপক অনুযায়ী চিত্র:



এমিলির অবস্থান O বিন্দু। গোলপোস্টের অবস্থান AB তাজাকিস্তানের অপর দু'জন খেলোয়াড়ের অবস্থান C ও D. গোলকিপারের অবস্থান B

(ক) ধরি, C, D বিন্দুতে দাড়িয়ে থাকা খেলোয়ার ঘরের উপর দিয়ে বল যেতে t সময় নেয় তাহলে,

$OC = u \cos \alpha \times t$

বা, $4 = 20 \cos 45° \times t$

$\therefore t = 0.283\ s$

এখানে,
কিকের বেগ, $u = 2\ ms^{-1}$
নিক্ষেপণ কোণ, $\alpha = 45°$
$OC = 4m$

t সময় পর বেগ v হলে,

V এর আনুভূমিক উপাংশ, $v_x = u \cos \alpha = 20 \cos 45° = 14.14\ ms^{-1}$

V এর উলম্ব উপাংশ, $v_y = u \sin \alpha - gt = 20 \sin 45° - 4.8 \times 0.283 = 11.37\ ms^{-1}$

$\therefore$ নির্ণেয় বেগ, $v = \sqrt{v_x{}^2 + v_y{}^2}$

$= \sqrt{(14.14)^2 + (11.37)^2}$

$= 18.14\ ms^{-1}$

(খ) ধরি, OA = 35 m দূরত্ব অতিক্রম করতে t সময় লাগে এবং এই সময়ে বলটির উলম্ব সরণ হয় y তাহলে,

$OA = u \cos \alpha\ t$

বা, $35 = 20 \cos 45°\ t$

বা, $t = 2.48\ s$

$t = 2.48$ s সময় পর উলম্ব সরণ

$$y = u \sin \alpha\ t - \frac{1}{2} gt^2$$

$= 20 \sin 45° \times 2.48 - 4.9 \times 2.48^2$

$= 35 - 30.14$

$= 4.86 > 2.4$ m

গোলপোষ্টের উচ্চতা 2.4 m ফলে এমিলির কিক করা বলটি গোলপোষ্টের বারের উপর দিয়ে চলে যাবে। অতএব গোল হবে না।

www.Educationblog24.Com

৩৭। A বিন্দুতে আঘাত করার জন্য B ও D বিন্দুতে অবস্থানরত দুই বন্ধু একই সময়ে চিত্রের ন্যায় ঢিল নিক্ষেপ করে। $[g = 9.8\ ms^{-2}]$



(ক) B বিন্দুতে অবস্থানরত বন্ধুর নিক্ষিপ্ত ঢিলটির 0.2s পর বেগ কত হিসাব কর।

(খ) কোন বন্ধুর নিক্ষিপ্ত ঢিলটি A বিন্দুকে আগে স্পর্শ করবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। [কু.বো '১৬]

সমাধান:

(ক) B বিন্দুতে অবস্থানরত ব্যাক্তির ঢিল 0.2 s পর v বেগ প্রাপ্ত হলে,

v এর অনুভূমিক উপাংশ, $v_x = u\cos\alpha = 10\cos 35° = 8.2\ ms^{-1}$

v এর উলম্ব উপাংশ, $v_y = u\sin\alpha - gt = 10\sin 35° - 9.8 \times 0.2 = 3.8\ ms^{-1}$

$\therefore v = \sqrt{v_x^2 + v_y^2}$

$= \sqrt{(8.2)^2 + (3.8)^2}$

$= 9.04\ ms^{-1}$

উত্তর: $9.04\ ms^{-1}$

(খ) B বিন্দুতে অবস্থানরত ব্যক্তির ঢিলাটি t_1 সময় পর 1.5 m উচ্চতায় আঘাত করবে কিনা তার গাণিতিক বিশ্লেষণ:

আনুভূমিক দূরত্ব = 6.3 m

বা, $u\cos\alpha\, t_1 = 6.3$

বা, $10\cos 35°\, t_1 = 6.3$

বা, $t_1 = 0.77$ s

$t_1 = 0.77$ s এ উলম্ব সরণ y হলে,

$y = u\sin\alpha\, t_1 - \frac{1}{2} s t_1^2$

$= 10\sin 35° \times 0.77 - \frac{1}{2} \times 9.8 \times 0.77^2$

$= 4.42 - 2.91$

$= 1.51$ m

≈ 1.5 m

B বিন্দুতে অবস্থানরত ব্যক্তিট ঢিলাটি 0.7 s পর AC = 1.5 মিটার উচ্চতায় A বিন্দুতে স্পর্শ করবে।

ধরি; D বিন্দুতে অবস্থানরত ব্যক্তির ঢিলাটি t_2 সময় পর আনুভূমিকভাবে 6.3 m দূরত্ব অতিক্রম করে।

আমরা জানি আনুভূমিক দূরত্ব,

$x = ut_2$

বা, $6.3 = 10\, t_2$

বা, $t_2 = 0.63$ s

$t_2 = 0.633$ এ উলম্ব সরণ y হলে,

$y = \frac{1}{2} g t_2^2$

$= \frac{1}{2} \times 9.8 \times 0.63^2$

$= 1.945$

এখানে,
$x = 6.3$ m
$u = 10\ ms^{-1}$
$t = ?$

কিন্তু এখানে উলম্ব সরণ, DA = 4.9 – 1.5 = 3.4 m হলে ঢিলাটি A বিন্দুকে স্পর্শ করত। অতএব ঢিলাটি A বিন্দুতে স্পর্শ করবে না এবং A বিন্দুর উপর দিয়ে যাবে।

www.Educationblog24.Com

৩৮। দুই বন্ধু সুমন ও রানা দেখলো যে, ভূ-পৃষ্ঠস্থ O বিন্দু হতে একটি বস্তুকে $32ms^{-1}$ বেগে $30°$ কোণে নিক্ষেপ করায় 85m দূরে অবস্থিত 2m উঁচু AB দেয়ালের উপর দিয়ে বস্তুটি ভূ-পৃষ্ঠে পতিত হয়।



(ক) O বিন্দু হতে নিক্ষেপণের 1.2 s সময় পরে নিক্ষেপ্ত বস্তুটির বেগ নির্ণয় কর।

(খ) উদ্দীপক অনুসারে নিক্ষেপণ কোণের সর্বনিম্ন কি পরিবর্তন করলে প্রাসটি AB দেয়ালে বাঁধা পাবে? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। [ঢা.বো '১৭]

সমাধান: অংকটি ঠিক আছে কিনা তার পরীক্ষা:

$$y = x\tan\alpha\left(1-\frac{x}{R}\right) \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots \text{(i)}$$

এখানে,
$u = 32\ ms^{-1}$
$x = 85\ m$
$\alpha = 30°$

এবং $R = \dfrac{u^2\sin 2\alpha}{g}$

$= \dfrac{32^2\sin 60°}{9.8}$

$= 90.5\ m$

$\therefore y = 85.\tan 30°\left(1-\dfrac{85}{90.5}\right)$

$= 2.98\ m$

সুতরাং উদ্দীপকের কথা ঠিক নাই।

(ক) ৩৭ এর (ক) এর অনুরূপ:

$v = \sqrt{V_x^2 + V_y^2}$

$= \sqrt{(32\cos 30°)^2 + (32\sin 30° - 9.8\times 1.2)^2}$

$= \sqrt{768 + 17.98}$

$= 28.04\ ms^{-1}$

$\approx 28\ ms^{-1}$

(খ) অংকটিকে পরীক্ষা করে দেখা হয়েছে যে, $30°$ কোণে নিক্ষেপ করলে তা AB দেয়ালের উপর দিয়ে চলে যায়।

ধরি, নিক্ষেপণ কোণ φ হলে তা AB দেয়ালে A বিন্দুতে বাধা পাবে।

তাহলে, (i) নং সমীকরণ অনুযায়ী α এর স্থলে φ বসিয়ে লেখা যায়,

$y = x\tan\varphi\left(1-\dfrac{x}{R}\right)$

বা, $2 = 85\tan\varphi\left(1-\dfrac{85}{90.5}\right)$

বা, $\tan\varphi = \dfrac{2\times 90.5}{85\times 5.5}$

বা, $\varphi = 21.16°$

নিক্ষেপণ কোণের মানের ন্যূনতম পরিবর্তন $= 30° - 21.16° = 8.84°$. হলে প্রাসটি AB দেয়ালে বাঁধা পাবে। এখানে নিক্ষেপণ কোণের পরিমাণ ন্যূনতম $8.84°$ কমাতে হবে।

www.Educationblog24.Com

৩৯। একটি ফুটবল প্রশিক্ষণকালে দুজন খেলোয়াড় উভয়ই $10ms^{-1}$ বেগে যথাক্রমে $30°$ এবং $60°$ কোণে ফুটবল কিক করলেন। একজন গোলকিপার বল দুটিকে মাটিতে পড়বার ঠিক আগে মুহূর্তে ধরবার জন্য দাড়িয়েছিলেন।

(ক) ১ম খেলোয়াড়ের ক্ষেত্রে 1sec. পরে বলটির বেগের মান কত?

(খ) গোলকিপার স্থান পরিবর্তন না করে ভিন্ন সময়ে বল দুটি ধরতে সক্ষম হবে– এর সত্যতা গাণিতিকভাবে যাচাই কর। [কু.বো '১৭]

সমাধান:

(ক) ৩৭ এর (ক) এর অনুরূপ।

(খ) আমরা জানি একই আদিবেগ ও পরস্পর পূরক কোণের জন্য দুটি বিচরণ পথ আছে যাদের পাল্লা একই। বিচরণ পথ দুটির বিচরণ কাল T_1 ও T_2 হলে,

আমরা জানি,

$$T = \frac{2\,u\sin\alpha}{g}$$

NOTEBASKET

যখন, $\alpha = 30°$, $u = 10\ ms^{-1}$ তখন, $T_1 = \frac{2 \times 1 \times \frac{1}{2}}{9.8} = 1.02\ s$

যখন, $\alpha = 60°$, $R = 10\ ms^{-1}$ এখন, $t_2 = \frac{2 \times 10 \times \frac{\sqrt{3}}{2}}{4.8} = 1.77\ s$

ধরি, গোলকিপার নিক্ষেপণ বিন্দু হতে আনুভূমিকভাবে x দূরত্বে আছে,

তাহলে,

$x = u\cos\alpha t$
$= 10\cos 30° \times 1.02$
$= 8.83\ m$

এখানে,
$u = 10\ ms^{-1}$
$\alpha = 30°$
$t = T_1 = 1.02\ s$

পুনরায় ধরি, গোলকিপার নিক্ষেপণ বিন্দু হতে আনুভূমিকভাবে x^1 দূরত্বে আছে। তাহলে,

$x^1 = u\cos\alpha\, t$
$= 10\cos 60° \times 1.77$
$= 8.85\ m$

এখানে,
$u = 10\ ms^{-1}$
$\alpha = 60°$
$t = T_2 = 1.77\ s$

8.83, 8.85 এর অতি নিকটবর্তী ফলে ধরা যায় $x = x^1$

অতএব গোলকিপার স্থান পরিবর্তন না করে ভিন্ন সময়ে বল দুটি ধরতে সক্ষম হবে।

৪০। নিচে বেগ বনাম সময়ের লেখচিত্র দেখানো হলো:



(ক) উদ্দীপক অনুসারে বস্তুটির OA অংশের ত্বরণ নির্ণয় কর।

(খ) উদ্দীপকের লেখচিত্র অনুসারে বস্তুটির OA এবং AB অংশের দূরত্ব এক না ভিন্ন গাণিতিকভাবে যাচাই কর। [রা.বো '১৭]

সমাধান:

(ক) গ্রাফ হতে,
$t_0 = 0, \quad v_0 = 0$
$t = 2s, \quad v = 3\ ms^{-1}$

www.Educationblog24.Com

তাহলে ত্বরণ,

$$a = \frac{v - v_0}{t - t_0}$$
$$= \frac{3 - 0}{2 - 0}$$
$$= 1.5\ ms^{-2}$$

(খ) OA অংশের দূরত্ব, $S_1 = \frac{1}{2}at^2 = \frac{1}{2} \times 1.5 \times 2^2 = 3m$

অথবা $[S_1 = \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{1}{2} \times 2 \times 3 = 3m]$

AB অংশের দূরত্ব, $S_2 = vt = 3 \times (4 - 2) = 3 \times 2 = 6m$

$\therefore S_1 \neq S_2$ অতএব OA ও AB অংশদ্বয়ের দূরত্ব ভিন্ন।

৪১। একজন গলফ খেলোয়াড় চিত্র (i) ও চিত্র (ii) পরিস্থিতিতে বল গর্তে ফেলার জন্য O বিন্দু থেকে বলকে আঘাত করে।



চিত্র-(i)



চিত্র-(ii)

(ক) 2 সেকেন্ড পর বলের বেগ কত?

(খ) উদ্দীপকের কোন চিত্রের বলটি গর্তে পড়বে– গাণিতিক বিশ্লেষণপূর্বক মন্তব্য কর। [য.বো '১৭]

সমাধান:

(ক) ৩৭নং এর (ক) অনুরূপ।

উত্তর: $v = \sqrt{(20\sqrt{2})^2 + (20\sqrt{2} - 9.8 \times 2)^2} = 29.6\ ms^{-1}$

(খ) ১নং চিত্রে : গাছে বাধা পাবে কিনা তার যাচাইকরণ:

আমরা জানি,

$$y = x\tan\alpha\left(1 - \frac{x}{R}\right) \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots \text{(i)}$$

এখন,

$$R = \frac{u^2 \sin 2\alpha}{g}$$
$$= \frac{u^2}{g}$$
$$= \frac{40^2}{9.8}$$
$$= 163.27\ m$$

এখানে,
$u = v_0 = 40\ ms^{-1}$
$\alpha = 45°$
$x = 30\ m$

(i) নং সমীকরণ হতে পাই,

$$y = 30\tan 45° \left(1 - \frac{30}{163.27}\right)$$
$$= 24.5m > 20\ m$$

অতএব নিক্ষেপণ বিন্দু হতে 30 m দূরে 24.5 m উচু দিয়ে বলটি গিয়ে 163.27 m দূরে ভূমিতে আঘাত করবে।

www.Educationblog24.Com

২নং চিত্রে একই সমীকরণ (i) প্রয়োগ করে পাই,

$$y = 100 \tan 45° \left(1 - \frac{100}{163.27}\right)$$

$$= 38.75 \text{ m} > 20 \text{ m}$$

ফলে বলটি গাছ দ্বারা বাধা প্রাপ্ত হবে না এবং তাহলে উভয় ক্ষেত্রে বলটি 163.27 m অনুভূমিক দূরত্ব অতিক্রম করবে। যেহেতু নিক্ষেপণ বিন্দু হতে গর্তের দূরত্ব 160 m যা আনুভূমিক দূরত্ব অপেক্ষা কম ফলে বল দুটি গর্ত ছেড়ে 3.27 m সামনে পড়বে।

অর্থাৎ কোনো চিত্রে বল গর্তে পড়বে না।

৪২। নিচের ছকে 10gm ভরের একটি গতিশীল কণার সময়ের সাপেক্ষে বেগ ও সরণ দেখানো হল:

t(s)	0	2	4	6	8	10
V(ms^{-1})	2	6	10	14	18	22
S(m)	0	8	22	48	80	120

(ক) উদ্দীপকের কণাটির নবম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর।

(খ) কণাটির 6 সেকেন্ডে সম্পাদিত কাজ এবং 6তম সেকেণ্ডে সম্পাদিত কাজ একই কিনা বিশ্লেষণপূর্বক মতামত দাও। [চ.বো '১৭]

সমাধান: ছক হতে,

আদিবেগ, $u = v_0 = 2 \text{ ms}^{-1}$ যখন, $t = t_0 = 0s$

$t = 25$ পর বেগ, $v = 6 \text{ ms}^{-1}$

এক্ষেত্রে, ত্বরণ, $a = \frac{v - v_0}{t - t_0} = \frac{6-2}{2-0} = \frac{4}{2} = 2 \text{ms}^{-2}$

প্রতি 2s পর বেগের বৃদ্ধি 4ms^{-1} পাওয়া যায় ফলে বলা যায় কণাটি সমত্বরণে চলমান।

(ক) আমরা জানি, t-তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব,

$$s_t = u + \frac{1}{2} a (2t - 1)$$

$$\therefore s_9 = 2 + \frac{1}{2} \times 2 \times (2 \times 9 - 1)$$

$$= 2 + 17$$

$$= 19 \text{ m}$$

এখানে,
$u = v_0 = 2 \text{ms}^{-1}$
$a = 2 \text{ms}^{-2}$
$t = 9s$

(খ) 6 সেকেন্ডের সম্পাদিত কাজ,

$$W = F.s$$

$$= mas$$

$$= 0.01 \times 2 \times 48$$

$$= 0.96 \text{ J}$$

6 তম সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব,

$$s_6 = u + \frac{1}{2} a (2t - 1)$$

$$= 2 + \frac{1}{2} \times 2 (2 \times 6 - 1)$$

$$= 13 \text{ m}$$

এখানে,
6 সেকেন্ডের সরণ,
$s = ut + \frac{1}{2} + at^2 = 2 \times 6 + \frac{1}{2} \times 2 \times 6^2 = 48 \text{ m}$
$a = 2 \text{ ms}^{-2}$
$m = 10 \text{ gm} = 0.01 \text{ kg}$

6 তম সেকেন্ডের কৃতকাজ,

$$w^1 = mas_6$$

$$= 0.01 \times 2 \times 13$$

$$= 0.26 \text{ J} < 0.96 \text{ J}$$

$w > w^1$ ফলে 6 সেকেন্ডের কৃতকাজ এবং 6 তম সেকেন্ডের কৃতকাজ এক নয়।

www.Educationblog24.Com
NOTEBASKET

৪৩। দু'টি গাড়ি A ও B যথাক্রমে $V_A = 0$ এবং $V_B = 22.5 ms^{-1}$ বেগে যাত্রা শুরু করে ১ম 15sec যথাক্রমে $a_A = 1 ms^{-2}$ ত্বরণে চলে। পরবর্তীতে গাড়ি দু'টি আরো 15sec সমবেগে চলমান ছিল।

(ক) যাত্রা শুরুর কত সময় পর গাড়ি দুটির বেগ সমান হবে?

(খ) কোন গাড়িটি অধিকতর দূরত্ব অতিক্রম করবে? গাণিতিক বিশ্লেষণপূর্বক মন্তব্য কর। [সি.বো '১৭]

সমাধান: এখানে,

A গাড়ির জন্য	B গাড়ির জন্য
$v_A = 0$	$v_B = 22.5\ ms^{-1}$
$a_A = 1\ ms^{-2}$	$a_B = -1 ms^{-2}$

(ক) ধরি, A ও B গাড়ি দুটির বেগ t সময় পর v হবে।

তাহলে,

A গাড়ির জন্য, $v = v_A + a_A t$

B গাড়ির জন্য $v = v_B + a_B t$

শর্তানুযায়ী,

$v_A + a_A t = v_B + a_B t$

বা, $a_A t - a_B t = v_B - v_A$

বা, $t(a_A - a_B) = v_B - v_A$

বা, $t = \frac{v_B - v_A}{a_A - a_B}$

$= \frac{22.5 - 0}{1 - (-1)}$

$= \frac{22.5}{2}$

$= 11.25\ s$

$\therefore$ 11.25 s পর A ও B গাড়ি দুটির বেগ সমান হবে।

(খ) আমরা জানি,

সরণ, $S = ut + \frac{1}{2}at^2$

বেগ, $v = u + at$

A গড়ির জন্য:

$S'_A = v_A t + \frac{1}{2}a_A t^2$

$= 0 \times 15 + \frac{1}{2} \times 1 \times 15^2$

$= 112.5\ m$

এখানে,
$t = 15\ s$

15 s পর বেগ, v_d হলে,

$v_d = 0 + 1 \times 15$

$= 15\ ms^{-1}$

A গাড়ি $v_t = 15\ ms^{-1}$ সমবেগে আরো 15 s চলে।

এক্ষেত্রে অতিক্রান্ত দূরত্ব, $S_A'' = v_d t$

$= 15 \times 15$

$= 225\ m$

$\therefore$ A গাড়ি কর্তৃক মোট অতিক্রান্ত দূরত্ব,

$S_A = S_A' + S_A'' = 112.5 + 225 = 337.5\ m$

www.Educationblog24.Com

B গাড়ির জন্য:

$$S_B' = v_B t + \frac{1}{2} a_B t^2$$

$$= 22.5 \times 15 + \frac{1}{2} \times (-1) \times 15^2$$

15s পর বেগ v হলে,

$$v = v_B + at$$
$$= 22.5 + (-1) \times 15$$
$$= 7.5 \text{ ms}^{-1}$$

পরবর্তী 15 s B গাড়িট $v = 7.5 \text{ ms}^{-1}$ সমবেগে চলেছে। এক্ষেত্রে অতিক্রান্ত দূরত্ব,

$$S_B'' = vt$$
$$= 7.5 \times 15$$
$$= 112.5 \text{ m}$$

∴ B গাড়ি কর্তৃক মোট অতিক্রান্ত দূরত্ব,

$$S_B = s_B' + s_B''$$
$$= 225 + 112.5$$
$$= 337.5 \text{ m}$$

সুতরাং A ও B উভয় গাড়ি 337.5 m দূরত্ব বা একই দূরত্ব অতিক্রম করেছে।

৪৪। একজন ফুটবল খেলোয়াড় গোলপোস্টের 25m সামনে হতে ভূমির সাথে 20° কোণে এবং 20ms^{-1} বেগে ফুটবলকে কিক করে। গোলপোস্টের উচ্চাতা 2m।

(ক) 1 sce পর বলটির বেগ নির্ণয় কর।

(খ) উক্ত বল হতে গোল হওয়ার সম্ভাবনা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। [দি.বো '১৭]

সমাধান:

(ক) ৩৭ এর (ক) অনুরূপ।

Hints:

$$V = \sqrt{v_x^2 + v_y^2}$$
$$= \sqrt{(u\cos\alpha)^2 + (u\sin\alpha - gt)^2}$$
$$= \sqrt{(20\cos 20°)^2 + (20\sin 20° - 9.8 \times 1)^2}$$
$$= \sqrt{353.21 + 8.76}$$
$$= 19 \text{ ms}^{-1}$$

(খ) আমরা জানি,

$$y = x\tan\alpha\left(1 - \frac{x}{R}\right) \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots \text{(i)}$$

এবং $R = \dfrac{u^2 \sin 2\alpha}{g}$ ..... (ii)

(ii) নং হতে পাই,

$$R = \frac{20^2 \sin(2 \times 20°)}{9.8}$$
$$= 26.24 \text{ m}$$

(i) নং সমীকরণ হতে পাই,

$$y = 25\tan 20°\left(1 - \frac{25}{26.24}\right)$$
$$= 0.42 \text{ m}$$

গোলপোষ্টের উচ্চতা 2m যা $y = 0.42$ m হতে কম বিধায় গোল হওয়ার সম্ভাবনা রয়েছে।

এখানে,
আনুভূমিক দূরত্ব, $x = 25$ m
নিক্ষেপণ কোণ, $\alpha = 20°$
নিক্ষেপণ বেগ, $u = 20 \text{ ms}^{-1}$
অভিকর্ষজ ত্বরণ, $g = 9.8 \text{ ms}^{-2}$
উলম্ব সরণ, $y = ?$
আনুভূমিক পাল্লা $= R$

www.Educationblog24.Com
NOTEBASKET

৪৫। সাব্বির ব্যাট দিয়ে একটি ক্রিকেট বলকে আঘাত করায় এটি অনুভূমিকের সাথে 45° কোণ করে 25 ms^{-1} বেগে চলতে লাগলো। বাউন্ডারি লাইন থেকে একই সরলরেখা বরাবর বলের গতির বিপরীত দিকে 4 ms^{-1} বেগে একজন ফিল্ডার দৌড়ে এসে বলটিকে ধরার চেষ্টা করল। ব্যাটসম্যান থেকে বাউন্ডারি লাইনের দূরত্ব 100 m।

(ক) বলটি সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে?

(খ) ফিল্ডারের ক্যাচ ধরার সম্ভাব্যতা গাণিতিকভাবে বিশ্লেষণ করে মতামত দাও। [মাদ্রাসা বোর্ড '১৭]

সমাধান:

(ক) ৩২ এর ক অনুরূপ।

Hints: $H = \frac{u^2 \sin^2 \alpha}{2g} = \frac{25^2 \sin(2 \times 45°)}{2 \times 9.8} = 31.89 \text{ m} \approx 31.9 \text{ m}$

(খ) বলটির আনুভূমিক পাল্লা,

$$R = \frac{u^2 \sin 2\alpha}{g} = \frac{25^2 \times \sin 90°}{9.8} = 63.78 \text{ m}$$

ভ্রমণকাল,

$$T = \frac{2u \sin\alpha}{g} = \frac{2 \times 25 \times \sin 45°}{9.8} = 3.61 \text{ s}$$

ফিল্ডারকে অতিক্রম করতে হবে,

$100 - 63.78 = 36.22$ m দূরত্ব।

শর্তানুযায়ী, ফিল্ডারকে 36.22 m দূরত্ব 3.16 s এ অতিক্রম করতে হবে।

আমরা জানি,

$s = vt$

বা, $36.22 = 4t$

$\therefore t = 9.055 \text{ s} \neq 3.61 \text{ s}$

ফলে ফিল্ডার বলটি ধরতে সক্ষম হবে না।

এখানে, ধরি,
সরণ, $s = 36.22$ m
বেগ, $v = 4 \text{ ms}^{-1}$
সময় $= t$

৪৬।



চিত্রে একটি বিল্ডিং -এর উপর হতে অনুভূমিকভাবে একটি বলকে ছুঁড়ে দেয়া হলো। করিম বলটির গতিপথের দিকে তাকিয়ে ধারণা করল যে, 2 sec পরে θ এর মান 62° হলে বলটি কর্তৃক অতিক্রান্ত উল্লম্ব দূরত্ব বিল্ডিং হতে বলটির অনুভূমিক দূরত্বের সমান হবে।

(ক) P বিন্দুতে বলটির বেগ নির্ণয় কর।

(খ) করিমের ধারণা কি সঠিক ছিল? গাণিতিক যুক্তির সাহায্যে যাচাই কর। [অভিন্ন প্রশ্ন (খ সেট) '১৮]

সমাধান:

(ক) ধরি, P বিন্দুতে বলটির বেগের মান v

তাহলে, v এর আনুভূমিক উপাংশ, $v_x = v \cos\theta = u \cos\alpha$

এখানে,

$\theta = 60°, \alpha = 0°, u = 8.2 \text{ ms}^{-1}$

NOTEBASKET
www.Educationblog24.Com

$\therefore v\cos\theta = u\cos\alpha$ হতে পাই,

বা, $\cos 60° = 8.2\cos 0°$

বা, $v = 16.4\ ms^{-1}$

$\therefore$ P বিন্দুতে বলটির বেগ,

$v = 16.4\ ms^{-1}$

(খ) ধরি 2s পর বলটির বেগ হবে v এবং তা আনুভূমিক রেখার সাথে θ^1 কোণ উৎপন্ন করবে।

এখন,

v এর আনুভূমিক উপাংশ $v_x = v\cos\theta^1 = u\cos\alpha = u$ এবং v এর উলম্ব উপাংশ,

$v_y = v\sin\theta^1$

$= u\sin\alpha$

$= 0$

তাহলে, আনুভূমিক সরণ

$x = v_x t$

$= v\cos\theta^1 t$

এবং উলম্ব সরণ,

$$y = v_y t + \frac{1}{2}gt^2$$

$$= \frac{1}{2}gt^2$$

শর্তানুযায়ী,

$x = y$ এবং $t = 2s$

$$v\cos\theta^1 t = \frac{1}{2}st^2$$

বা, $v\cos\theta^1 \times 2 = \frac{1}{2}\times 9\times 2^2$

বা, $v\cos\theta^1 = g$

বা, $\cos\theta^1 = \frac{g}{v}$ ..... (i)

2s পর বেগ,

$$v = \sqrt{v_x^2 + v_y^2}$$

$$= \sqrt{(4\cos\alpha)^2 + (4\sin\alpha - gt)^2}$$

$$= \sqrt{(8.2\times\cos 0°)^2 + (8.2\times\sin 0° - 9.8\times 2)^2}$$

$= 21.25\ ms^{-1}$

(i) নং সমীকরণ হতে পাই,

$$\cos\theta^1 = \frac{g}{v}$$

বা, $\cos\theta^1 = \frac{9.8}{21.25}$

বা, $\theta^1 = 62.50°$

করিমের ধারণা অনুযায়ী $\theta = 62°$ কিন্তু গাণিতিকভাবে পাওয়া গেল 62.5° অতএব করিমের ধারণা সঠিক ছিল না।

৪৭-৭৮ নং পর্যন্ত বুয়েট, কুয়েট, চুয়েট অংশে সমাধান দ্রষ্টব্য

NOTEBASKET
www.Educationblog24.Com

বুয়েট, কুয়েট, রুয়েট, চুয়েট, মেডিকেল, টেক্সটাইল, বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের ভর্তি পরীক্ষার গাণিতিক সমস্যাবলির সমাধান

◆ একজন ফুটবল খেলোয়াড় অনুভূমিকের সাথে $30°$ কোণে $25\ ms^{-1}$ বেগে বল $80m$ দূরে দাঁড়িয়ে থাকা প্রতিপক্ষ দলের গোলরক্ষকের দিকে কিক করেন। গোলরক্ষক সঙ্গে সঙ্গে বলটি ধরার জন্য বলের দিকে $10\ ms^{-1}$ সমবেগে দৌঁড়ে যান। বলটি ভূমিতে পড়ার আগে গোলরক্ষক বলটি ধরতে পারবেন কিনা গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। $[g = 9.8\ m/sec^2]$ [বুয়েট ১৮-১৯]

সমাধান: আমরা জানি,

$$T = \frac{2v_0\sin\theta_0}{g} \text{ বা, } T = \frac{2 \times 25 \times \sin 30°}{9.8} = 2.55\ s$$

এখানে,
$v_o = 25\ ms^{-1}$
$\theta_0 = 30°$
$g = 9.8\ ms^{-2}$

আবার, $R = \frac{v_0^2\sin 2\theta_0}{g}$

বা, $R = \frac{(25)^2 \times \sin 60°}{9.8} m = 55.23\ m$

বলটি ধরার জন্য গোলরক্ষককে $2.55\ s$-এ $(80 - 55.23) = 24.769\ m$ যেতে হবে।

গোলরক্ষক কর্তৃক অতিক্রান্ত দূরত্ব $s = vt$

$\therefore s = 10 \times 2.55\ m = 25.5\ m$

$\therefore$ গোলরক্ষক বলটি ধরতে পারবে। **Ans.**

এখানে,
$v = 10\ ms^{-1}$
$t = 2.55\ s$

◆ কোন একটি বস্তুকে ভূ-পৃষ্ঠ হতে কত কোণে $45ms^{-1}$ বেগে ছুড়লে এটি $200\ m$ দূরে গিয়ে পরবে? [বুয়েট ১৫-১৬]

সমাধান: আমরা জানি,

$$R = \frac{u^2\sin 2\alpha}{g}$$

বা, $200 \times 9.8 = (45)^2 . \sin 2\alpha$

বা, $2\alpha = 75.44°$

$\therefore \alpha = 37.72°$



◆ রাডার ষ্টেশন থেকে চাঁদের দূরত্ব $3.8 \times 10^8\ m$ হলে, রাডার সংকেত চাঁদে যাওয়া ও ফেরত আসার জন্য প্রয়োজনীয় সময়- [বুয়েট ১২-১৩]

A. 1.3 s
B. 2.5 s
C. 8.0 s
D. 8.0 min

Ans: B

ব্যাখ্যা: $2s = vt$ বা, $t = \frac{2s}{v} = \frac{3.8 \times 10^8 \times 2}{3 \times 10^8} = 2.5\ s$

◆ সমমন্দনে চলমান একটি ট্রেন প্রথম $\frac{1}{4}\ km$ অতিক্রম করে $20\ s$ এ এবং দ্বিতীয় $\frac{1}{4}\ km$ অতিক্রম করে $30s$ এ। ট্রেনটি সম্পূর্ণভাবে থামতে আর কতটুকু দূরত্ব অতিক্রম করবে? [বুয়েট ১৪-১৫]

সমাধান: কার্যকর সূত্র:

$$s = ut - \frac{1}{2}at^2$$

$$s_1 = ut_1 - \frac{1}{2}at_1^2$$

$$s_2 = ut_2 - \frac{1}{2}at_2^2$$

$$v^2 = u^2 - 2as$$

www.Educationblog24.Com

প্রথম ক্ষেত্রে, $250 = 20u - 200a$ ..... (i)

দ্বিতীয় ক্ষেত্রে, $500 = 50u - 1250a$ ..... (ii)

(i) $\times 5 -$ (ii) $\times 2 \rightarrow 1250 - 1000 = -1000a + 2500a$

বা, $a = -0.167\ ms^{-2}$

(i) ২য় $250 = 20u - 200 \times .167$

$\therefore u = 14.167\ ms^{-1}$

বা, $v^2 = u^2 - 2as$

$S = \frac{(14.147)^2}{2 \times 167} = 600.88\ m$

$\therefore$ আরো দূরত্ব $600.88 - 500 = 100.88m$

NOTEBASKET

♦ **ভূমি থেকে 300 m উচ্চতা হতে একটি পড়ন্ত বস্তুকে আঘাত করার জন্য 500 m দূরে ভূমিতে অবস্থিত একটি বন্দুক থেকে গুলি ছোঁড়া হলো। যদি বন্দুক হতে গুলি বের হওয়ার মুহূর্তে বস্তুটি স্থিরাবস্থা থেকে নিচে পতিত হওয়া শুরু করে তবে গুলিটি অনুভূমিকের সাথে কোন কোণে নিক্ষেপ করতে হবে?** [বুয়েট ১২-১৩]

সমাধান: ধরি, t সময় পর মিলিত হয়।

$\therefore u \cos \alpha t = 500$ .....(i)

এবং $h = \frac{1}{2} gt^2$

$\therefore 300 - h = u \sin \alpha t - \frac{1}{2} gt^2$

বা, $300 = u \sin \alpha t$ ..... (ii) $[\because \frac{1}{2} gt^2 = h]$

(ii) ও (i) যোগ করে পাই,

$\frac{u \sin \alpha t}{u \cos \alpha t} = \frac{300}{500}$

বা, $\tan \alpha = \frac{3}{5}$

বা, $\alpha = \tan^{-1} \frac{3}{5}$

$\therefore \alpha = 30.96°$



♦ **একটি বিমানবন্দরের রানওয়ের দৈর্ঘ্য 100 m। একটি উড়োজাহাজ উড়ার পূর্বমুহূর্তে 216 kmh^{-1} গতি সম্পন্ন হতে হয়। উড়োজাহাজটি 15 ms^{-2} ত্বরণে ত্বরান্বিত হলে রানওয়ে থেকে উড়তে সক্ষম হবে কী? রানওয়ের দৈর্ঘ্য সর্বনিম্ন কত হলে উড়োজাহাজটি উড়তে পারবে?** [বুয়েট ১৩-১৪]

সমাধান: $v = 216\ km/h = 60\ ms^{-1}$

$a = 15\ ms^{-2}$

দৈর্ঘ্য, $S = \frac{v^2}{2a} = \frac{(60)^2}{2 \times 15} = 120m$ $\therefore$ $100m < 120m$

অতএব, উড়া সম্ভব হবে না। রানওয়ের সর্বনিম্ন দৈর্ঘ্য 120m।

♦ **অনুভূমির সাথে 45° কোণে একটি বস্তুকে নিক্ষেপ করা হল। বস্তুটির অনুভূমিক দূরত্ব হবে-** [বুয়েট ১৩-১৪]

A. খাড়া উচ্চতা
B. খাড়া উচ্চতার দ্বিগুণ
C. খাড়া উচ্চতার তিনগুণ
D. খাড়া উচ্চতার চারগুণ

Ans: D

ব্যাখ্যা: $H = \frac{v_0^2 \sin^2\theta}{2g} = \frac{v_0^2 (\sin 45)^2\theta}{2g} = \frac{1}{4} \frac{v_0^2}{g}$ বা, $R = 4H$ [এখানে, $R = \frac{v_0^2 \sin^2 2\theta}{g} = \frac{v_0^2}{g}$]

www.Educationblog24.Com

◆ **মিটারে প্রকাশিত একটি বস্তুর অবস্থান $x(t) = 16t - 3t^3$, যেখানে সময় t সেকেন্ডে প্রকাশিত। বস্তুটি ক্ষণিকের জন্য স্থিতিবস্থায় থাকে যখন t এর মান-** [বুয়েট ১২-১৩]

A. 0.75 s
B. 1.30 s
C. 5.30 s
D. 7.30 s

Ans: B

ব্যাখ্যা: $x(t) = 16t - 3t^3$

t এর সাপেক্ষে ব্যবকলন করে পাই, $\frac{dx(t)}{dt} = 16 - 9t^2$

বা, $v(t) = 16 - 9t^2$

$\therefore 16 - 9t^2 = 0$ বা, $t = \frac{4}{3} = 1.33s$ দেওয়া নেই, সম্ভাব্য 1.30(B)

◆ **একটি বস্তুকে 50m/s বেগে আনুভূমিকের সাথে 45° কোণে নিক্ষেপ করা হলে সর্বাধিক উচ্চতায় উঠতে কত সময় লাগবে?** [বুয়েট ১৪-১৫]

A. 1.8 s
B. 3.6 s
C. 7.2 s
D. 9.8 s
E. 36 s

Ans: B

ব্যাখ্যা: $T = \frac{V_0 \sin\alpha}{g} = \frac{50 \times \sin 45°}{9.8} s = 3.6 s$

◆ **একটি বস্তুকে 400 m উচ্চতা থেকে নিচে ছাড়া হলো এবং একই সময়ে একটি বস্তুকে 50 m/s বেগে নিচ থেকে খাড়া উপরে ছোড়া হলো। কত উচ্চতায় বস্তু দুইটি মিলিত হবে? [$g = 10m/s^2$]** [বুয়েট ১২-১৩]

A. 180 m
B. 160 m
C. 140 m
D. 120 m
E. 80 m

Ans: E

ব্যাখ্যা: ধরি, t সময়ে x উচ্চতার তারা মিলিত হবে

$400 - x = \frac{1}{2}gt^2$ [পতনের সময়]

$x = ut - \frac{1}{2}gt^2$

সম্মিলিত ভাবে, $ut = 400$

$t = \frac{400}{50} = 8 s$ [উত্থানের সময়]

◆ **10 kg ভরের পড়ন্ত বস্তুর ত্বরণ কত, যখন বাতাসের বাধা 78N।** [বুয়েট ১৪-১৫]

A. 2.2 ms^{-2}
B. 2.5 ms^{-2}
C. 3.0 ms^{-2}
D. 1.5 ms^{-2}
E. None

Ans: A

ব্যাখ্যা: $ma = mg - 78$

$ma = 10 \times 10 - 78$ [g = 10 ধরতে হবে]

$\therefore \frac{100 - 78}{m} = \frac{22}{10} = 2.2 ms^{-2}$

◆ **একটি চন্দ্রতরীর মডিউল 10 ms^{-1} সমবেগে চন্দ্রপৃষ্ঠে অবতরণ করছে। চন্দ্রপৃষ্ঠ হতে 120 m মিটার উঁচুতে থাকা অবস্থায় এর গিয়ার থেকে ছোট একটি বস্তু পড়ে গেল। চন্দ্রপৃষ্ঠে আঘাতের সময় বস্তুটির বেগ নির্ণয় কর। [চাঁদে g-এর মান হলো 1.6 m/s^2]** [বুয়েট ১১-১২]

A. 22 ms^{-1}
B. 30 ms^{-1}
C. 17 ms^{-1}
D. 130 ms^{-1}

Ans: A

ব্যাখ্যা: (a) $v^2 = u^2 + 2gh = 10^2 + 2 \times 1.6 \times 120 = 484$

$\therefore v = 22 ms^{-1}$

www.Educationblog24.Com

◆ **একটি পাথরকে 30 m/s আদিবেগে উপরের দিকে নিক্ষেপ করা হলো। পাথরটি সর্বোচ্চ উচ্চতায় পৌঁছাতে সময় লাগবে–** [বুয়েট ০৯-১০]

A. 0.32 s B. 3.26 s
C. 30.6 s D. 3.06 s **Ans:** D

ব্যাখ্যা: সর্বোচ্চ উচ্চতায় উঠতে সময়, $t = \frac{u}{g} = \frac{30}{9.8} = 3.06\ s$

◆ **একটি বস্তুর ত্বরণ 'a' (in ms^{-2}) সময় 't' (in s) এর সাথে $a = 3t + 4$ সমীকরণ অনুযায়ী পরিবর্তিত হয়। $t = 2s$ সময়ে বস্তুটির গতি হবে–** [বুয়েট ০৭-০৮]

A. 10 ms^{-1} B. 12 ms^{-1}
C. 14 ms^{-1} D. 16 ms^{-1} **Ans:** C

সমাধান: $\int a dt = \int (3t + 4)\, dt = 3\frac{t^2}{2} + 4t = 3 \times \frac{4}{2} + 4 \times 2 = 14\ ms^{-1}$

◆ **একটি বস্তু স্থিরাবস্থা থেকে শুরু করে সমত্বরণে 4^{th} সেকেন্ড S_1 এবং 6^{th} সেকেন্ডে S_2 দূরত্ব অতিক্রম করে। S_1/S_2 হলো।** [বুয়েট ০৬-০৭]

A. $\frac{2}{3}$ B. $\frac{4}{9}$
C. $\frac{6}{11}$ D. $\frac{7}{11}$ **Ans:** D

সমাধান: $\frac{S_1}{S_2} = \frac{\frac{1}{2} f(2 \times 4 - 1)}{\frac{1}{2} f(2 \times 6 - 1)}$ বা $\frac{S_1}{S_2} = \frac{7}{11}$

◆ **একজন অ্যাথলেট $10ms^{-1}$ গতিতে দৌড়াচ্ছে। সে সর্বোচ্চ দূরত্ব জাম্প করতে সক্ষম হবে–** [বুয়েট ১১-১২]

A. 10 m B. 20 m
C. 25 m D. 16 m **Ans:** A

ব্যাখ্যা: প্রাসের আনুভূমিক পাল্লার ক্ষেত্রে- $R_{max} = \frac{u^2 \sin(2 \times 45°)}{g} = \frac{10^2 \times 1}{9.8} = 10\ m$

◆ **একটি নিক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ দূরত্ব হলো 200 m. নিক্ষিপ্ত বস্তুটি সর্বোচ্চ কত উচ্চতায় পৌঁছবে?** [বুয়েট ০৯-১০]

A. 25 m B. 50 m
C. 75 m D. 100 m **Ans:** B

ব্যাখ্যা: আমরা জানি, $R_{max} = 4H \therefore H = \frac{R_{max}}{4} = \frac{200}{4} = 50\ m$

◆ **একজন ক্রিকেটার একটি বলকে সর্বোচ্চ 100 m অনুভূমিক দূরত্বে ছুঁড়তে পারে। একই বলকে ক্রিকেটার মাটি থেকে উপরের দিকে কত উচ্চতায় ছুড়তে পারবে?** [বুয়েট ০৭-০৮]

A. 50 m B. 75 m
C. 100 m D. 125 m **Ans:** A

ব্যাখ্যা: $R_m = \frac{u^2}{g} = 100\ m;\ H = \frac{u^2}{2g} = 50\ m$

◆ **চারটি বলকে একই আদিবেগে ভূমি থেকে 25°, 35°, 45° এবং 69.7° বিভিন্ন নিক্ষেপণ কোণে নিক্ষেপ করা হলো। কোন বলটি সর্বাপেক্ষা কম সময়ে মাটিতে ফিরে আসবে?** [বুয়েট ০৭-০৮]

A. 35° কোণে নিক্ষিপ্ত বল B. 25° কোণে নিক্ষিপ্ত বল
C. 45° কোণে নিক্ষিপ্ত বল D. 69.7° কোণে নিক্ষিপ্ত বল **Ans:** B

ব্যাখ্যা: $t = \frac{2u \sin \alpha}{g}$; $t\ \alpha \sin \alpha$ তাই α এর সর্বনিম্ন মানের জন্য সর্বাপেক্ষা কম সময় লাগবে।

www.Educationblog24.Com

◆ চাঁদের বায়ুশূন্য স্থানে স্থিরাবস্থা থেকে একটি পালক ও একটি সীসার বলকে ফেলা হলো। পালকের ত্বরণ হবে– [বুয়েট ১২-১৩]

A. সীসার বলের চেয়ে বেশি
B. সীসার বলের সমান
C. সীসার বলের চেয়ে কম
D. 9.8 ms^{-2}

ব্যাখ্যা: বায়ুশূন্য স্থানে সব পড়ন্ত বস্তুর ত্বরণ সমান।

◆ একটি স্তম্ভের শীর্ষ হতে 19.5 m/s বেগে খাড়া উপরের দিকে প্রক্ষিপ্ত কোনো কণা 5 s পরে স্তম্ভের পাদদেশে পতিত হলো। স্তম্ভটির উচ্চতা কত? [বুয়েট ০৮-০৯]

A. 20 metre
B. 15 metre
C. 25 metre
D. 30 metre

Ans: C

ব্যাখ্যা: $h = -ut + \frac{1}{2}gt^2 = -19.5 \times 5 + \frac{1}{2} \times 9.8 \times 25 = 25\ m$

◆ একটি বস্তু স্থিরাবস্থা থেকে শুরু করে সমত্বরণে 4^{th} সেকেন্ড S_1 এবং 6^{th} সেকেন্ড S_2 দূরত্ব অতিক্রম করে। $\frac{S_1}{S_2}$ হলো– [বুয়েট ০৫-০৬]

A. $\frac{2}{3}$
B. $\frac{4}{9}$
C. $\frac{6}{11}$
D. $\frac{7}{11}$

Ans: D

ব্যাখ্যা: $S_1 = u + \frac{1}{2}a(2t-1) = \frac{7a}{2}$

$S_2 = \frac{11a}{2} \therefore \frac{S_1}{S_2} = \frac{7}{11}$

www.Educationblog24.Com
NOTEBASKET

◆ ভূমি থেকে 3.0 মিটার উচ্চতাবিশিষ্ট একটি স্থান থেকে 2.0 কিলোগ্রাম ভরবিশিষ্ট একটি কাঠের টুকরা ঢালু পথ বেয়ে 50 জুল শক্তি নিয়ে মাটিতে পড়ছে। বেয়ে পড়ার জন্য ঘর্ষণ কর্তৃক কাঠের টুকরাটির উপর কাজের পরিমাণ প্রায়– [বুয়েট ০৯-১০]

A. 9 joule
B. 6 joule
C. 44 joule
D. 18 joule

Ans: A

ব্যাখ্যা: $E_p = mgh = 2 \times 3 \times 9.8\ J = 58.8\ J$ $E_k = 50\ J$

ঘর্ষণের ফলে কাজ = $E_p - E_k = 8.8J = 9J$

◆ একটি বুলেট একটি দেয়ালের মধ্যে 0.06 m প্রবেশ করার পর এর আদিবেগের অর্ধেক হারায়। বুলেটটি দেয়ালের মধ্যে আর কতদূর প্রবেশ করতে পারবে? [বুয়েট ০৮-০৯]

সমাধান: ধরি, আরও ym প্রবেশ করবে।



$F.x = \frac{1}{2}m\left\{v_0^{\ 2} - \left(\frac{v_0}{2}\right)^2\right\}$ ..... (i)

$F.(x+y) = \frac{1}{2}m\left(v_0^2 - 0^2\right)$ ..... (ii)

(ii) ÷ (i) হতে পাই,

বা, $1 + \frac{y}{x} = \frac{4}{3}$

বা, $y = \frac{x}{3} = \frac{0.06}{3} = 0.02\ m$

www.Educationblog24.Com

◆ একজন প্যারাশুট আরোহী মুক্ত হয়ে বাধাহীনভাবে 50 m নিচে পতিত হয়েছে। যখন প্যারাশুটটি খুলেছে তখন গতি হ্রাসের হার হলো 2 m/s^2 এবং সে 3 m/s গতিতে মাটিতে এসে পৌঁছেছে। কত উচ্চতায় সে মুক্ত হয়েছিল? [বুয়েট ১১-১২]

সমাধান: 50m পড়ার পর বেগ v হলে, $v^2 = u^2 - 2ax$ বা, $v^2 = 0^2 + 2 \times 9.8 \times 50$

$\therefore v = 31.3\ ms^{-1}$

পরবর্তীতে x দূরত্ব অতিক্রম করলে, $v^2 + u^2 + 2g$ বা, $x = \frac{u^2 - v^2}{2a}$ বা, $x = 242.7$ m

$\therefore$ মোট উচ্চতা $= h + x = 292.7$ m

◆ একজন ছত্রী প্যারাশুটসহ পড়ার পর ঘর্ষণহীনভাবে 50m পতিত হয়। প্যারাশুট খোলার পর থেকে সে 2.0 m/s^2 মন্দনে নিচের দিকে পতিত হয়। ভূমিতে পৌঁছার মুহূর্তে আর দ্রুতি 3.0 m/s. ছত্রী কতক্ষণ বায়ুতে ছিল? [বুয়েট ০৬-০৭]

সমাধান: $h_1 = \frac{1}{2} g t_1^2$

$t_1 = \sqrt{\frac{2h_1}{g}} = \sqrt{\frac{2\times50}{9.8}}\ s = 3.19\ s$ ও $v_1^2 = 0^2 + 2gh_1$

$v_1 = \sqrt{2gh_1} = \sqrt{2\times9.8\times50} = 31.3\ ms^{-1}$

$v_2 = v_1 - ft_2$

বা, $3 = 31.3 - 2t_2$

$\therefore t_2 = 14.15$ s

$\therefore$ সময়, $t = t_1 + t_2 = (3.19 + 14.15)s = 17.34$ s

◆ একটি বলকে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হয় এবং এটি 6 সেকেন্ডে ওঠা-নামা করে। বলটি সর্বাধিক কত উচ্চতায় উঠে? [$g = 32\ ft/s^2$] [বুয়েট ৯৮-৯৯]

সমাধান: এখানে, $t = \frac{2u}{g}$ বা, $6 = \frac{2 \times u}{32}$ $\therefore u = 96$ ft/s

আবার $H = \frac{u^2}{2g} = \frac{(96)^2}{2 \times 32}$ ft বা, $H = 144$ ft

◆ একটি বন্দুকের গুলি কোনো লক্ষ্যের ভিতরে 'a' সে. মি. প্রবেশ করার পর এর বেগ $\frac{1}{n}$ অংশ কমে যায়। গুলিটি আর কতটা ভিতরে প্রবেশ করবে? [বুয়েট ৯৬-৯৭]

সমাধান: ধরি, আদিবেগ u cms^{-1} এবং বুলেটটি আরও x cm প্রবেশ করবে।

প্রথম ক্ষেত্রে, $\left(u - \frac{u}{n}\right)^2 = u^2 - 2af$

বা, $2af = u^2\left[1 - \left(\frac{n-1}{2}\right)^2\right]$ ..... (1)

অতঃপর, $0^2 = \left(u - \frac{u}{n}\right)^2 - 2xf$

বা, $2xf = \left(u - \frac{u}{n}\right)^2$ ..... (2)

(2) ÷ (1) হতে পাই, $\frac{x}{a} = \frac{\left(1 - \frac{1}{n}\right)^2}{1 - \left(\frac{n-1}{n}\right)^2}$ বা, $x = \frac{a(n-1)^2}{(2n-1)}$

www.Educationblog24.Com

◆ **9.1×10^{-31} kg ভরের একটি ইলেকট্রন নিউক্লিয়াসকে কেন্দ্র করে 0.53×10^{-10} m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে ঘুরছে। ঘূর্ণনরত ইলেকট্রনের কেন্দ্রমুখী ত্বরণ এবং কৌণিক বেগ নির্ণয় কর।** [বুয়েট ০৮-০৯]

সমাধান:

$$a = \frac{v^2}{r} = \frac{e^2}{4\pi\epsilon_0 m r^2}$$

$$= \frac{(1.6 \times 10^{-19})^2}{4\pi \times 8.854 \times 10^{-12} \times 9.1 \times 10^{-31} \times (0.53 \times 10^{-10})^2}$$

$$= 9 \times 10^{22} m/s^2$$

$a = \omega^2 r$

বা, $\omega = \sqrt{\frac{a}{r}} = \sqrt{\frac{9 \times 10^{22}}{0.53 \times 10^{-10}}} = 4.12 \times 10^{16}$ rad/s

এখানে,
দেওয়া আছে,
$m = 9.1 \times 10^{-31}$ kg
$r = 0.53 \times 10^{-10}$ m
$\epsilon_0 = 8.854 \times 10^{-12} C^2 N^{-1} m^{-2}$
$a = ?$
$\omega = ?$

◆ **আনুভূমিকের সাথে 30° কোণ করে ভূ-পৃষ্ঠ থেকে 50m/s বেগে বুলেট ছোঁড়া হলো। বুলেটটি 60 m দূরে অবস্থিত দেওয়ালকে কত উচ্চতায় আঘাত করবে? [$g = 9.8$ m/s^2]** [কুয়েট ১৮-১৯]

A. 13.65 m
B. 25.23 m
C. 15.825 m
D. 36.24 cm
E. 29.94 m

Ans: B

সমাধান: $y = x \tan\theta - \frac{x^2 g}{2(V_0 \cos\theta_0)^2} = 60 \tan 30° - \frac{60^2 \times 9.8}{2 \times (50 \times \cos 30°)^2} = 25.23$ m

◆ **নিচের চিত্রে চলচ্চিত্রের একজন স্টান্টম্যান কেটি উঁচু ভবনের ছাদে অনুভূমিকভাবে দৌড়িয়ে পাশ্ববর্তী একটি অপেক্ষাকৃত কম উঁচু ভবনের ছাদে লাফ দিবে। এই কাজটি করার পূর্বে সে বুদ্ধিমানের মতো তোমাকে প্রশ্ন করলো যে এটি করা তার পক্ষে সম্ভব হবে কি না। ছাদে তার দৌড়ের সর্বোচ্চ গতিবেগ 4.5 m/s হলে সে এটা করতে পারবে কী? সেক্ষেত্রে তোমার উপদেশ কী হবে? "ঝাপ দাও"। অথবা "ঝাপ দিও না"।** [কুয়েট ১৬-১৭]



NOTEBASKET

সমাধান: এখানে, $\alpha = 0$

উলম্ব দূরত্ব, $-h_y = v_0 \sin\alpha\, t - \frac{1}{2} g t^2$

বা, $-4.8 = -4.9t^2$

বা, $t^2 = 0.98$

বা, $t = \frac{4\sqrt{3}}{7}$ s

আনুভূমিক দূরত্ব, $h_x = v_0 \cos\alpha t$

$= v_0 t = 4.5 \times \frac{4\sqrt{3}}{7} = 4.45\text{m} < 6.2\text{m}$



∴ সে সর্বোচ্চ 4.45 আনুভূমিক দূরত্ব অতিক্রম করতে পারবে। সুতরাং তার ঝাঁপ দেয়া উচিত নয়। "ঝাপ দিও না"।

www.Educationblog24.Com

♦ একটি বস্তুকে 50m/s বেগে আনুভূমিকের সাথে 45° কোণে নিক্ষেপ করা হলে সর্বাধিক উচ্চতায় উঠতে কত সময় লাগবে? [কুয়েট ১৪-১৫]

A. 1.8 s
B. 3.6 s
C. 7.2 s
D. 9.8 s
E. 36 s

Ans: C

সমাধান: $T = \frac{2V_0 \sin\alpha}{g} = \frac{2 \times 50 \times \sin 45°}{9.8} s = 7.22 s$

♦ 14 m/s আদিবেগে একটি পাথরকে উপর দিকে ছুড়ে দেওয়া হলো। পাথরটি ফিরে আসতে কত সময় লাগবে? [কুয়েট ১১-১২]

A. 1.83 s
B. 2.86 s
C. 3.15 s
D. 1.43 s

Ans: D

ব্যাখ্যা: $T = \frac{2u}{g} = \frac{2 \times 14 ms^{-1}}{9.8 ms^{-2}} = 2.86 s$

$\frac{T}{2} = 1.43 s$

♦ 78.4 m গভীর কূপে একখন্ড পাথর ফেলা হলো এবং 4.23 s পর পানিতে এর আঘাতের শব্দ শোনা গেল। যদি অভিকর্ষীয় ত্বরণ $g = 9.8 ms^{-2}$ হয় তবে বায়ুতে শব্দের বেগ নির্ণয় কর। [কুয়েট ১০-১১]

A. 340.97 ms^{-1}
B. 340.87 ms^{-1}
C. 340.87 ms^{-1}
D. 350.97 ms^{-1}
E. 360.78 ms^{-1}

Ans: C

ব্যাখ্যা: $78.4 = 4.9t_1^2$ বা $t_1 = 4s$

এখন, $78.4 = u \times (4.23 - 4)$

$\therefore u = \frac{78.4}{0.23} = 340.87 ms^{-1}$

♦ একটি গাড়ি 54 km/hr আদিবেগ থেকে 2 m/s^2 সমমন্দনে কতক্ষণ পর স্থির হবে? [কুয়েট ০৮-০৯]

A. 4.0 s
B. 7.5 s
C. 6.0 s
D. 4 s
E. 15.0 s

Ans: B

ব্যাখ্যা: $v = u + at$ বা, $0 = 15 - 2t$ বা, $t = 7.5 s$

♦ 3 m/s^2 ত্বরণে একটি লিফট নিচের দিকে নামছে। লিফটি যখন ভূমি থেকে 13.6 m উপরে ছিল তখন একটি বল লিফট থেকে ছেড়ে দেওয়া হলো। ভূমি স্পর্শ করতে বলটির কত সময় লাগবে? [কুয়েট ০৭-০৮]

A. 1 s
B. 2 s
C. 3 s
D. 4 s
E. 5 s

Ans: B

ব্যাখ্যা: লিফটের সাপেক্ষে ত্বরণ,

$a = 9.8 - 3 = 6.8 ms^{-2}$

বা, $s = \frac{1}{2} at^2$ বা, $13.6 = \frac{1}{2} \times 6.8 \times t^2$ বা, $t = 2 s$

♦ একটি বস্তুকে 196 m/s বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলো। 20 s পরে বস্তুটির বেগ হবে– [g = 9.8 m/s^2] [কুয়েট ০৬-০৭]

A. 50 m/s
B. 60 m/s
C. 0 m/s
D. 10 m/s
E. 9.8 m/s

Ans: C

ব্যাখ্যা: $v = u - gt = 196 - 9.8 \times 20 = 0 ms^{-1}$

www.Educationblog24.Com

◆ **একটি কণা 2.5 m ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তাকার পথে প্রতি মিনিটে 100 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত?** [কুয়েট ১১-১২]

A. 2.50 m/s
B. 10.47 m/s
C. 26.18 m/s
D. 100 m/s
E. 13.09 m/s

Ans: C

ব্যাখ্যা: $\omega = \frac{2\pi n}{t} = \frac{2 \times \pi \times 100}{60} = 10.472 \text{ rads}^{-1}$

$\therefore v = \omega r = 10.472 \times 2.5 = 26.18 \text{ ms}^{-1}$

◆ **একটি হাতঘড়ির মিনিটের কাঁটার দৈর্ঘ্য 2 cm হলে কাঁটাটির মধ্যবিন্দুর রৈখিক বেগ কত?** [কুয়েট ০৭-০৮]

A. 1.745×10^{-5} m/s
B. 1.745×10^{-4} m/s
C. 1.745×10^{-3} m/s
D. 1.745×10^{-2} m/s
E. 1.745×10^{-1} m/s

Ans: A

ব্যাখ্যা: $T = 1 \text{ hour} = 3600 \text{ s}; r = \frac{2 \text{ cm}}{2} = 1 \text{ cm} = 10^{-2} \text{ m}$

$v = \omega r = \frac{2\pi r}{T} = \frac{2\pi}{3600} \times 10^{-2} = 1.745 \times 10^{-5} \text{ m/s}$

◆ **এক খন্ড পাথরকে 98 ms^{-1} বেগে খাড়া উপরের দিকে নিক্ষেপ করা হলে কতক্ষণ ধরে এটি উপরে উঠবে?** [কুয়েট ০৭-০৮]

A. 10 m
B. 10 s
C. 100 m
D. 1 h

Ans: B

ব্যাখ্যা: আমরা জানি, $t = \frac{u}{g}$ বা, $t = \frac{98}{9.8}$ $\therefore t = 10 \text{ s}$ এখানে, $u = 98 \text{ ms}^{-1}; g = 9.8 \text{ ms}^{-2}$

◆ **একটি গাড়ির চাকা 20 min 50 s এ 250 বার ঘুরে 1 km পথ অতিক্রম করে। চাকার পরিধি বারবার রৈখিক বেগ কত?** [কুয়েট ০৫-০৬]

A. 0.8 m/s
B. 1.0 m/s
C. 1.2 m/s
D. 1.6 m/s

Ans: A

ব্যাখ্যা: $v = \frac{s}{t} = \frac{1000}{1250} = 0.8 \text{ m/s}$

◆ **একটি ট্রেন ঘন্টায় 60 km বেগে চলা অবস্থায় ব্রেক করে 50 cms^{-2} মন্দন সৃষ্টি করা হলো। ট্রেনটি কতদূর গিয়ে থেমে যাবে?** [কুয়েট ০৫-০৬]

A. 270.5 m
B. 377.5 m
C. 477.6 m
D. 277.89 m

Ans: D

ব্যাখ্যা: মন্দনের ক্ষেত্রে,

$v^2 = u^2 - 2as$

বা, $0 = u^2 - 2as$

বা, $s = \frac{u^2}{2a} = \frac{(16.67)^2}{2 \times 0.5}$

$\therefore s = 277.89 \text{ m}$

এখানে,
$v = 0 \text{ ms}^{-1}$
$u = 60 \text{ kmh}^{-1} = 16.67 \text{ ms}^{-1}$
$a = 50 \text{ cm/s}^2 = 0.5 \text{ m/s}^2$

◆ **50 g ভরের একটি বস্তু প্রতি সেকেন্ডে বৃত্তপথে 3 বার ঘুরে কৌণিক বেগ কত?** [কুয়েট ০৫-০৬]

A. 2π
B. 3π
C. 4π
D. 6π

Ans: D

ব্যাখ্যা: আমরা জানি,

$\omega = 2\pi n$ $\quad n = 3 \text{ s}^{-1}$

$= 2\pi \times 3 = 6\pi \text{ rad/s}$

[**Note:** কৌণিক বেগ নির্ণয়ের ক্ষেত্রে বস্তুর ভরের কোনো ভূমিকা নেই।]

www.Educationblog24.Com

◆ **200 m দীর্ঘ একটি ট্রেন 36 km/hr গতিতে চলে 600 m দীর্ঘ একটি ব্রিজ অতিক্রম করে। ব্রিজটি অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?** [কুয়েট ০৯-১০]

A. 80 s
B. 100 s
C. 120 s
D. 140 s

Ans: A

ব্যাখ্যা: $v = 36\ kmh^{-1} = 10\ ms^{-1}$ $s = (200 + 600)m = 800\ m$

$$t = \frac{s}{v} = \frac{800}{10}\ s = 80\ s$$

◆ **একটি বস্তুকে 40 m উচ্চতা থেকে নিচে ছোঁড়া হলো এবং একই সময়ে একটি বস্তুকে 50 m/s বেগে নিচ থেকে খাড়া উপরে ছোঁড়া হলো। কত উচ্চতায় বস্তু দুটি মিলিত হবে?** $[g = 10\ m/s^2]$ [কুয়েট ১২-১৩]

A. 180 m
B. 160 m
C. 140 m
D. 120 m
E. 80 m

Ans: E

ব্যাখ্যা: ধরি, ভূমি হতে h উচ্চতায় মিলিত হয়।

চিত্র হতে,

$$h = vt - \frac{1}{2}gt^2 \quad \ldots\ldots\ldots\ldots\ (i)$$

$$400 - h = \frac{1}{2}gt^2 \quad \ldots\ldots\ldots\ldots\ (ii)$$

(i) + (ii) হতে পাই,

$400 = vt$

বা, $t = \frac{400}{50}\ s = 8\ s$



(i) নং হতে পাই,

$$h = vt - \frac{1}{2}gt^2$$

$$= 50 \times 8 - \frac{1}{2} \times 10 \times 8^2$$

$$= 80\ m$$

◆ **একটি কণা 2.5 m ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তাকার পথে প্রতি মিনিটে 100 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত?** [কুয়েট ০৯-১০]

A. 2.50 m/s
B. 1047 m/s
C. 26.18 m/s
D. 100 m/s
E. 13.09 m/s

Ans: C

ব্যাখ্যা: $v = \omega r = \frac{2\pi N}{t} \cdot r = \frac{2\pi \times 100}{60} \times 2.5$

$\therefore v = 26.18\ ms^{-1}$

◆ **একটি কণা সমত্বরণে চলে 5^{th} সেকেন্ডে 7m দূরত্ব অতিক্রম করে এবং আরো কিছু দূর গিয়ে থেমে যায়। কণাটি শেষতম সেকেন্ডে মোট অতিক্রান্ত দূরত্বের $\frac{1}{64}$ অংশ অতিক্রম করে। কণাটির আদিবেগ, ত্বরণ ও মোট সময় নির্ণয় করো।** [কুয়েট ০৬-০৭]

সমাধান: 5^{th} সেকেন্ডে $7 = u + \frac{1}{2}f(2 \times 5 - 1)$

বা, $u + \frac{9}{2}f = 7$ ..... (i)

কণাটি থেমে যায়, $0 = u + ft$ ..... (ii)

শেষ সেকেন্ড, $\frac{1}{64}\left(ut + \frac{1}{2}ft^2\right) = u + \frac{1}{2}f(2t - 1)$

বা, $u = ft - \frac{f}{2} = \frac{1}{64}\left\{t(u + ft) - \frac{1}{2}ft^2\right\}$

www.Educationblog24.Com

বা, $0-\frac{f}{2}=\frac{1}{64}\left(0-\frac{1}{64}ft^2\right)$

বা, $\frac{t^2}{64}=1$

$\therefore t=8s$

(ii) নং হতে পাই, $u+8f=0$ ..... (iii)

(i) ও (ii) সমাধান করে পাই,

$f=-2ms^{-2}$; $u=16\ ms^{-1}$

◆ **একটি বস্তুকে একই বেগে একবার 30° কোণে ও আর একবার 60° কোণে নিক্ষেপ করা হলো। দুই ক্ষেত্রে অর্জিত সর্বোচ্চ উচ্চতাদ্বয়ের অনুপাত নির্ণয় কর।** [কুয়েট ০৮-০৯]

A. 1 : 2
B. 1 : 3
C. 1 : 4
D. 2 : 3
E. 2 : 5

Ans: B

ব্যাখ্যা: $H_1=\frac{u^2\sin^2 30°}{g}$, $H_2=\frac{u^2\sin^2 60°}{g}$, $\frac{H_1}{H_2}=\frac{\sin^2 30°}{\sin^2 60°}=\frac{1}{3}$

◆ **একটি বস্তুকে সোজা উপরের দিকে 19.6 m/s বেগে ছুঁড়ে দিলে তা সর্বোচ্চ কত উচ্চতায় উঠবে?** [কুয়েট ০৯-১০]

A. 4.9 m
B. 9.8 m
C. 19.6 m
D. 29.4 m

Ans: C

◆ **গাড়ি A সোজা রাস্তায় 60 km/hr সমবেগে চলছে। অন্য একটি গাড়ি B একই পথে 70 km/hr সমবেগে A গাড়িটিকে অনুসরণ করছে। যখন গাড়ি দুইটির মধ্যকার দূরত্ব 2.5 km হয় তখন B গাড়িটির গতিবেগ $20\ kmhr^{-2}$ হারে হ্রাস পেতে থাকে। কত দূরত্ব ও সময় পরে B গাড়িটিকে ধরতে পারবে।** [চুয়েট ১৫-১৬]

A. 37.5 km and 0.25 hr
B. 32.5 km and 0.50 hr
C. 30 km and 0.50 hr
D. 60 km and 0.25 hr

Ans: B

সমাধান: $2.5+60t=70t-\frac{1}{2}\times 20t^2$

বা, $10t^2-10t+2.5=0$ বা, $t=0.5$ hr

$\therefore S=70t-\frac{1}{2}\times 20t^2=32.5km$

◆ **23m উঁচু একটি দালানের ছাদ থেকে একটি বল খাড়াভাবে নিচের দিকে নিক্ষেপ করা হল। নিচে দাঁড়ানো এক লোক ভূমি থেকে 3m উঁচুতে বলটি ধরে ফেলল। ধরার মূহুর্তে বলটির গতিবেগ ছিল 40m/sec। নিক্ষেপ করার সময় বলটির গতিবেগ কত ছিল।** [চুয়েট ১৪-১৫]

A: 33.9 m/sec
B. 34.8 m/sec
C. 40.7 m/sec
D. None of them

Ans: B

ব্যাখ্যা: $v^2=u^2+2gh$

বা, $u=\sqrt{v^2-2gh}$

$=\sqrt{40^2-2\times 9.81\times 20}$

$=34.75$ m/sec $=34.8$ m/sec

$v=40\ m/sec^2$
$u=0.6\ m/sec^2$
$h=50$ km/hr
$=20$ m

◆ **একটি ট্রেন 50 km/hr বেগে চলা অবস্থায় ব্রেক করে 60 cm/sec^2 মন্দন সৃষ্টি করা হল। ট্রেনটি কত দূর গিয়ে থামবে?** [চুয়েট ১৪-১৫]

A. 160.55 m
B. 150.55 m
C. 277.89 m
D. 158 m

Ans: A

ব্যাখ্যা: $v^2=u^2-2as$

$\therefore 2as=u^2-v^2$

বা, $s=\frac{u^2-v^2}{2a}=160.78\ m\approx 160.55$

$a=60cm/sec^2$
$=0.6\ m/sec^2$
$=50$ km/hr
13.89 m/sec
$v=0$

www.Educationblog24.Com

♦ **একটি বৈদ্যুতিক পাখা মিনিটে 1200 বার ঘুরে। সুইচ বন্ধ করার 2 মিনিট পর পাখাটি বন্ধ হয়ে যায়। থেমে যাওয়ার আগে পাখাটি ঘুরার সংখ্যা কত হবে?** [চুয়েট ১৫-১৬]

A. 1500 rev
B. 2000 rev
C. 3000 rev
D. 1200 rev

Ans: D

সমাধান: $\omega_0 = \frac{1200}{60}$ rev/sec $= 20$ rev/sec

$\omega = 0$ rev/sec; $t = 120$ sec

$\theta = \left(\frac{\omega_0 + \omega}{2}\right) t = \frac{20}{2} \times 120 = 1200$ rev

♦ **50 kg ভরের এক ব্যক্তি 1950 kg ভরের একটি গাড়ি স্থিরাবস্থা থেকে প্রথম 10 sec সমত্বরণে চলল। অতঃপর 10 min সমবেগে চালানোর পর ব্রেক চেপে 1 sec এর মধ্যে গাড়ি থামাল। যাত্রা শুরুর 4 sec পর গাড়ির বেগ 8 m/sec হলে গাড়ি কর্তৃক অতিক্রান্ত মোট দূরত্ব নির্ণয় কর।** [চুয়েট ১৩-১৪]

A. 12100 m
B. 12210 m
C. 12310 m
D. 12110 m

Ans: D

ব্যাখ্যা: ত্বরণ $a = \frac{8}{4} = 2$ ms^{-2}

10s পর বেগ, $v = u + at = 0 + 2 \times 10 = 20$ ms^{-1}

$\therefore S = \frac{1}{2} \times 2 \times 10^2 + 10 \times 60 \times 20 + \left(\frac{20+1}{2}\right) \times 1 = 12110$ m

♦ **ভূমির সঙ্গে 30° কোণে আনত একটি মসৃণ তল AB এর সর্বোচ্চ বিন্দু A থেকে একটি মসৃণ বস্তু গড়িয়ে 10 sec পরে সর্বনিম্ন বিন্দু B তে আসল ভূমি হতে A এর উচ্চতা হলো-** [চুয়েট ১২-১৩]

A. 212.25 m
B. 122.5 m
C. 368.48 m
D. None

Ans: B

ব্যাখ্যা: $h = s.\sin 30° = (ut + \frac{1}{2} at^2) \sin 30°$

$= (0 \times 10 + \frac{1}{2} \times 9.8 \times \sin 30° \times 10^2) \sin 30°$

$= 122.5$ m



♦ **ভূমির সঙ্গে 30° কোণে আনত একটি মসৃণ তল AB এর সর্বোচ্চ বিন্দু A থেকে একটি বস্তু মসৃণ ভাবে গড়িয়ে 10 sec পরে B বিন্দুতে আসলে। ভূমি হতে A এর উচ্চতা কত?** [চুয়েট ১৪-১৫]

A. 212.25 m
B. 122.5 m
C. 368.48 m
D. None

Ans: B

ব্যাখ্যা: AB বরাবর ত্বরণ $= g\cos 60°$

$\therefore$ AB বরাবর সরণ $= \frac{1}{2} g\cos 60° \times t^2 = \frac{1}{2} \times g\cos 60° \times 10^2 = 245$

$\therefore$ ভূমি হতে A এর উচ্চতা $= AB\sin 30° = 122.5$ m



♦ **স্থির অবস্থা থেকে মুক্তভাবে একটি প্রস্তর পড়ছে এবং পড়ন্ত অবস্থায় সবশেষ সেকেন্ডে এটা সাকুল্যে যে দূরত্ব অতিক্রম করে তা প্রথম তিন সেকেন্ডে যে দূরত্ব অতিক্রম করে তার সমান। প্রস্তরটি বাতাসে ছিল–** [চুয়েট ১১-১২]

A. 6 s
B. 5 s
C. 7 s
D. None these

Ans: B

ব্যাখ্যা: সর্বশেষ সেকেন্ডে দূরত্ব $S = \frac{1}{2} g(2t - 1)$

প্রথম তিন সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব, $S = \frac{1}{2} gt_3^2$

প্রশ্নমতে, $\frac{1}{2} g(2t - 1) = \frac{1}{2} gt_3^2$ বা, $2t - 1 = 32 = 9$ বা, $t = \frac{10}{2} = 5$ s

www.Educationblog24.Com

◆ **স্থির অবস্থা থেকে যাত্রা করে একটি বস্তু প্রথমে সেকেন্ডে 1 m দূরত্ব অতিক্রম করল। পরবর্তী 1 m অতিক্রম করতে বস্তুটির কত সময় লাগবে?** [চুয়েট ১১-১২]

A. 1 s
B. 1.414 s
C. 0.414 s
D. None these

Ans: C

ব্যাখ্যা: ১ম ক্ষেত্রে, $S = ut + \frac{1}{2}at^2$

বা, $1 = 0 + \frac{1}{2}a.1^2$

বা, $1 = \frac{a}{2}$.

$\therefore a = 2ms^{-2}$ এবং $v = u + at$

বা, $v = 0 + 2 \times 1 = 2\ ms^{-1}$

২য় ক্ষেত্রে, $S = ut + \frac{1}{2}at^2$

বা, $1 = 2t + \frac{1}{2}2t^2$

বা, $t^2 + 2t + 1 = 2$

বা, $(t = 1)^2 = 2$

বা, $t = 1 = \sqrt{2}$

$\therefore t = 1.414 - 1 = 0.414$ s

◆ **A ও B দুটো একই ধরনের প্রস্তর খণ্ড ভূমি থেকে উপরের স্থির অবস্থা থেকে ফেলানো হলো। A প্রস্তর খণ্ডটি h উচ্চতা থেকে এবং B প্রস্তর খণ্ডটি 2h উচ্চতা থেকে ফেলা হয়েছে। মাটিতে পড়তে যদি A প্রস্তর খণ্ডটি t সময় নেয় তবে B প্রস্তর খণ্ডটি কত সময় নেবে?** [বাতাসের বাধা শূন্য মনে করা যেতে পারে] [চুয়েট ০৯-১০]

A. 4t
B. 2t
C. $\frac{t}{\sqrt{2}}$
D. $\sqrt{2}\,t$

Ans: D

ব্যাখ্যা: A স্তরের ক্ষেত্রে, $h = \frac{1}{2}gt^2 \therefore t = \sqrt{\frac{2h}{g}}$

B প্রস্তরের ক্ষেত্রে, $2h = \frac{1}{2}gt_1^2$

$t_1 = \sqrt{\frac{4h}{g}} = \sqrt{2} \cdot \sqrt{\frac{2h}{g}} = \sqrt{2}t$

◆ **একটি পাথর একটি নির্দিষ্ট উচ্চতা থেকে 5 সেকেন্ডে ভূমিতে পতিত হয়। পাথরটিকে 3 সেকেন্ড পর থামিয়ে দিয়ে আবার পড়তে দেয়া হলো। বাকি দূরত্ব অতিক্রম করে পাথরটির ভূমেতে পৌঁছতে কত সময় লাগবে?** [রুয়েট ১৫-১৬]

সমাধান: পড়ন্ত বস্তুর ক্ষেত্রে, $h = v_0t + \frac{1}{2}g\,t^2 = \frac{1}{2}gt^2$

এখন, $h = \frac{1}{2} \times 9.8 \times 5^2 = 122.5$

আবার, $h_1 = \frac{1}{2} \times 9.8 \times 3^2 = 44.1 \therefore h_2 = 122.5 - 44.1 = 78.4$

$\therefore h_2 = \frac{1}{2}gt^2$ বা, $t = \sqrt{\frac{2h_2}{g}} = \sqrt{\frac{2 \times 78.4}{9.8}} = 4s$ **Ans.**

◆ **একজন চালক তার গাড়ী $S = \frac{1}{2}t^2 + 20t$ সূত্রানুসারে চালাতে আরম্ভ করল। 3 মিনিট পর তার গাড়ির অতিক্রান্ত দূরত্ব এবং প্রাপ্ত বেগ কত হবে?** [রুয়েট১৪-১৫]

A. 0.522 km & 20 ms^{-1}
B. 52.2 km & 200 ms^{-1}
C. 0.052 km & 2 ms^{-1}
D. 5.22 km & 20 ms^{-1}
E. None

Ans: E

ব্যাখ্যা: $s = \frac{1}{2}t^2 + 20t$ বা, $\frac{ds}{dt} = \frac{1}{2} \times 2t + 20$ বা, $\frac{ds}{dt} = t + 20$

$\therefore \frac{ds}{dt} = 3 \times 60 + 20 = 200\ ms^{-1} \therefore s = \frac{1}{2} \times (3 \times 60)^2 + 20 \times (3 \times 60) = 19800$ m

www.Educationblog24.Com
NOTEBASKET

♦ একটি দেয়াল ঘড়ির মিনিটের কাঁটার দৈর্ঘ্য 20 cm হলে, এর প্রান্তের রৈখিক বেগ কত? [রুয়েট ১৪-১৫]

A. 3.49×10^{-4} ms^{-1}
B. 9.34×10^{-4} ms^{-1}
C. 3.94×10^{-4} ms^{-1}
D. 8.34×10^{-4} ms^{-1}
E. None

Ans: A

ব্যাখ্যা: $\omega = \frac{2\pi}{60 \times 60} = \frac{2\pi}{3600}$

$\therefore v = \omega r = \frac{2\pi}{3600} \times \frac{20}{100} = 3.49 \times 10^{-4}$ ms^{-1}

♦ একজন লোক 48 ms^{-1} বেগে একটি বল খাড়া উপর দিকে নিক্ষেপ করে। বলটি কত সময় শূন্যে থাকবে এবং সর্বোচ্চ কত উপরে উঠবে? [রুয়েট ১৩-১৪]

A. 9.8 sec & 117.55 m
B. 9.8 sec & 117.55 m
C. 9.8 sec & 117.55 m
D. 8.9 sec & 117.55 m
E. None

Ans: A

ব্যাখ্যা: $T = \frac{2V_0}{g} = \frac{2 \times 48}{9.8} = 9.8$ sec; $H = \frac{V_0^2}{2g} = 117.55$ m

♦ 22 m/sec^2 মন্দন সৃষ্টিকারী বল প্রয়োগ করে একটি গাড়িকে 44 m দূরে থামানো হলে, গাড়িটির আদিবেগ কত? [রুয়েট ১২-১৩]

A. 40 ms^{-1}
B. 36 ms^{-1}
C. 44 ms^{-1}
D. 22 ms^{-1}
E. 11 ms^{-1}

Ans: C

ব্যাখ্যা: $0 = u^2 - 2 \times 22 \times 44 \therefore u = 44$ ms^{-1}

♦ বলের মাত্রা সমীকরণ কোনটি? [রুয়েট ১২-১৩]

A. [MLT^{-2}]
B. [MLT]
C. [MLT^{-1}]
D. [MLT^{-3}]
E. [MLT^{-4}]

Ans: A

ব্যাখ্যা: বল = ভর × ত্বরণ = ভর × $\frac{\text{দূরত্ব}}{(\text{সময়})^2} = m \times \frac{L}{T^{-2}} = [MLT^{-2}]$

♦ একটি ট্রেন কোনো স্থানকে 36 km/hr বেগে অতিক্রম করার পর 2 m/s^2 সুষম ত্বরণে চলে। 10 s পরে ট্রেনটির গতিবেগ কত হবে? [রুয়েট ০৯-১০]

A. 20 m/s
B. 30 m/s
C. 10 m/s
D. 36 m/s
E. 18 m/s

Ans: B

ব্যাখ্যা: $v = u + at = \frac{36 \times 100}{3600} + 2 \times 10 = 30$ ms^{-1}

♦ একটি বস্তুর ত্বরণ 'a' m/s^2 সময় 't' s এর সাথে $a = 3t - 1$ সমীকরণ অনুযায়ী পরিবর্তিত হয়। $t = 2$ s সময়ে বস্তুটির গতি হবে– [রুয়েট ১১-১২]

A. 4 m/s
B. 6 m/s
C. 9 m/s
D. 14 m/s
E. None

Ans: A

ব্যাখ্যা: $a = 3t - 1$বা, $\frac{dv}{dt} = 3t - 1$ বা, $dv = 3tdt - dt$

বা, $v = 3\int_0^2 tdt - \int_0^2 dt = 3\left[\frac{t^2}{2}\right]_0^2 - [t]_0^2 = 4$ m/s

www.Educationblog24.Com

◆ **একটি ট্রেন 22.5 m/s গতিবেগ নিয়ে যাত্রা করে। 10 s এ 325 m গেল। এর ত্বরণ কত?** [রুয়েট ১০-১১]

A. $2\ m/s^2$ B. $3\ m/s^2$
C. $4\ m/s^2$ D. $2.5\ m/s^2$
E. $1.5\ m/s^2$

Ans: A

সমাধান: $S = ut + \frac{1}{2}at^2$ বা, $325 = 22.5 \times 10 + \frac{1}{2}a \times 10^2 \therefore a = 2\ ms^{-2}$

◆ **20 m/s বেগে গতিশীল একটি ট্রেনের বেগ প্রতি সেকেন্ডে 3 m/s হারে হ্রাস পায়। থেমে যাওয়ার আগে ট্রেনটি কত দূরত্ব অতিক্রম করবে?** [রুয়েট ১০-১১]

A. 67.67 m B. 66.67 m
C. None D. 67.66 m
E. 76.67 m

Ans: B

ব্যাখ্যা: $v^2 = u^2 + 2as$ বা, $0^2 = 20^2 + 2 \times (-3) \times s \therefore s = 66.67\ m$

◆ **9.8 m/s বেগে একটি বলকে উপরের দিকে নিক্ষেপ করা হলো। এটি কত সময় পর ভূ-পৃষ্ঠে ফিরে আসবে?** [রুয়েট ০৯-১০]
$[g = 9.8\ m/s^2]$

A. 1 s B. 2 min
C. 2 s D. 4 s
E. 96.04 s

Ans: C

ব্যাখ্যা: প্রয়োজনীয় সময়, $T = \frac{2u}{g} = \frac{2 \times 9.8}{9.8} = 2\ s$

◆ **একটি ট্রেন স্থির অবস্থান থেকে 10 ms^{-2} ত্বরণে চলতে আরম্ভ করল। একই সময়ে একটি মোটর গাড়ি 100 ms^{-1} সমবেগে ট্রেনের সমান্তরালে চলা শুরু করল। ট্রেন মোটর গাড়িটিকে কখন পেছনে ফেলবে?** [রুয়েট ১১-১২]

সমাধান: মনে করি, x দূরত্ব অতিক্রম করার পর ট্রেনটি মোটর গাড়িটিকে অতিক্রম করে।
ট্রেন ও মোটর গাড়ি একই অবস্থান থেকে যাত্রা শুরু করেছিল এবং t সময় পর মিলিত হয় এবং ট্রেনটি মোটর গাড়িটিকে অতিক্রম করে। অর্থাৎ t সময়ে উভয়ই x দূরত্ব অতিক্রম করে।

$\therefore$ t সময়ে ট্রেনের অতিক্রান্ত দূরত্ব, $x = \frac{1}{2} \times 10 \times t^2 = 5t^2$ .....(i) [আদিবেগ শূন্য]

t সময়ে গাড়ির অতিক্রান্ত দূরত্ব, $x = 100\ t$ ..... (ii)

$\therefore$ (i) ও (ii) নং হতে পাই, $5t^2 = 100t$ বা, $t = 20\ s$

◆ **A ও B দুটি গাড়ি 40 s ধরে একই দিকে চলছে। A গাড়িটি 50 m/s সমবেগে চলে 25 m/s বেগে চলা B গাড়িটিকে t = 0s এ অতিক্রম করল। A গাড়িটিকে ধরার জন্য B গাড়িটি তাৎক্ষণিকভাবে গতি বাড়িয়ে সমত্বরণে 20 s এ 25 m/s থেকে 60 m/s বেগে উন্নীত হয়ে সমবেগে চলতে লাগলো। কত সময় পরে B গাড়িটি A গাড়িটিকে ধরতে পারবে?** [রুয়েট ০৭-০৮]

সমাধান: ধরি, B গাড়িটি t সে. সময়ে A গাড়িকে ধরতে পারবে।
A গাড়ির কর্তৃক অতিক্রান্ত দূরত্ব, $S_A = 50\ t$
একই দূরত্ব অতিক্রম করে B গাড়িটি A গাড়িকে ধরতে পারবে।

B গাড়ির ত্বরণ, $a = \frac{v - u}{t} = \frac{60 - 25}{20} = 1.75\ ms^{-2}$

B গাড়ির অতিক্রান্ত দূরত্ব

$s_1 = ut + \frac{1}{2}at^2 = 25 \times 20 + \frac{1}{2} \times 1.75 \times 20^2 = 850\ m$

এরপর B গাড়ি সমবেগে চলে।
তখন $s_2 = 60\ (t - 20)\ m$
প্রশ্নমতে, $S_a = s_1 + s_2$
বা, $50\ t = 850 + 60\ (t - 20)$
$\therefore t = 35\ s$

www.Educationblog24.Com

♦ ঘন্টায় 108 km বেগে চলমান একটি গাড়ির চালক 100 m দূরে একটি বালককে দেখতে পেয়ে সাথে সাথেই ব্রেক করল। গাড়িটি বালকটির 10 m সামনে থেমে গেল। গাড়িটির ত্বরণ কত ও গাড়িটি থামতে কত সময় লেগেছে? [রুয়েট ০৩-০৪]

সমাধান: এখানে, $s = (100 - 10) = 90\ m$

এখন, $u = \frac{108 \times 1000}{3600} = 30\ ms^{-1}$

$v^2 = u^2 + 2as$

$a = \frac{v^2 - u^2}{2s} = \frac{0^2 - 30^2}{2 \times 90} = -5\ ms^{-2}$

আবার, $v = u + at$

$\therefore t = \frac{v - u}{a} = \frac{0 - 30}{-5} = 6\ s$

www.Educationblog24.Com
NOTEBASKET
www.Educationblog24.Com

শাহজাহান তপন, আজিজ হাসান ও রানা চৌধুরী স্যারের বইয়ের গাণিতিক সমস্যাবলির সমাধান

১। **36 kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রযুক্ত হলে। মিনিটে এর বেগ 15 kmh^{-1} বৃদ্ধি পাবে?**

সমাধান: আমরা জানি,

ত্বরণ, $a = \frac{v-u}{t}$

$= \frac{4.167\ ms^{-1}}{60\ s}$

$\therefore a = 0.06945\ ms^{-2}$

NOTEBASKET

আমরা জানি,

বল, $F = ma$

$= 36\ kg \times 0.06945\ ms^{-2}$

$= 2.5\ N$

এখানে,

বস্তুর ভর, $m = 36\ kg$

সময়, $t = 1\ min = 60\ s$

বেগ বৃদ্ধি, $v - u = 15\ kmh^{-1}$

$= \frac{15 \times 1000}{60 \times 60}\ ms^{-1} = 4.167\ ms^{-1}$

প্রযুক্ত বল, $F = ?$

২। **10 g ভরের একটি বুলেট 300 ms^{-1} বেগে এক টুকরা কাঠের মধ্যে 4.5 cm প্রবেশ করে থেমে গেল। বাধাদানকারী বলের মান নির্ণয় কর। ঐ দূরত্ব যেতে বুলেটটির কত সময় লেগেছে?**

সমাধান:

আমরা জানি,

$v^2 = u^2 + 2as$

বা, $2as = v^2 - u^2$

বা, $a = \frac{v^2 - u^2}{2s}$

$= \frac{(0)^2 - (300 ms^{-1})^2}{2 \times 0.045\ m}$

$= \frac{-90000}{0.09}\ ms^{-2}$

$= -1000000\ ms^{-2}$

$= -10^6\ ms^{-2}$

এখন, $F = ma$

$= 0.01\ kg \times (-10^6\ ms^{-2}) = -10^4\ N$

$\therefore$ বাধাদানকারী বলের মান $10^4\ N$

আবার, আমরা জানি,

$v = u + at$

বা, $at = v - u$

বা, $t = \frac{v-u}{a}$

$= \frac{(0 - 300 ms^{-1})}{-10^6\ ms^{-2}}$

$= 3 \times 10^{-4}\ s$

নির্ণেয় সময় $3 \times 10^{-4}\ s$

এখানে,

বুলেটের ভর, $m = 10\ g$

$= \frac{10}{1000}\ kg = 0.01\ kg$

আদিবেগ, $u = 300\ ms^{-1}$

শেষবেগ, $v = 0\ ms^{-1}$

সরণ, $s = 4.5\ cm = \frac{4.5}{100}\ m$

$= 0.045\ m$

বাধাদানকারী বল, $F = ?$

সময়, $t = ?$

www.Educationblog24.com

৩। **45 kmh^{-1} বেগে চলন্ত একজন মোটর গাড়ির চালক হঠাৎ 26 m সামনে একটি বালককে দেখতে পেলেন। সাথে সাথে তিনি ব্রেক চেপে দিলেন। ফলে গাড়িটি বালকের 1 m সামনে এসে থেমে গেল। গাড়িটি থামাতে কত সময় লাগল এবং এর উপর কত বল প্রযুক্ত হলো? আরোহী সমেত গাড়ির ভর 1000 kg।**

সমাধান: আমরা জানি,

$v^2 = u^2 + 2as$

বা, $2as = v^2 - u^2$

বা, $a = \frac{v^2 - u^2}{2s}$

$= \frac{(0)^2 - (12.5\,ms^{-1})^2}{2 \times 25\,m}$

$= \frac{156.25}{50}\,ms^{-2}$

$= 3.125\,ms^{-2}$

এখানে,
আদিবেগ, $u = 45\,kmh^{-1}$
$= \frac{45 \times 1000}{60 \times 60}\,ms^{-1} = 12.5\,ms^{-1}$
শেষবেগ, $v = 0\,ms^{-1}$
অতিক্রান্ত দূরত্ব, $s = (26 - 1)\,m = 25\,m$
আরোহী সমেত গাড়ির ভর, $m = 1000\,kg$
গাড়িটি থামতে সময়, $t = ?$
প্রযুক্ত বল, $F = ?$

আবার, আমরা জানি,

$v = u + at$

বা, $at = v - u$

বা, $t = \frac{v - u}{a} = \frac{(0 - 12.5)ms^{-1}}{-3.125ms^{-2}} = 4\,s$

এখন প্রযুক্ত বল,

$F = ma$

$= 1000\,kg \times (-3.125\,ms^{-2})$

$= -3125\,N$ [মান ঋণাত্মক বলে বাধাদানকারী বল নির্দেশ করে]

অতএব, গাড়িটি থামতে সময় 4 s এবং প্রযুক্ত অর্থাৎ বাধাদানকারী বল 3125 N

৪। **20 N এর একটি বল 5 kg ভরের একটি স্থির বস্তুর উপর ক্রিয়া করে। যদি 5 s পর বলের ক্রিয়া বন্ধ হয়ে যায়, তবে প্রথম থেকে 12 s-এর বস্তু কত দূর যাবে?**

সমাধান: আমরা জানি,

$F = ma$

বা, $a = \frac{F}{m} = \frac{20\,N}{5\,kg} = 4\,ms^{-2}$

আবার,

$s_1 = ut_1 + \frac{1}{2}at_1^2$

$= 0 \times 5s + \frac{1}{2} \times 4ms^{-2} \times (5s)^2$

$= 50\,m$

এখন, 5s পরে বেগ,

$v = u + at = 0 + 4\,ms^{-2} \times 5s = 20\,ms^{-1}$

আবার, আমরা জানি,

$s_2 = vt_2 = 20\,ms^{-1} \times 7s = 140$

∴ প্রথম থেকে 12 s এ অতিক্রান্ত দূরত্ব,

$s = s_1 + s_2$

$= (50 + 140)\,m = 190\,m$

এখানে,
বল, $F = 20\,N$
ভর, $m = 5\,kg$
আদিবেগ, $u = 0\,ms^{-1}$
সময়, $t_1 = 5\,s$
পরবর্তী সময়, $t_2 = (12 - 5)\,s = 7\,s$

www.Educationblog24.Com
NOTEBASKET

৫। **একটি বস্তু স্থির অবস্থায় ছিল। 15 N এর একটি বল এর উপর 4 সেকেন্ড ধরে কাজ করে এবং তারপর আর কোনো কাজ করল না। বস্তুটি এরপর 9 সেকেন্ডে 54 m দূরত্ব গেল। বস্তুটির ভর কত?**

সমাধান: আমরা জানি,

$s_2 = vt_2$

বা, $v = \frac{s_2}{t_2}$

$= \frac{54\ m}{9\ s}$

$= 6\ ms^{-1}$

এখানে, 4 s পরে প্রাপ্ত বেগ $6\ ms^{-1}$

আমরা জানি,

$v = u + at_1$

বা, $a = \frac{v - u}{t_1}$

$= \frac{6\ ms^{-1} - 0\ ms^{-1}}{4\ s}$

$= 1.5\ ms^{-2}$

আবার, আমরা জানি,

$F = ma$

বা, $m = \frac{F}{a} = \frac{15\ N}{1.5\ ms^{-2}} = 10\ kg$

অতএব, বস্তুটির ভর 10 kg

এখানে,
আদিবেগ, $u = 0\ ms^{-1}$
বল, $F = 15\ N$
সময়, $t_1 = 4\ s$
সময়, $t_2 = 9s$
সরণ, $s_2 = 54\ m$
বস্তুটির ভর, $m = ?$

NOTEBASKET

৬। **5 kg ভরের একটি বন্দুক থেকে 10 g ভরের গুলি 400 ms^{-1} বেগে বেরিয়ে গেল। বন্দুকের পশ্চাৎ বেগ কত?**

সমাধান: আমরা জানি,

$MV = -mv$

বা, $V = \frac{-vm}{M}$

$= \frac{-0.01\ kg \times 400\ ms^{-1}}{5kg}$

$= -0.8\ ms^{-1}$

এখানে,
বন্দুকের ভর, $M = 5\ kg$
গুলির ভর, $m = 10\ g$
$= \frac{10}{1000}\ kg = 0.01\ kg$
গুলির বেগ, $v = 400\ ms^{-1}$
বন্দুকের পশ্চাৎ বেগ, $V = ?$

বন্দুকের বেগ ঋণাত্মক অর্থাৎ বুলেটের বা গুলির বেগ যে দিকে, রাইফেলের বেগ তার পশ্চাৎ দিকে।

৭। **স্কেটিং জুতা পায়ে দাঁড়ানো রুমার কাছে নয়ন 3.3 kg ভরের একটি বল ছোঁড়ে। রুমার ভর 48kg। বলটি লোফার সাথে সাথে রুমা 0.32 ms^{-1} বেগে গতিশীল হয়। রুমা যখন বলটি ধরে তখন বলটির বেগ কত ছিল?**

সমাধান: আমরা জানি,

$m_1v_1 = m_2v_2$

বা, $v_1 = \frac{m_2v_2}{m_2}$

$= \frac{51.3\ kg \times 0.32\ ms^{-1}}{3.3\ kg}$

$= 4.97\ ms^{-1}$

অতএব, বলটির বেগ $4.97\ ms^{-1}$

এখানে,
বলের ভর, $m_1 = 3.3\ kg$
রুমার ভর, $m = 48\ kg$
রুমার বেগ, $v_2 = 0.32\ ms^{-1}$
বলসহ রুমার ভর, $m_2 = 46 + 3.3 = 51.3\ kg$
বলটির বেগ, $v_1 = ?$

www.Educationblog24.Com

৮। **600 kg ভরের একখানি গাড়ি 20 ms^{-1} বেগে সরলপথে চলতে চলতে 1400 kg ভরের একখানি স্থির ট্রাকের সাথে ধাক্কা খেয়ে আটকে গেল। মিলিত গাড়ি দুটির বেগ কত হবে?**

সমাধান: আমরা জানি, স্থিতিস্থাপক সংঘর্ষের ক্ষেত্রে,

২৮। **কোনো মাধ্যমে A ও B দুটি সুর শলাকা একত্রে শব্দায়িত করলে প্রতি সেকেন্ডে 7 টি বিট উৎপন্ন হয়। A এর ভর কমালে বিট কমে। A এর কম্পাঙ্ক 450 Hz হলে B এর কম্পাঙ্ক কত?**

সমাধান: মনেকরি,

A ও B এর কম্পাঙ্ক যথাক্রমে n_A ও n_B

যেহেতু A-এর ভর কমালে বীট কমে সেহেতু $n_A < n_B$

$\therefore n_B = n_A + N$

$= 450 + 7$

$= 457$ Hz

নির্ণেয় কম্পাঙ্ক 457 Hz

এখানে,
বীট, $N = 7$
$n_A = 450$ Hz
$n_B = ?$

২৯। **A ও B দুটি সুরেলী কাঁটা এক সাথে ধ্বনিত হলে প্রতি সেকেন্ডে 5 টি বিট উৎপন্ন করে। A কে একটু ঘষা হলো। এতে বিটের সংখ্যা বৃদ্ধি পেল। B এর কম্পাঙ্ক 510 Hz হলে ঘষার পূর্বে A এর কম্পাঙ্ক কত ছিল।**

সমাধান: ধরি, A ও B দুটি সুলেলী কাঁটার কম্পাঙ্ক যথাক্রমে n_A ও n_B

যেহেতু A-এর ওজন কমালে বীট সংখ্যা বৃদ্ধি পায় সেহেতু $n_A > n_B$

ঘষার পূর্বে,

$\therefore n_A = n_B + N$

$= 510 + 5$

$= 515$ Hz

ঘষার পরে,

$n_A = n_B - N$

$= 510 - 5$

$= 505$ Hz

$\therefore$ ঘষার পূর্বে ও পরে A-এর কম্পাঙ্ক যথাক্রমে 515 Hz ও 505 Hz।

এখানে,
বীট, $N = 5$
$n_B = 510$ Hz
$n_A = ?$

৩০। **A ও B দুটি সুরেলী কাঁটা এক সাথে ধ্বনিত হলে প্রতি সেকেন্ডে 5 টি বিট উৎপন্ন করে। A কে একটু ঘষা হলে বিট সংখ্যা বৃদ্ধি পায়। B এর কম্পাঙ্ক 515 Hz হলে ঘষার পূর্বে A এর কম্পাঙ্ক কত ছিল।**

সমাধান: ধরি,

A ও B সুর শলাকার কম্পাঙ্ক যথাক্রমে n_A ও n_B

যেহেতু A কে ঘষা হলে বীট সংখ্যা বৃদ্ধি পায় সেহেতু $n_A > n_B$

$\therefore n_A = n_B + N$

$= 515 + 5$

$= 520$ Hz

অতএব, A -এর কম্পাঙ্ক 520 Hz ছিল।

এখানে,
$N = 5$
$n_A = ?$
$n_B = 515$ Hz?

৩১। **A সুর শলাকার কম্পাঙ্ক 288 Hz। A ও B সুরশলাকাদ্বয়কে একই সাথে বাজালে প্রতি সেকেন্ডে 4 টি বিট শোনা যায়। A কে কিছু ঘষে A এবং B কে পুনরায় একই সাথে বাজালে প্রতি সেকেন্ডে 5 টি বিট শোনা যায়। B সুরশলাকার কম্পাঙ্ক নির্ণয় কর।**

সমাধান: ধরি,

A ও B এর কম্পাঙ্ক যথাক্রমে n_A ও n_B

যেহেতু A-এর ভর কমালে বীট সংখ্যা বাড়ে সেহেতু $n_A > n_B$

$\therefore n_B = n_A - N$

$= 288 - 4$

$= 284$ Hz

নির্ণেয় কম্পাঙ্ক 284 Hz।

এখানে,
বীট, $N = 4$
$n_A = 288$ Hz
$n_B = ?$

www.Educationblog24.Com

৩২। A ও B দুটি সুরেলী কাঁটা একত্রে ধ্বনিত করলে প্রতি সেকেন্ডে 5 টি বিট উৎপন্ন হয়। A কে একটু ঘষে পুনরায় ধ্বনিত করলে একই সংখ্যক বিট উৎপন্ন হয়। B এর কম্পাঙ্ক 510 Hz। ঘষার পূর্বে ও পরে A এর কম্পাঙ্ক নির্ণয় কর এবং ঘটনাটি ব্যাখ্যা কর।

সমাধান: ধরি,

A ও B দুটি সুরেলী কাঁটার কম্পাঙ্ক যথাক্রমে n_A ও n_B

যেহেতু A-এর ওজন কমালে বীট সংখ্যা অপরিবর্তিত থাকে সেহেতু $n_A < n_B$

ঘষার পূর্বে,

$\therefore n_A = n_B - N$

$= 510 - 5$

$= 505$ Hz

এখানে,
বীট, $N = 5$
$n_B = 510$ Hz
$n_A = ?$

ঘষার পরে,

$n_A = n_B + N$

$= 510 + 5$

$= 515$ Hz

$\therefore$ ঘষার পূর্বে ও পরে A-এর কম্পাঙ্ক যথাক্রমে 505 Hz ও 515 Hz।

৩৩। দুটি সুর শলাকা A ও B একই সময়ে শব্দায়িত হওয়ায় প্রতি সেকেন্ডে 5 টি বিট উৎপন্ন করে। A এর বাহুতে এক খন্ড তার জড়ালে আবার তারা প্রতি সেকেন্ডে 5 টি বিট সৃষ্টি করে। B এর কম্পাঙ্ক 320 Hz হলে A এর কম্পাঙ্ক কত?

সমাধান: ধরি, A ও B এর কম্পাঙ্ক যথাক্রমে n_A ও n_B

যেহেতু A-এর ভর বাড়ালে বীট সংখ্যা অপরিবর্তিত থাকে সেহেতু $n_A > n_B$

$\therefore n_A = n_B + N$

$= 320 + 5$

$= 325$ Hz

অতএব, A-এর কম্পাঙ্ক 325 Hz

এখানে,
বীট, $N = 5$
$n_A = ?$
$n_B = 320$ Hz

৩৪। কোনো গ্যাসে 0.50 m ও 0.505 m তরঙ্গদৈর্ঘ্যবিশিষ্ট দুটি তরঙ্গ প্রতি সেকেন্ডে 6 টি বিট উৎপন্ন করলে শব্দের বেগ নির্ণয় কর।

সমাধান: ধরি, শব্দের বেগ v

আমরা জানি,

$$n_1 = \frac{v}{\lambda_1} \text{ এবং } n_2 = \frac{v}{\lambda_2}$$

বা, $n_1 - n_2 = v\left(\frac{1}{\lambda_1} - \frac{1}{\lambda_2}\right)$

বা, $N = v\left(\frac{\lambda_2 - \lambda_1}{\lambda_1\lambda_2}\right)$

বা, $v = \frac{N\lambda_1\lambda_2}{\lambda_2 - \lambda_1}$

$= \frac{6 \times 0.50 \times 0.505}{0.505 - 0.50}$ ms^{-1}

$\therefore v = 303$ ms^{-1}

$\therefore$ শব্দের বেগ 303 ms^{-1}

এখানে,
বীট, $N = 6$
$\lambda_1 = 0.50$ m
$\lambda_2 = 0.505$ m
$v = ?$

www.Educationbog24.com

৩৫। A ও B দুটি সুরশলাকা কোনো গ্যাসীয় মাধ্যমে 2 m এবং 2.02 m তরঙ্গদৈর্ঘ্যের শব্দ উৎপন্ন করে। A ও B একত্রে শব্দায়িত করলে 12 সেকেন্ড 40টি বিট উৎপন্ন করে। B এর কম্পাঙ্ক 333 Hz। A-এর বাহুতে মোম লাগিয়ে পুনরায় শব্দায়িত করলে সমসংখ্যক বিট উৎপন্ন করে।

(ক) গ্যাসে শব্দের বেগ নির্ণয় কর।

(খ) উদ্দীপকের A সুরশলাকার কম্পাঙ্ক ভর বৃদ্ধির আগে না পরে B এর কম্পাঙ্কের চেয়ে বেশি ছিল? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

সমাধান:

(ক) তরঙ্গ দৈর্ঘ্য বাড়লে একই মাধ্যমের জন্য কম্পাংক কমে যায়।

ধরি, মাধ্যমে শব্দের বেগ = v

A সুরশলাকার তরঙ্গদৈর্ঘ্য, $\lambda_A = 2m$ $[n_A > n_B]$

এবং B সুরশলাকার তরঙ্গদৈর্ঘ্য, $\lambda_B = 2.02$ $[m.\ n_B = 333\ Hz]$

$\therefore v = n_B\lambda_B = 333 \times 2.01 = 672.66\ ms^{-1}$

(খ) প্রতি সেকেন্ডে বিটের সংখ্যা, $N = \frac{40}{12} = \frac{10}{3}$ টি

আমরা জানি, ভর বাড়ালে বিটের সংখ্যা কমে 1 বিটের সংখ্যা অপরিবর্তিত থাকার অর্থ ভর বৃদ্ধি পাওয়ার সাথে সাথে বীটের সংখ্যা কমতে কমতে B এর সাথে মিলে যায় পরে আরো কমতে থাকে ফলে বীটের সংখ্যা আবারও বাড়তে থাকে এবং এক পর্যায়ে তা পূর্বের সংখ্যার সমান হয়।

এখানে,

$N = n_B - n_A$

বা, $n_A = 333 - \frac{10}{3}$

$= \frac{989}{3}$

$= 329.67\ Hz$



ভর বৃদ্ধির আগে A এর কম্পাংক B এর কম্পাংক হতে বেশি ছিল কারণ,

$v = n_A\lambda_A = v_B\lambda_B$

বা, $\frac{n_A}{n_B} = \frac{\lambda_B}{\lambda_A} = \frac{2.02}{2} = 1.01 > 1$

ফলে, $n_A > n_B$, $n_A = 333 + \frac{10}{3} = 336.33\ Hz$

পরে কমে গেছে একই পরিমাণ (যত পরিমাণ বৃদ্ধিপ্রাপ্ত ছিল) চিত্র দ্রষ্টব্য।

$n_A = 329.67\ Hz$

৩৬। একটি গিটারের তিনটি সদৃশএবং সমদৈর্ঘ্যের তার A, B, C-কে যথাক্রমে 100 N, 200 N ও 250 মানের বল দ্বারা টানা আছে। A তারটি 50 Hz কম্পাংকের শব্দ উৎপন্ন করে। রিপন অবাক হয়ে লক্ষ্য করল B ও C একত্রে কম্পিত করলে বীট শোনা যাচ্ছে কিন্তু A ও B তারকে একত্রে কম্পিত করলে বীট শোনা যাচ্ছে না।

(ক) B তারের কম্পাংক নির্ণয় কর।

(খ) A ও C তারকে একত্রে কম্পিত করলে বীট শোনা যায় না কেন –গাণিতিকভাবে ব্যাখ্যা কর। [য.বো '১৫]

সমাধান:

(ক) আমরা জানি,

কম্পাংক, $f \propto \sqrt{T}$ যেখানে T তারের টান।

অর্থাৎ টান বৃদ্ধি পেলে কম্পাংক বৃদ্ধি পায়।

www.Educationblog24.Com

A তারের জন্য, $f_A \propto \sqrt{T_A}$

B তারের জন্য, $f_B \propto \sqrt{T_B}$

তাহলে,

বা, $\frac{f_A}{f_B} = \sqrt{\frac{T_A}{T_B}}$

বা, $\frac{50}{f_B} = \sqrt{\frac{100}{200}}$

বা, $f_B = 50\sqrt{2}$

$= 70.7$ Hz

$\therefore$ B তারের কম্পাংক 70.7 Hz

(খ) প্রতি সেকেন্ডে বীটের সংখ্যা 10 বা তার কম হলে শোনা যাবে অন্যথায় শোনা যাবেনা।

গাণিতিকভাবে, C এর কম্পাংক f_c হলে,

$\frac{f_C}{f_B} = \sqrt{\frac{T_C}{T_B}}$

বা, $\frac{f_C}{50\sqrt{2}} = \sqrt{\frac{250}{200}}$

$\therefore f_C = 79$ Hz

A ও C তারের মধ্যেকার বীট সংখ্যা, $N = f_C - f_A = 79 - 50 = 29$ Hz > 10 Hz

প্রতি সেকেন্ডে বিটের সংখ্যা 10 বা তার কম হলে শব্দ শোনা যাবে কিন্তু 10 এর বেশি হলে তা শোনা যাবে না।

৩৭। $Y = 6 \sin\left(8\pi t - \frac{\pi x}{25}\right)$ একটি চলমান তরঙ্গের সমীকরণ নির্দেশ করে; যেখানে x ও y কে সেন্টিমিটারে প্রকাশ করা হয়েছে? তরঙ্গটি 0.09 kg m^{-3} ঘনত্বের মাধ্যমের মধ্য দিয়ে সঞ্চায়িত হচ্ছে।

নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

(ক) উদ্দীপকে বর্ণিত তরঙ্গের কম্পাংক নির্ণয় কর।

(খ) তরঙ্গটি শ্রাব্য কি-না—তীব্রতা লেভেল নির্ণয়ের মাধ্যমে প্রমাণ কর। [চ.বো '১৫]

সমাধান:

(ক) প্রদত্ত চলমান তরঙ্গের সমীকরণ,

$y = 6 \sin\left(8\pi t - \frac{\pi x}{25}\right)$ cm

তরঙ্গটিকে $y = A \sin(wt - 8)$ এর সাথে তুলনা করে পাই,

যেখানে,

$\omega = 2\pi n, \delta = \frac{2\pi}{\lambda} x$

$\omega = 8\pi$

বা, $2\pi n = 8\pi$

বা, $n = \frac{8\pi}{2\pi}$

$= 4$ Hz

$\therefore$ কম্পাংক 4 Hz

www.Educationblog24.Com

(খ) আমরা জানি,
শব্দের তীব্রতা,
$I = 2\pi^2 \rho v a^2 f^2$
$= 2x^2 \times 0.09 \times 2 \times 0.06^2 \times 4^2$
$= 0.2\ Wm^{-2}$
তীব্রতা লেভেল,

$$\beta = 10 \log\left(\frac{I}{I_0}\right)$$
$$= 10 \log\left(\frac{0.2}{10^{-12}}\right)$$
$$= 113\ dB$$

আমরা জানি, তীব্রতা লেভেল 110 dB অপেক্ষা বেশি হলে কাণে বেদনা দানকারী সূচন শব্দ শোনা যাবে। ফলে এই শব্দ শ্রাব্য কিন্তু ক্ষতিকর।

এখানে,
ঘনত্ব, $\rho = 0.09\ kgm^{-3}$
$\frac{2\pi}{\lambda} x = \frac{\pi}{25} x$ বা, $\lambda = 50\ cm = 0.5\ m$
শব্দের বেগ, $v = n\lambda = 4 \times 0.5 = 2\ ms^{-1}$
বিস্তার, $a = 6\ cm = 0.06\ m$
$f = n = 4\ Hz$

এখানে,
$I = 0.2\ Wm^{-2}$
$I_0 = 10^{-12}\ Wm^{-2}$

৩৮।

$$y_1 = 0.1 \sin\left(200\pi t - \frac{20\pi}{17}x\right) \qquad y_2 = 0.1 \sin\left(200\pi t + \frac{20\pi}{17}x\right)$$



উদ্দীপকে X ও Y মিটারে এবং সময় t সেকেন্ডে ধরে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাওঃ

(ক) প্রথম তরঙ্গটির তরঙ্গবেগ নির্ণয় কর।

(খ) উদ্দীপকে তরঙ্গদ্বয়ের মধ্যে উপরিপাতনের ফলে কোন ধরনের তরঙ্গ সৃষ্টি হবে গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে তোমার মতামতের ব্যাখ্যা কর। [দি.বো '১৫]

সমাধান: প্রদত্ত তরঙ্গ দুটি,

$$y_1 = 0.1 \sin\left(200\ \pi t - \frac{20\pi}{17}x\right)$$

এবং $y_2 = 0.1 \sin\left(200\ \pi t + \frac{20\pi}{17}x\right)$

(ক) প্রথম তরঙ্গের জন্য,

$$\frac{20\pi}{17}x = \frac{2\pi}{\lambda}x$$

বা, $\lambda = \frac{34}{20} = \frac{17}{10} = 1.7\ m$

এবং $\omega = 200\pi$
বা, $2\pi n = 200\pi$
বা, $n = 100\ Hz$
তরঙ্গবেগ,
$N = n\lambda$
$= 100 \times 1.7$
$= 170\ ms^{-1}$
উত্তর: $170\ ms^{-1}$

www.Educationblog24.Com

(খ) ধরি, লব্ধি তরঙ্গের সরণ = y [হাইগেনস এর নীতি অনুযায়ী]

তাহলে, $\vec{y} = \vec{y}_1 + \vec{y}_2$

যেহেতু তরঙ্গ দুটি বিপরীতমুখী,

$$y = y_1 - y_2$$

$$= 0.1 \sin\left(200\,\pi t - \frac{20\pi}{17}x\right) - 0.1 \sin\left(200\,\pi t + \frac{20\pi}{17}x\right)$$

$$= 0.1\left\{\sin\left(200\,\pi t - \frac{20\pi}{17}x\right) - \sin\left(200\,\pi t + \frac{20\pi}{17}x\right)\right\}$$

$$= 0.1 \times 2\sin\left(\frac{200\pi t - \frac{20\pi}{17}x + 200\pi t + \frac{20\pi}{17}x}{2}\right).\cos\left(\frac{200\pi t - \frac{20\pi}{17}x - 200\pi t - \frac{20\pi}{17}x}{2}\right)$$

$$= 0.2 \sin(200\pi t)\cos\left(\frac{-20\pi}{17}x\right)$$

$$= 0.2 \cos\left(\frac{20\pi}{17}x\right).\sin(200\pi t)$$

যেহেতু অগ্রগামী তরঙ্গের ন্যায় y এর সমীকরণে (vt – x) জাতীয় রাশি নাই তাই ইহা স্থির তরঙ্গের সমীকরণ।

৩৯। বায়ু মাধ্যমে C সুরশলাকাটি A ও B দুটি সুরশলাকার সাথে 5টি করে বীট উৎপন্ন করে। A সুরশলাকার কম্পাঙ্ক 385Hz। B সুরশলাকা হতে বায়ু মাধ্যমে নির্গত তরঙ্গের সমীকরণ হলো– (ক)

$$\mathbf{y = 0.9 \sin 10\,\pi\left(\frac{30t}{0.4} - \frac{x}{4.8}\right)}$$

(ক) B সুরশলাকা হতে নির্গত তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর।

(খ) C সুরশলাকার কম্পাঙ্ক কিভাবে নিশ্চিত হওয়া যায় তা গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। [ঢা.বো '১৭]

সমাধান:

(ক) B সুরশলাকার হতে নির্ণিত তরঙ্গের সমীকরণ :

$$y = 0.9 \sin 10\pi\left(\frac{30\,t}{0.4} - \frac{x}{4.8}\right)$$

$$= 0.9 \sin\left(\frac{300\pi}{0.4}t - \frac{10\pi}{4.8}x\right)$$

আমরা জানি,

$$\frac{2\pi}{\lambda} = \frac{10\pi}{4.8}$$

বা, $\lambda = 0.96$ m

উত্তর: 0.96 m

(খ) B সুরশলাকার কম্পাংক n_B হলে,

$$2\pi n_B = \frac{300\pi}{0.4}$$

বা, $n_B = 375$ Hz

C, A ও B এর সাথে সমান পরিমাণ বীট তৈরি করলে C সুরশলাকার কম্পাংক A ও B সুরশলাকাদ্বয়ের কম্পাংকের ঠিক মধ্যবর্তী হবে।

www.Educationblog24.com

যেহেতু বিটের সংখ্যা 5 ফলে,
A হতে B এর কম্পাংক সংখ্যা 5 কম হবে এবং C হতে B এর কম্পাংক সংখ্যাও 5 কম হবে। ফলে A এর কম্পাংক – C এর কম্পাংক = C এর কম্পাংক – B এর কম্পাংক বা, C এর কম্পাংকের দ্বিগুণ = A এবং B এর কম্পাংক। যদি C এর কম্পাংক n_C, A এর কম্পাংক n_A. হয় তবে,

$2n_C = n_A + n_B$

বা, $n_C = \frac{n_A + n_B}{2}$

$= \frac{385 + 375}{2}$

$= 380$ Hz

$\therefore$ C এর কম্পাংক 380 Hz

৪০। একটি অগ্রগামী তরঙ্গের সমীকরণ নিম্নরূপ যা পরবর্তীতে স্থির তরঙ্গ সৃষ্টি করে।

$$Y = 0.5 \text{ Sin} \left(800\pi t - \frac{2\pi}{0.5}x\right).$$

(ক) অগ্রগামী তরঙ্গটির তরঙ্গবেগ নির্ণয় কর।

(খ) উদ্দীপকে যে স্থিরতরঙ্গটি সৃষ্টি হবে তার কম্পাঙ্ক এবং মূল তরঙ্গটির কম্পাঙ্কের তুলনামূলক বিশ্লেষণ গাণিতিকভাবে ব্যাখ্যা কর। [কু.বো '১৭]

সমাধান: অগ্রগামী তরঙ্গের সমীকরণ:

$$Y = 0.5 \sin\left(800\,\pi t - \frac{2\pi}{0.5}x\right)$$

(ক) এখানে,

$\frac{2\pi}{\lambda} = \frac{2\pi}{0.5}$ [$\because \lambda = 0.5$ একক]

বা, $2\pi n = 800\,\pi$

বা, $n = 400$ Hz

$\therefore$ বেগ,

$v = n\lambda$

$= 400 \times 0.5$

$= 200$ একক

(খ) অপর তরঙ্গটি,

$$Y^1 = 0.5 \sin\left(800\,\pi t + \frac{2\pi}{0.5}x\right)$$

Y_1 লব্ধি তরঙ্গ হলে,

$Y_1 = Y + Y^1$ [$\because$ উভয় তরঙ্গ একই দিকে গতিশীল]

$$= 0.5 \sin\left(800\,\pi t - \frac{2\pi}{0.5}x\right) + 0.5 \sin\left(800\,\pi t + \frac{2\pi}{0.5}x\right)$$

$$= 0.5 \times 2 \sin 800\,\pi t \cos\frac{2\pi}{0.5}x$$

$$= 1 \sin 800\,\pi t. \cos\frac{2\pi}{0.5}x$$

লব্ধি তরঙ্গের কম্পাংক n_1 হলে,

$2\pi n_1 = 800\,\pi$

বা, $n_1 = 400$ Hz

যা মূল তরঙ্গের কম্পাংকের সমান।

www.Educationblog24.Com

৪১। $y = 0.5 \sin 2\pi (50t - 0.75x)$ একটি অগ্রগামী তরঙ্গের সমীকরণ।

(ক) তরঙ্গটি 6s. এ কত দূরত্ব অতিক্রম করে?

(খ) যদি এরূপ আর একটি তরঙ্গ বিপরীত দিক হতে পরস্পরের উপর আপতিত হয় তবে সৃষ্ট তরঙ্গটি কিরূপ হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। [রা.বো '১৭]

সমাধান:

(ক) প্রদত্ত অগ্রগামী তরঙ্গের সমীকরণ,

$$y = 0.5 \sin 2\pi (50t - 0.75\,x)$$
$$= 0.5 \sin (100\,\pi t - 1.5\,\pi x)$$

এখানে,

$\frac{2\pi}{\lambda} = 1.5\,\pi$

বা, $\lambda = 1.33$ একক

এবং $2\pi n = 100\pi$

বা, $n = 50$ Hz

∴ বেগ,

$$v = n\lambda$$
$$= 50 \times 1.33$$
$$= 66.5 \text{ একক}$$

6s এ অতিক্রান্ত দূরত্ব,

$$x = vt$$
$$= 66.5 \times 6$$
$$= 399 \text{ একক}$$

(খ) ধরি, তরঙ্গ দুটি,

$y_1 = 0.5 \sin (100\,\pi t - 1.5\,\pi x)$

এবং $y_2 = 0.5 \sin (100\,\pi t + 1.5\,\pi x)$

এবং লব্ধি তরঙ্গটি, y,

তাহলে,

$$y = y_1 - y_2$$
$$= 0.5 \sin (100\,\pi t - 1.5\,\pi x) - 0.5 \sin (100\,\pi t + 1.5\,\pi x)$$
$$= 0.5 \times 2 \sin 100\,\pi t.\ \cos (-1.5\,\pi x)$$
$$= \cos (1.5\,\pi x).\ \sin 100\,\pi t$$
$$= A \sin (100\,\pi t) \text{ যা একটি স্থির তরঙ্গ। কারণ এখানে } (vt - x) \text{ জাতীয় রাশি নাই।}$$

লব্ধি তরঙ্গের বিস্তার, $A = \cos (1.5\,\pi x)$

৪২। একটি সনোমিটারে সদৃশ ও সমদৈর্ঘ্যের তিনটি তার A, B ও C-এ যথাক্রমে 200, 225 ও 250 N বল ঝুলিয়ে টানটান করা হল। A তারটিকে শব্দায়িত করায় 100Hz কম্পাংকের শব্দ উৎপন্ন হল। দুটি করে তার একসাথে শব্দায়িত করলে বিট উৎপন্ন হয় কিনা পরীক্ষা করা হল।

(ক) উদ্দীপকের দ্বিতীয় তারটির কম্পাঙ্ক নির্ণয় কর।

(খ) বিট উৎপন্নের পরীক্ষার ফলাফল গাণিতিক বিশ্লেষণপূর্বক আলোচনা কর। [চ.বো '১৭]

সমাধান: আমরা জানি,

কম্পাংক, $n \propto \sqrt{T}$ যেখানে, T হলো তারের টান

ধরি, A, B, C তার তিনটির কম্পাংক যথাক্রমে n_A, n_B ও n_C এদের টান যথাক্রমে T_A, T_B ও T_C

www.Educationblog24.Com

(ক) টান যথাক্রমে T_A, T_B ও T_C

$$\frac{n_A}{n_B} = \sqrt{\frac{T_A}{T_B}}$$

বা, $\frac{100}{n_B} = \sqrt{\frac{200}{225}}$

বা, $n_B = 106$ Hz

উত্তর: 106 Hz

এখানে,
$n_A = 100$ Hz
$T_A = 200$ N
$T_B = 225$ N

(খ) $\frac{n_C}{n_A} = \sqrt{\frac{T_C}{T_A}}$

বা, $n_C = 100\sqrt{\frac{250}{200}}$

$= 111.8$ Hz

≈ 112 Hz

এখানে,
$n_A = 100$ Hz
$T_1 = 250$ N
$T_A = 200$ N

A ও B তারদ্বয়ের ফলে সৃষ্ট বীট সংখ্যা, $N_1 = 106 - 100 = 6$ Hz
B ও C তারদ্বয়ের ফলে সৃষ্ট বীট সংখ্যা, $N_2 = 112 - 106 = 6$ Hz
A ও C তারদ্বয়ের ফলে সৃষ্ট বীট সংখ্যা, $N_3 = 112 - 100 = 12$ Hz > 10 Hz
সুতরাং A ও C তাদের বীট সংখ্যা 10 Hz অপেক্ষা বেশি ফলে তা শোনা যাবে না।

৪৩। **16 m দীর্ঘ টানা তারে আড় কম্পন সৃষ্টি করতে পর্যাবৃত্ত বল প্রয়োগ করা হলে সৃষ্ট অগ্রগামী তরঙ্গের সমীকরণ হবে $y = 2 \sin \pi \left(30t - \frac{x}{4}\right)$; সকল রাশি SI এককে প্রকাশিত।**

(ক) টানা তারে যে স্থির তরঙ্গ সৃষ্টি হবে এর কম্পাঙ্ক নির্ণয় কর।

(খ) উদ্দীপকে বর্ণিত তারটিতে আন্দোলনের ফলে জোড় সংখ্যক লুপ সৃষ্টি হবে কি-না? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। [ব.বো '১৭]

সমাধান:

(ক) টানা তারে যে স্থির তরঙ্গের সৃষ্টি হবে তা

$Y = y_1 + y_2$

এখানে,

$$y_1 = 2 \sin \pi \left(30t - \frac{x}{4}\right)$$

$$y_2 = 2 \sin \pi \left(30t + \frac{x}{4}\right)$$

$$y = 2 \sin \pi \left(30t - \frac{x}{4}\right) + 2 \sin \pi \left(30t + \frac{x}{4}\right)$$

$$= 2 \times 2 \sin (30\pi t). \cos\left(-\frac{\pi x}{4}\right)$$

$$= 4 \cos\left(\frac{\pi x}{4}\right). \sin (30\pi t)$$

$$= A \sin (30\pi t)$$

আমরা জানি,

$2\pi n = \omega = 30\pi$

$\therefore n = 15$ Hz

উত্তর: 15 Hz

www.Educationblog24.Com

(খ) আমরা জানি,

$$\frac{2\pi}{\lambda} = \frac{\pi}{4}$$

বা, $\lambda = 8m$

λ দৈর্ঘ্যে দুটি লুপ সৃষ্টি হয়

অর্থাৎ 8m দৈর্ঘ্যে সৃষ্টি হয় দুটি লুপ

$\therefore$ 16m দৈর্ঘ্যে সৃষ্টি হবে $2 \times 2 = 4$টি লুপ।



হ্যাঁ জোড় সংখ্যক লুপ সৃষ্টি হবে।

৪৪। পদার্থবিজ্ঞানের শিক্ষার্থী লিয়ানা দুটি সুরশলাকা নিয়ে দেখল যে, একটির গায়ে 312Hz লেখা আছে। সে শলাকা দুটি একত্রে শব্দায়িত করে প্রতি সেকেণ্ডে 6টি বীট শুনতে পেল। এবার সে অজানা সুরশলাকার গায়ে তার পেঁচিয়ে একইভাবে শব্দায়িত করে প্রতি সেকেন্ডে একই সংখ্যক বীট শুনতে পেল। এখানে জানা সুরশলাকা থেকে সৃষ্ট শব্দের বেগ $340ms^{-1}$।

(ক) কতটি পূর্ণ কম্পন সম্পন্ন করে জানা কম্পাঙ্কের সুরশলাকার সৃষ্ট শব্দ 130m দূরত্ব অতিক্রম করবে?

(খ) লিয়ানা ভর বাড়ানোর পূর্বে ও পরে নির্ণীত অজানা কম্পাংকের মধ্যে কোনো পার্থক্য পেয়েছিল কিনা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। [সি.বো '১৭]

সমাধান:

(ক) ধরি, দুটি সুরশলাকা A ও B. যাদের কম্পাংক ও তরঙ্গ দৈর্ঘ্য যথাক্রমে n_A ও n_B এবং λ_A ও λ_B

n_A জানা কম্পাংক n_B অজানা।

আমরা জানি,

$V_A = n_A\lambda_A$

বা, $\lambda_A = \frac{340}{312}$

$= 1.09$ m

এখানে,
$v_A = 340\ ms^{-1}$
$n_A = 312$ Hz
$\lambda_A = ?$

1.09 m যেতে পূর্ণ কম্পন সম্পন্ন হয় 1টি

$\therefore$ 1 যেতে পূর্ণ কম্পন সম্পন্ন হয় $\frac{1}{1.09}$ টি

$\therefore$ 130 যেতে পূর্ণ কম্পন সম্পন্ন হয় $\frac{130}{1.09}$ টি

$= 119$ টি

উত্তর: 119টি

(খ) আমরা জানি, ভরবৃদ্ধি পেলে কম্পাংক কমে ফলে, বীটের সংখ্যাও কমে যায় যদি অজানা কম্পাংক জানা কম্পাংক হতে বেশি থাকে।

এখন অজানা কম্পাংকের সুরশলাকার বাহুতে ভরবৃদ্ধি করা হলো এবং বিটের সংখ্যা একই পাওয়া গেল এর কারণ ভর বৃদ্ধির ফলে অজানা কম্পাংক জানা কম্পাংক হতে কমতে থাকে এবং বীটের সংখ্যাও কমতে থাকে।

[বীট N = অজানা কম্পাংক – জানা কম্পাংক]

এবং এক পর্যায়ে অজানা কম্পাংক জানা কম্পাংকের সমান হয় ফলে N = 0 বা বীট শূন্য হয়ে যায় পরবর্তীতে অজানা কম্পাংক জানা কম্পাংক হতে আরো কমতে থাকে।

www.Educationblog24.Com

এক্ষেত্রে বীট, N^1 = জানা কম্পাংক – অজানা কম্পাংক এবং এক পর্যায়ে $N^1 = N$ হয়। অর্থাৎ কম্পাংকের পার্থক্য একই হয়।

ব্যাপারটাকে চিত্রিত করি:



∴ কম্পাংকের পার্থক্য:

ভর বাড়ানোর পূর্বে n_B হলে,

$n_B = N + n_A = 6 + 312 = 318$ Hz

ভর বাড়ানোর পর কম্পাংক n^1_B হলে,

$n_B^{\ 1} = n_A - N = 312 - 6 = 306$ Hz

কম্পাংকের পার্থক্য $= 318 - 306 = 12$ Hz

লিয়ানো কম্পাংকের পার্থক্য 12 Hz পেয়েছিল।

৪৫। রেকর্ডিং কাজে ব্যবহৃত একটি গ্রামোফোন রেকর্ড প্রতি মিনিটে 10 টি ঘূর্ণন সম্পন্ন করে। এতে 2টি ট্র্যাক -এর ব্যাসার্ধ যথাক্রমে 6 cm এবং 8 cm।

(ক) গ্রামোফোন -এর ট্র্যাক দুটির রৈখিক দ্রুতি নির্ণয় কর।

(খ) যদি গ্রামোফোন রেকর্ডটি 10% বেশি কৌণিক দ্রুতিতে ঘুরে তবে শব্দের তীব্রতার কোনো পরিবর্তন হবে কী? বিশ্লেষণ কর। [ব.বো '১৭]

সমাধান:

(ক) আমরা জানি,

$v = \omega r$

$= 2\pi \frac{N}{t} r$

১ম ট্রাকের জন্য,

$v_1 = \frac{2\pi N_1 r_1}{t}$

$= \frac{2\pi \times 10 \times 10.06}{60}$

$= 0.063\ ms^{-1}$

২য় ট্রাকের জন্য,

$v_2 = \frac{2\pi N_2 r_2}{t}$

$= \frac{2\pi \times 10 \times 0.08}{60}$

$= 0.084\ ms^{-1}$

এখানে,
$N_1 = 10$, $t = 1\ min = 60\ s$
$r_1 = 6\ cm = 0.6\ m$
রৈখিক বেগ, $v_1 = ?$

এখানে,
$N_2 = 10$
$t = 60\ s$
$r_2 = 8\ cm = 0.08\ m$
$v_2 = ?$

(খ) আমরা জানি, তীব্রতা,

$I = 2\pi^2 a^2 n^2 \rho v$

$= 2\pi^2 a^2 n^2 \rho . \omega r$

$= 2\pi^2 a^2 n^2 \rho r . \omega$

প্রাথমিক অবস্থায় কৌণিক দ্রুতি ω_0 এবং তীব্রতা I_0

শেষ অবস্থায় কৌণিক দ্রুতি ω_f এবং তীব্রতা I_f

www.Educationblog24.Com

প্রশ্নমতে,

$\omega_f = \omega_0 + 10\%\ \omega_0$

$= 1.1\ \omega_0$

বা, $\frac{I_f}{I_0} = \frac{\omega_f}{\omega_0} = \frac{1.1\ \omega_0}{\omega_0} = 1.1$

বা, $\frac{I_f - I_0}{I_0} = \frac{1.1 - 1}{1} = \frac{0.1}{1} = 10\%$

তীব্রতার পরিবর্তন মূল তীব্রতার 10% হবে।

৪৬। **A ও B দুটি সুর শলাকা একটি গ্যাসে 50cm ও 51cm তরঙ্গদৈর্ঘ্যের শব্দ উ'পন্ন করে। শলাকা দুটিকে একত্রে শব্দায়িত করলে প্রতি সেকেণ্ডে 6টি বিট শোনা যায়। A-এর কম্পাঙ্ক 500Hz।**

(ক) **গ্যাসটিতে শব্দের বেগ কত হবে হিসাব কর।**

(খ) **B শলাকটিকে একটু ঘষে পুনরায় শব্দায়িত করলে বিট সংখ্যার কোনো পরিবর্তন হয় না– ঘটনাটি ব্যাখ্যা কর।** [দি.বো '১৭]

সমাধান: ধরি,

$\lambda_A = 50\ \text{cm} = 0.5\ \text{m}$

$\lambda_B = 51\ \text{cm} = 0.51\ \text{m}$

$\lambda_B > \lambda_A$ ফলে, $n_A > n_B$

$\therefore N = n_A - n_B$

বা, $n_B = n_A - N = 500 - 6 = 494\ \text{Hz}$

(ক) বেগ,

$v = n\lambda$

$= n_A\lambda_A$

$= 500 \times .5$

$= 250\ \text{ms}^{-1}$

(খ) আমরা জানি ঘষলে কম্পাংক বেড়ে যায়। এমনভাবে বেড়ে যায় যে A এর কম্পাংককে অতিক্রম করে এমন এক কম্পাংকে পৌঁছে যেন বীট সংখ্যা সমান থাকে, পরবর্তী কম্পাংক $n_B^{\ 1}$ হলে,

$N = n_B^{\ 1} - n_A$

বা, $n_{|B}^{\ 1} = 6 + 500 = 506\ \text{Hz}$

উত্তর: 2ms^{-1}

৪৭। **দুটি খুঁটির সাথে 2 m দীর্ঘ একটি তার টানটান করে বাঁধা আছে। তারটির মাঝখানে টান দিয়ে ছেড়ে দিলে 4টি লুপ উৎপন্ন হয়। এক্ষেত্রের তরঙ্গের কম্পাঙ্ক 2 Hz।**

(ক) **উদ্দীপকে সৃষ্ট তরঙ্গের বেগ নির্ণয় কর।**

(খ) **এ ধরনের তরঙ্গের কোনো বিন্দুতে স্পন্দ সর্বোচ্চ এবং কোনো বিন্দুতে স্পন্দন সর্বনিম্ন হওয়ার কারণ চিত্রসহ গাণিতিকভাবে বিশ্লেষণ কর।** [মাদ্রাসা.বো '১৭]

সমাধান:

(ক) তরঙ্গের তরঙ্গ দৈর্ঘ্য,

$\lambda = 2 \times \frac{L}{N}$

$= \frac{2 \times 2}{4}$

$= 1\text{m}$

এখানে,
তারের দৈর্ঘ্য, $l = 2\text{m}$
লুপের সংখ্যা, $N = 4\text{টি}$
কম্পাংক, $n = 2\text{Hz}$
তরঙ্গবেগ, $v = n\lambda = 2 \times 1 = 2\ \text{ms}^{-1}$

www.Educationblog24.Com

(খ)



A, B, C, D, E, F, G, H বিন্দু স্পন্দন সর্বোচ্চ হয় P, Q, R, S, T বিন্দুতে স্পন্দন সর্বনিম্ন হয়। কারণ স্থিরতরঙ্গস্থিত কণাগুলো সুস্পন্দন বিন্দুতে সর্বোচ্চ সরণে কম্পতে থাকে ফলে, উল্লেখিত বিন্দুগুলোতে স্পন্দন সর্বোচ্চ ও বিস্তারও সর্বোচ্চ হয়। এবং নিস্পন্দন বিন্দুগুলোতে দুটি তরঙ্গের কণাগুলোর লব্ধি সরণ শূন্য হয় ফলে তারা স্থির হয়ে যায়।

P হতে A ও E তে যেতে স্পন্দন বাড়তে বাড়তে সর্বোচ্চ অবস্থানে পৌঁছে এবং A ও E হতে Q তে তা কমতে কমতে শূন্যে নেমে আসে এবং এ ঘটনা চারটি লুপে পর্যায়ক্রমে আবর্তিত হয়।

৪৮। ব্যাডমিন্টন খেলার রেফারি বাঁশি বাজিয়ে $y_1 = 10 \sin \pi \left(200t - \frac{x}{3.4}\right)$ তরঙ্গের শব্দ সৃষ্টি করে খোলোয়াড়দের মনোযোগ আকর্ষণ করল। শব্দটি 40 m দূরে একটি দেয়ালে প্রতিফলিত হয়ে রেফারির কাছে ফিরে আসল। রেফারি থেকে দেয়ালের দিকে 13.6 m দূরে রীতা এবং 18.7 দূরে মিতা নামের খেলোয়াড় দাঁড়িয়ে ছিল।

(ক) রেফারি সৃষ্ট শব্দের কম্পাঙ্ক নির্ণয় কর।

(খ) প্রতিফলনের পর রীতা ও মিতা উভয়েই কি সমান জোরালে শব্দ শুনতে পাবে? উদ্দীপকের আলোকে গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। [অভিন্ন প্রশ্ন (খ সেট) '১৮]

সমাধান:

(ক) দেওয়া আছে,

$$y_1 = 10 \sin \pi \left(200t - \frac{x}{3.4}\right)$$

$$= 10 \sin \left(200\,\pi t - \frac{\pi x}{3.4}\right)$$

আমরা জানি,

$\omega = 200\,\pi$

বা, $2\pi n = 200\pi$

বা, $n = 100$ Hz

উত্তর: 100 Hz

(খ) এখানে,

$$\frac{2\pi}{\lambda} = \frac{\pi}{3.4}$$



আমরা জানি,

প্রতিধ্বনি শোনার ক্ষেত্রে প্রতিফলক ও শ্রোতার মধ্যেকার ন্যূনতম দূরত্ব 16.5 m হতে হবে।

এক্ষেত্রে, মিতা ও রিতা উভয়ই দেয়াল হতে 16.5 m অপেক্ষা বেশি দূরত্ব আছে।

www.Educationblog24.Com

A বিন্দুতে দশা পার্থক্য,

$$\Delta\delta = \frac{2\pi}{\lambda} \times \text{পথ পার্থক্য} = \frac{2\pi}{3.4} \times 26.4 = 7.765\,\pi$$

ফলে, রিতা শব্দ শুনতে পাবে।

B বিন্দুতে দশা পার্থক্য,

$$\Delta\delta = \frac{2\pi}{\lambda} \times \text{পথ পার্থক্য} = \frac{2\pi}{3.4} \times 21.3 = 6.265\,\pi$$

∴ মিতা শব্দ শুনতে পাবে।

যেহেতু মিতা রিতা হতে দেয়ালের দিকে অধিক অগ্রবর্তী এবং শব্দের তীব্রতা দূরত্বের ব্যাস্তানুপাতিক ফলে মিতা, রিতা হতে অধিক জোড়ালো শব্দ শুনতে পাবে।

৪৯-৮২ নং পর্যন্ত বুয়েট, কুয়েট, চুয়েট ও বোর্ড অংশে সমাধান দ্রষ্টব্য

www.Educationblog24.Com

ব্যাখ্যা কর।

সমাধান: মুরগীর সংখ্যা বাড়ায় শব্দের তীব্রতা বেড়ে যাবে।

নতুন শব্দের তীব্রতা $= \frac{2900 \times 3.2 \times 10^{-4}}{900} \text{ wm}^{-2} = 1.92 \times 10^{-3} \text{ wm}^{-2}$

$\therefore \beta = 10 \log \frac{1.92 \times 10^{-3}}{10^{-12}} = 92.8 \text{ dB}$

বুয়েট, কুয়েট, রুয়েট, চুয়েট, মেডিকেল, টেক্সটাইল, বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের ভর্তি পরীক্ষার গাণিতিক সমস্যাবলির সমাধান

◆ **একটি সুতা নিম্নলিখিত সমীকরণ অনুসারে কম্পিত হয় : $y = 5 \sin \frac{\pi x}{3} \cos 40 \pi t$, যেখানে x এবং y এর মান সেন্টিমিটারে এবং t এর মান সেকেন্ড-এ। যে দুটি তরঙ্গের সমন্বয়ে উপরের কম্পনটির সৃষ্টি হয়েছে তাদের বিস্তার ও বেগ কত?** [বুয়েট ১৮-১৯]

সমাধান: প্রশ্নমতে,

$y = 5 \sin \frac{\pi x}{3} \cos 40 \pi t$ সমীকরণটিকে $y = 2a \sin \left(\frac{2\pi}{\lambda} x\right) \cos \left(\frac{2\pi}{\lambda} vt\right)$

সমীকরণের সাথে তুলনা করে পাই, $2a = 5$ বা, $a = 2.5$ cm

আবার, $\frac{2\pi x}{\lambda} = \frac{\pi x}{3}$ বা, $\lambda = 6$ m

আবার, $\frac{2\pi}{\lambda} vt = 40 \pi t$ বা, $\frac{2v}{\lambda} = 40$

বা, $2v = 40 \times 6$ বা, $v = 120 \text{ cms}^{-1}$ বিস্তার 2.5 cm বেগ 120 cms^{-1} **Ans.**

◆ **একটি সুতায় দুটি তরঙ্গের মিলনের ফলে যে স্থির তরঙ্গের সৃষ্টি হয় তার সমীকরণ হচ্ছে $y = 5 \sin \frac{\pi x}{3} \cos 40\pi t$, যেখানে x ও y হল সে.মি –এ এবং t হল সেকেন্ডে। (ক) তরঙ্গ দুটির প্রত্যেকটির বিস্তার ও বেগ কত?** [বুয়েট ১৬-১৭]

সমাধান: $y = 5 \sin \frac{\pi x}{3} \cos 40\pi t = A \cos 40\pi t$

আবার, $y = 5 \sin \frac{2\pi}{\lambda} \times \cos \omega t$

ক. প্রত্যেকটি তরঙ্গের বিস্তার $\frac{5}{2}$

প্রত্যেকটি তরঙ্গের বেগ $= \frac{\lambda}{2\pi} \times 40\pi \left[\frac{2\pi}{\lambda} x = \frac{\pi x}{3}\right] = \lambda \times 20 = 6 \times 20 = 120$ cms

খ. দুটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব $= \frac{\lambda}{2} = 3$ cm

www.Educationblog24.Com

একটি টানা তারের ভর = 50 g এবং দৈর্ঘ্য 2m। এর সাথে 5 kg ভরের বস্তু ঝুলালে মূল সুরের কম্পাঙ্ক কত? [বুয়েট ১৫-১৬]

সমাধান : $f=\frac{1}{21}\sqrt{\frac{T}{\mu}}=\frac{1}{2\times 2}\sqrt{\frac{\frac{5\times 9.8}{50\times 10^{-3}}}{2}}=11.07\ \text{Hz}$

একটি লাউড স্পীকারের শঙ্কু (cone) 262 Hz কম্পাঙ্কে সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত হয়। শঙ্কুর কেন্দ্রের বিস্তার $A = 1.5\times10^{-4}$ m এবং $t = 0$ সময়ে সরণ $x = A$ হয়। শঙ্কুর কেন্দ্রের গতি বর্ণনাকারী সমীকরণটি নির্ণয় কর। শঙ্কুর বেগ ও ত্বরণকে সময়ের ফাংশন হিসাবে প্রকাশ কর। [বুয়েট ১৪-১৫]

সমাধান: আমরা জানি,

$\omega = 2\pi f = 2\pi\times 262 = 524\pi\ \text{rads}^{-1}$

গতির সমীকরণ, $x = A\cos\omega t$

$\therefore x = 1.5\times10^{-4}\cos 524\pi t$

বেগ, $v=\frac{dx}{dt}$

$\therefore v = -0.24693\sin 524\pi t$

ত্বরণ, $a=\frac{dv}{dt}$

$\therefore a = 406.493\cos 524\pi t$

দুটি $\pi/2$ rad দশা পার্থক্যের সদৃশ অগ্রগামী তরঙ্গ একই দিকে ধাবিত হচ্ছে। যদি তরঙ্গ দুটির প্রত্যেকটির বিস্তার y_m হয় তবে লব্ধি তরঙ্গটির বিস্তার কত? [বুয়েট ১৪-১৫]

সমাধান: যেহেতু দশা পার্থক্য $\pi/2$ সুতরাং লব্ধি তরঙ্গের বিস্তার

$y=\sqrt{{y_m}^2+{y_m}^2}=y_m\sqrt{2}$

একটি সুতা $y = 5\cos\frac{\pi}{3}x\sin 40\pi t$ সমীকরণ অনুযায়ী স্পন্দিত হচ্ছে। যে তরঙ্গ দুইটির উপরিপাতনের ফলে স্পন্দনটির সৃষ্টি হয় তার বিস্তার ও বেগ নির্ণয় কর। এখানে x ও y এর একক হচ্ছে cm এবং t এর একক হচ্ছে sec [বুয়েট ১৩-১৪]

সমাধান:

$y=5\cos\frac{\pi}{3}x\sin 40\pi t=\frac{5}{2}(2\sin 40\pi t\cos\frac{\pi}{3}x)=\frac{5}{2}\left[\sin\left(40\pi t+\frac{\pi x}{3}\right)+\sin\left(40\pi t-\frac{\pi x}{3}\right)\right]$

$=\frac{5}{2}\sin\frac{2\pi}{6}(120t+x)+\frac{5}{2}\sin\frac{2\pi}{6}(120t-x)$

সুতরাং উপরের সমীকরণকে $y=a\sin\frac{2\pi}{\lambda}(vt+x)+a\sin\frac{2\pi}{\lambda}(vt-x)$ তুলনা করে পাই,

বিস্তার $=\frac{5}{2}=2.5$ cm, বেগ $v = 120\ \text{cms}^{-1}$

একটি শব্দ-তরঙ্গ এক মাধ্যম হতে অন্য মাধ্যমে প্রবেশ করলে, পরিবর্তিত হয়– [বুয়েট ১৩-১৪]

A. কম্পাঙ্ক ও বেগ
B. কম্পাঙ্ক ও তরঙ্গ দৈর্ঘ্য
C. তরঙ্গ দৈর্ঘ্য ও বে
D. কম্ ক ও রঙ্গ দৈর্ঘ্য ও বেগ **Ans: C**

ব্যাখ্যা: শব্দ এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে গেলে তরঙ্গ দৈর্ঘ্য ও বেগ পরিবর্তিত হয়। কম্পাঙ্ক অপরিবর্তিত থাকে।

একটি তরঙ্গের তীব্রতা সরাসরি যার সমানুপাতিক, তা হলো- [বুয়েট ১১-১২]

A. সম্প
C. ক
C. স্পন্দনের বিস্তারের বর্গ
D. পিচ **Ans: C**

ব্যাখ্যা: (B) $I\propto A^2$

www.Educationblog24.Com

◆ $y = 2 \sin (3140\ t - x)$ তরঙ্গের কম্পাঙ্ক হবে– [বুয়েট ১০-১১]
A. 3140 Hz B. 1570 Hz **Ans:** D
C. 150000 Hz D. 500 Hz
ব্যাখ্যা: $y = 2 \sin (3140\ t - x)$; $\omega = 3140$ বা, $2\pi f = 3140 \therefore f = 500$ Hz

◆ শব্দ তরঙ্গকে বায়ুতে সমবর্তন করা যায় না, কারণ এ ধরনের তরঙ্গ হলো- [বুয়েট ১০-১১]
A. চলমান B. স্থির **Ans:** D
C. অনুপ্রস্থ D. অনুদৈর্ঘ্য
ব্যাখ্যা: অনুদৈর্ঘ্য তরঙ্গ সমবর্তিত হয় না।

◆ একটি নির্দিষ্ট টানা তার **1000 Hz** কম্পাঙ্ক সৃষ্টি করে। যদি একই তার উপরোক্ত কম্পাঙ্কের দ্বিগুণ কম্পাঙ্ক সৃষ্টি করে তাহলে তারের টান হবে- [বুয়েট ১০-১১]
A. doubled B. quadrupled **Ans:** B
C. halved D. one-fourth
ব্যাখ্যা: কম্পাঙ্ক তারের টানের বর্গমুলের সমানুপাতিক।
কেননা, $f = \frac{1}{2l}\sqrt{\frac{T}{\mu}}$ $\therefore$ টান 4 গুণ বাড়ালে কম্পাঙ্ক $\sqrt{4} = 2$ গুণ হবে।

◆ 14^0C এ একটি মাধ্যমের চাপ ও তাপমাত্রা উভয়ই 4 গুণ বাড়ানো হলে শব্দের বেগ বাড়বে। [বুয়েট ১০-১১]
A. 200% B. 114% **Ans:** D
C. 14.6 % D. 7 %
ব্যাখ্যা: চাপের পরিবর্তন শব্দের বেগের উপর কোনো ক্রিয়া করে না।
তাই, $\frac{v_2}{v_1} = \sqrt{\frac{(273+56)}{(273+13)}} = 1.07067$ $\therefore$ বেগ বৃদ্ধি পাবে 7.06%

◆ শব্দের একটি উৎস যখন শ্রোতার দিকে এগিয়ে আসে, তখন- [বুয়েট ০৯-১০]
A. শব্দে তরঙ্গের দৈর্ঘ্য আপাত বৃদ্ধি পায় B. কম্পন সংখ্যা আপাত বৃদ্ধি পায়
C. কম্পন সংখ্যা আপাত হ্রাস পায় D. শব্দের গতি পরিবর্তন হয় **Ans:** B

◆ একটি গাড়ি **1000 Hz** কম্পাঙ্কের শব্দ করে **15 m/s** গতিতে একটি দেয়ালের দিকে এগোচ্ছে। শব্দের বেগ **340 m/s** হলে গাড়িচালক কর্তৃক শ্রুত প্রতিধ্বনি কম্পাঙ্ক হলো- [বুয়েট ০৮-০৯]
A. 1046 Hz B. 954 Hz
D. 1092 Hz D. 908 Hz **Ans:** C
ব্যাখ্যা: শব্দ উৎস ও শ্রোতা গতিশীল হলে, $\therefore f' = \frac{v + v_0}{v - v_s} \times f = \frac{340 + 15}{340 - 15} \times 1000 = 1092$ Hz

◆ **40 cm** লম্বা একটি তার **4.2 kg** ওজন দ্বারা টান টান করা আছে। এর মূল সুরের সাথে একটি সুরশলাকা ঐক্যতানে রয়েছে। সুরশলাকার কম্পাঙ্ক কত? **1 m** তারের ভর **0.32 gm**। [কুয়েট ১৮-১৯]
A. 498 Hz B. 628 Hz
C. 448 Hz D. 425 Hz
E. 480 Hz **Ans:** C
সমাধান: $f = \frac{1}{2L}\sqrt{\frac{T}{\mu}} \Rightarrow \frac{1}{2L} = \sqrt{\frac{mg}{\mu}} \Rightarrow \frac{1}{2 \times 0.4}\sqrt{\frac{4.2 \times 9.8}{0.32 \times 10^3}} = 448.3$ Hz

◆ একটি অডিও ক্যাসেট প্লেয়ার ও একটি টেলিভিশনের তীব্রতা লেভেল যথাক্রমে **93 dB** এবং **85 dB**। এদের সম্মিলিত শব্দের তীব্রতা লেভেল নির্ণয় কর। [কুয়েট ১৬-১৭]
A. 92.82 dB B. 93 dB
C. 93.33 dB D. 93.64 dB
E. 94.41 dB Ans. D

www.Educationblog24.Com

সমাধান: $\beta = 10 \log_{10} \frac{I}{I_0}$

$I_1 = I_0(10)^{9.3}$

$I_2 = I_0(10)^{8.5}$

$I = I_1 + I_2 = I_0(2.3 \times 10^9)$

$\beta = 10 \log(2.3 \times 10^9) = 93.64$ dB

♦ কোনো শ্রেণিকক্ষের শব্দের তীব্রতা $10^{-7} W/m^2$। শব্দের তীব্রতা দ্বিগুণ হলে নতুন তীব্রতা লেভেল কতটুকু বাড়বে? (প্রমানতীব্রতা = $10^{-12} W/m^2$) [কুয়েট ১৭-১৮]

A. 2.75 dB
B. 2.50 dB
C. 2.25 dB
D. 3.01 dB
E. 1.3 dB

Ans: D

সমাধান: $\Delta\beta = 0 \log \frac{I}{I_0}$ dB বা, $10 \log \left(\frac{2 \times 10^{-7}}{10^{-7}}\right)$ dB

$\therefore \Delta\beta = 3.01$ dB

♦ সরল ছন্দিত গতি সম্পন্ন একটি কণার গতির সমীকরণ $y = 10 \sin (12t - \pi/3)$ যেখানে y এর একক মিটার, t এর একক সেকেন্ড এবং দশার একক রেডিয়ান। 6.28 sec সময়ে বস্তুটির ত্বরণ কত? [কুয়েট ১৫-১৬]

A. 1.25 km/s^2
B. 1.24 m/s^2
C. 1.39 km/s^2
D. 1.44 km/s^2
E. -26.30 m/s^2

Ans : A

সমাধান : $y = 10 \sin \left(12t - \frac{\pi}{3}\right)$

$\therefore v = 10 \cos \left(12t - \frac{\pi}{3}\right) \times 12$

$\therefore a = -144 \times 10 \sin \left(12t - \frac{\pi}{3}\right)$

$\therefore t = 6.28$ হলে, $a = -144 \times 10 \sin \left(12 \times 6.28 - \frac{\pi}{3}\right)$ বা. $a = 1.27 kms^{-2}$

♦ একটি সরল ছন্দিত তরঙ্গ গ্যাসের মধ্য দিয়ে +x অক্ষের দিকে চলমান এবং ইহার বিস্তার 2 cm, বেগ 30 m/s এবং কম্পাঙ্ক 300/sec। মূল বিন্দু হতে 100 cm দূরত্বে 6 sec পরে অগ্রগামী তরঙ্গটির সরণ কত? [কুয়েট ১৫-১৬]

A. 3000cm
B. 100 cm
C. 10cm
D. 6cm
E. 0

Ans : E

সমাধান ; $y = a \sin \frac{2\pi}{\lambda} (vt - x)$ বা. $y = 0.02 \sin \frac{2\pi}{\frac{v}{f}} (vt - x)$

বা, $y = 0.02 \sin \frac{2\pi}{\frac{30}{300}} (30 \times 6 - 1)$ বা, $y = 0$

♦ একটি ট্রেন 90 km/hr বেগে 730 Hz কম্পাঙ্কের হুইসেল বাজিয়ে কোন ষ্টেশন থেকে বাহির হচ্ছে। ষ্টেশনে দাড়ানো কোন যাত্রীর নিকট শ্রুত শব্দের আপাত কম্পাঙ্ক কত? (বাতাসে শব্দের বেগ 332 m/s) [কুয়েট ১৫-১৬]

A. 700 Hz
B. 789 Hz
C. 675 Hz
D. 775 Hz
E. 679 Hz

Ans : E

সমাধান : $f' = \left(\frac{v}{v + u_s}\right) f$ বা. $f' = \frac{332 \times 730}{332 + \frac{90 \times 1000}{3600}}$ বা. $f' = 679$ Hz

www.Educationblog24.Com

◆ **একটি শব্দ তরঙ্গ উৎসের বিস্তার 0.25cm এবং কম্পাঙ্ক 400Hz বাতাসে শব্দের বেগ 332 m/s এবং বায়ুর ঘনত্ব 1.293 kg/m^3 হলে প্রতি সেকেন্ডে প্রতি বর্গমিটারে প্রবাহিত শক্তি কত?** [কুয়েট ১৪-১৫]

A. 8.5 kW/m^2
B. 8.99 kW/m^2
C. 8.99 W/m^2
D. 8.47 W/m^2
E. 8.47 kW/m^2

Ans: E

ব্যাখ্যা: $I = 2\rho\pi^2a^2n^2v = 8.47\ kW/m^2$

◆ **সরল ছন্দিত গতিতে চলমান একটি বস্তুর সমীকরণ $Y = 10\sin(12t - \pi/6)$; এখানে Y এর একক মিটার, t এর একক sec এবং দশা ধ্রুবকের একক rad। বস্তুটির সর্বোচ্চ দ্রুতি কত?** [কুয়েট ১৪-১৫]

A. 10m/s
B. 12m/s
C. π/6m/s
D. 120 m/s
E. 120 cm/s

Ans: D

ব্যাখ্যা: $y = A\sin(\omega t + \delta)$ সমীকরণের সাথে তুলনা করে পাই,
$A = 10m\ \omega = 12\ rads^{-1}$
$V = A\omega = 10 \times 12 = 120\ ms^{-1}$

◆ **একটি শ্রেণিকক্ষে শব্দের তীব্রতা 10^{-7} W/m^2। শব্দের তীব্রতা দ্বিগুণ হলে তীব্রতা লেভেল কত হবে?** [কুয়েট ১৪-১৫]

A. 53dB
B. 53.01dB
C. 55.06dB
D. 53.02B
E. 56.93B

Ans: B

ব্যাখ্যা: $\beta = 10\log\frac{2I}{I_0}\ dB = 10\log\frac{2\times10^{-7}}{10^{-12}}\ dB = 53.01dB$

◆ **একই তরঙ্গের দুইটি বিন্দুর মধ্যে পথ পার্থক্য $\frac{\lambda}{4}$। এই বিন্দু দুইটির মধ্যে দশা পার্থক্য নির্ণয় কর।** [কুয়েট ১৩-১৪]

A. $\frac{\pi}{4}$
B. $\frac{2\pi}{3}$
C. $\frac{\pi}{6}$
D. $\frac{3\pi}{4}$
E. $\frac{\pi}{2}$

Ans: E

ব্যাখ্যা: দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য $= \frac{2\pi}{\lambda}\cdot\frac{\lambda}{4} = \frac{\pi}{2}$

◆ **একটি সুর শলাকা একটি টান টান তারের 20 cm ও 25 cm দৈর্ঘ্যের সাথে শব্দায়িত করলে যথাক্রমে 25টি ও 10টি বীট উৎপন্ন হয়। সুর শলাকার কম্পাঙ্ক নির্ণয় করো। তারের টান ও ভার যথাক্রমে 12.25N ও 2.5 $\times 10^{-3}$kgm^{-1}।** [কুয়েট ১১-১২]

A. 140 Hz
B. 175 Hz
C. 150 Hz
D. 110 Hz
E. 125 Hz

Ans: A

ব্যাখ্যা: $f_1 = \frac{1}{2\times0.2}\sqrt{\frac{12.25}{2.5\times10^{-3}}} = 175Hz$

$f_2 = \frac{1}{2\times0.25}\sqrt{\frac{12.25}{2.5\times10^{-3}}} = 140Hz$

$\therefore$ সুর শলাকাটির কম্পাঙ্ক = 140 Hz কেননা একমাত্র এই কম্পাঙ্ক হলেই 25টি বীট এবং 10টি বীট হওয়া সম্ভব।

◆ **একটি শব্দ তরঙ্গ বায়ুতে 3 মিনিটে 1080m দূরত্ব অতিক্রম করে। এই শব্দ তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য 60 cm হলে তরঙ্গের পর্যায়কাল কত?** [চুয়েট ১৫-১৬]

A. None of them
B. 10 sec
C. 1 sec
D. 0.1 sec

Ans : D

সমাধান : $V = \frac{1080}{3\times60} = 6\ ms^{-1}$ বা. $V = \frac{\lambda}{T}$ বা. $T = \frac{\lambda}{V} = \frac{60}{\frac{100}{6}} = 0.1\ sec$

www.Educationblog24.Com

• **1050 Hz কম্পন সংখ্যা বিশিষ্ট একটি শব্দের উৎস তোমার নিকট হতে 20 m/sec গতিতে একটি পাহাড়ের দিকে চলছে। আগত শব্দের কত কম্পন সংখ্যা তুমি শুনবে? শব্দের বেগ = 330 m/sec.** [চুয়েট ১৪-১৫]

A. 970 Hz
B. 990 Hz
C. 1115 Hz
D. None

Ans: C

ব্যাখ্যা: $f' = \left(\frac{v + v_o}{v - vs}\right) f = \left(\frac{330 + 0}{330 - 20}\right) \times 1050 = 1115 \text{ Hz}$

• **একটি টানা তারে প্রবাহিত অগ্রগামী তরঙ্গের সমীকরণ $y = 10 \sin\left(\frac{t}{0.02} - \frac{x}{100}\right)$, যেখানে x ও y এর একক সেন্টিমিটার এবং t এর একক sec তরঙ্গটির গতি কত?** [চুয়েট ১৪-১৫]

A. 500 cm/sec
B. 50 m/sec
C. 10 m/sec
D. 400 cm/sec

Ans: B

ব্যাখ্যা: $y = a\sin\frac{2\pi}{\lambda}(vt - x)$ $\therefore \frac{2\pi}{\lambda} v = \frac{1}{0.02}$ আবার, $\frac{2\pi}{\lambda} v = \frac{1}{100}$ $\therefore v = 50 \text{ m/sec}$

• **একটি অগ্রগামী তরঙ্গের সমীকরণ $y = 2 \sin \pi (500\, t - x)$ সরণ মিটারে ও সময় সেকেন্ডে প্রকাশ করা আছে; এ তরঙ্গের কম্পাঙ্ক কত?** [চুয়েট ১১-১২]

A. 500 Hz
B. 250 Hz
C. 1000 Hz
D. None

Ans: B

ব্যাখ্যা: B. $y = 2 \sin \pi (500\, t - x)$; $\frac{2\pi}{\lambda} = \pi$, বা, $\lambda = 2m$; $f = \frac{v}{\lambda} = \frac{500}{2} = 250 \text{Hz}$

• **একটি টানা তারের দৈর্ঘ্য পরিবর্তন না করে এর উপর প্রযুক্ত টান 4 গুণ করা হলো। তারের কম্পাঙ্কের কত পরিবর্তন হবে?** [চুয়েট ১০-১১]

A. 4 times
B. 2 times
C. 6 times
D. None

ব্যাখ্যা: $\frac{f_1}{f_2} = \frac{\frac{1}{2L}\sqrt{\frac{T_1}{\mu}}}{\frac{1}{2L}\sqrt{\frac{T_2}{\mu}}} = \sqrt{\frac{T_1}{T_2}} = \sqrt{\frac{1}{4}}$ $\therefore f_2 = 2f_1$

• **একটি ভ্যাকুয়ম ক্লিনার ও একটি টিভির তীব্রতা লেভেল যথাক্রমে 86 dB এবং 84dB। এদের সম্মিলিত শব্দের তীব্রতা লেভেল কত? প্রমাণ তীব্রতা $I_0 = 10^{-12} \text{ Wm}^{-2}$** [চুয়েট ১৪-১৫]

A. 85 dB
B. 87 dB
C. 89 dB
D. 88 dB
E. None

Ans: D

ব্যাখ্যা: $\beta_1 = 10 \log\frac{I_1}{I_0}$ বা. $I_1 = 3.98 \times 10^{-4}$

$\beta_2 = 10 \log\frac{I_2}{I_0}$ বা. $I_2 = 2.511 \times 10^{-4}$

$I = I_1 + I_2 = 6.49 \times 10^{-4}$

$\therefore \beta = 10 \log\frac{I}{I_0} = 10 \log\frac{6.49 \times 10^{-4}}{10^{-2}} = 88.12$

Shortcut :

সম্মিলিত শব্দের তীব্রতা লেভেল $= 10 \log (\text{anti log}\frac{86}{10} + \text{anti log}\frac{84}{10}) = 88.124 \text{ dB}$

www.Educationblog24.Com

◆ একটি ট্রেন 1000 কম্পাঙ্কের বাঁশি বাজাতে বাজাতে 75 kmh^{-1} স্থির শ্রোতার দিকে অগ্রসর হয়। শ্রোতার নিকট শব্দের কম্পাঙ্ক কত মনে হবে? শব্দের বেগ = 33000 cms^{-1} [রুয়েট ১৪-১৫]

A. 1067.37 Hz
B. 1607.37 Hz
C. 1670.37 Hz
D. 1706.37 Hz
E. None

Ans: A

ব্যাখ্যা: $n' = \frac{v + v_o}{v - v_s} \times n = \frac{330 + 0}{330 - 20.83} \times 1000 = 1067.37$ Hz

◆ তরঙ্গের দুটি কলার মধ্যে পথ পার্থক্য 0.325 m এবং দশা পার্থক্য 3.14 রেডিয়ান হলে, তরঙ্গের দৈর্ঘ্য কত? [রুয়েট ১২-১৩]

A. 0.46 m,
B. 0.65 cm
C. 0.56 cm
D. 0.56 m
E. 0.65 m

Ans: E

ব্যাখ্যা: $\frac{\text{পথ পার্থক্য}}{\lambda} = \frac{\text{দশা পার্থক্য}}{২\pi}$ বা, $\frac{0.325}{\lambda} = \frac{3.14\text{rad}}{2\pi}$ $\therefore \lambda = 0.65$ m

◆ একটি সুরশলাকা 2.5 m দীর্ঘ তরঙ্গ দৈর্ঘ্য তৈরি করতে পারে। যদি ঐ তরঙ্গের বেগ 340 m/sec হয়, তবে সুরশলাকার কম্পাঙ্ক কত? [রুয়েট ১০-১১]

A. 316 Hz
B. 613 Hz
C. 631 Hz
D. 136 Hz

Ans: D

ব্যাখ্যা: $v = f\lambda$ বা, $340 = f \times 2.5$ $\therefore f = 136$ Hz

◆ একটি সুরেলী কাঁটা প্রতি সেকেন্ডে 200 বার কাঁপে এবং উহা হতে শব্দ 3 সেকেন্ডে 1200 মিটার দুরত্ব অতিক্রম করে। বায়ুর মধ্যে তরঙ্গ দৈর্ঘ্য কত নির্ণয় করো। [রুয়েট ০৯-১০]

A. 1.25 m
B. 2.0 m
C. 2.5 m
D. 1.5 m
E. 4.0 m

Ans: B

ব্যাখ্যা: $f = 200$ Hz; $v = \frac{1200}{3} = 400$ m/s; $\lambda = \frac{400}{200} = 2$ m

www.Educationblog24.com

শাহজাহান তপন, আজিজ হাসান ও রানা চৌধুরী স্যারের বইয়ের গাণিতিক সমস্যাবলির সমাধান

১। স্থির উষ্ণতায় কত চাপ প্রয়োগ করলে একটি গ্যাসের আয়তন এর প্রমাণ চাপের আয়তনের 4 গুণ হবে?

সমাধান: আমরা জানি,

$P_1V_1 = P_2V_2$

বা, $P_2 = \frac{P_1V_1}{V_2}$

$= \frac{1.013 \times 10^5\ Nm^{-2} \times V}{4V} = 25.32 \times 10^3\ Nm^{-2}$

অতএব, প্রয়োগকৃত চাপ $25.32 \times 10^3\ Nm^{-2}$

এখানে, গ্যাসের প্রাথমিক চাপ,
$P_1 = 1.013 \times 10^5\ Nm^{-2}$
প্রাথমিক আয়তন, $V_1 = V$
পরিবর্তিত আয়তন, $V_2 = 4\,V$
পরিবর্তিত চাপ, $P_2 = ?$

২। 600 mmHg চাপে 19.0 m^3 আয়তনের আদর্শ গ্যাসের তাপমাত্রা কত হবে? যদি একই গ্যাস 27° C তাপমাত্রায় এবং 760 mmHg চাপে 12.0 m^3 আয়তন দখল করে।

সমাধান: আমরা জানি,

$\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2}$

বা, $T_1 = \frac{P_1V_1T_2}{P_2V_2}$

$= \frac{600\ mmHg \times 19.0\ m^3 \times 300\ K}{760\ mmHg \times 12.0\ m^3} = 375\ K$

$\therefore$ তাপমাত্রা, $T_1 = (375 - 273)\ ^\circ C = 102^\circ C$

সুতরাং আদর্শ গ্যাসের তাপমাত্রা হবে 102° C

এখানে,
প্রাথমিক চাপ, $P_1 = 600\ mmHg$
প্রাথমিক আয়তন, $V_1 = 19.0\ m^3$
শেষ চাপ, $P_2 = 760\ mmHg$
শেষ তাপমাত্রা,
$T_2 = 27^\circ C = (27 + 273)K = 300\ K$
শেষ আয়তন, $V_2 = 12.0\ m^3$
প্রাথমিক তাপমাত্রা, $T_1 = ?$

৩। 0.64 m পারদস্তম্ভ চাপে এবং 39° C তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন $5.7 \times 10^{-4} m^3$। প্রমাণ চাপ ও তাপমাত্রায় গ্যাসের আয়তন কত?

সমাধান: আমরা জানি,

$\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2}$

বা, $V_2 = \frac{P_1V_1T_2}{P_2T_1}$

$= \frac{0.64\ m\ (পারদ) \times 5.7 \times 10^{-4} m^3 \times 273\ K}{0.76\ m\ (পারদ) \times 312\ K}$

$= 4.2 \times 10^{-4} m^3$

সুতরাং গ্যাসের আয়তন $4.2 \times 10^{-4} m^3$

এখানে,
আদি চাপ, $P_1 = 0.64\ m$ (পারদস্তম্ভ)
আদি তাপমাত্রা,
$T_1 = 39^\circ C = (39 + 273)K = 312\ K$
আদি আয়তন, $V_1 = 5.7 \times 10^{-4} m^3$
প্রমাণ চাপ, $P_2 = 0.76\ m$ (পারদস্তম্ভ)
প্রমাণ তাপমাত্রা, $T_2 = 273\ K$
শেষ আয়তন, $V_2 = ?$

৪। প্রমাণ চাপে ও 27° C তাপমাত্রায় 32 g অক্সিজেনের আয়তন বের কর।

সমাধান: আমরা জানি,

$PV = nRT$

বা, $V = \frac{nRT}{P}$

$\therefore V = \frac{1\ mol \times 8.314\ Jmol^{-1}K^{-1} \times 300\ K}{101325\ Nm^{-2}}$

$= 0.0246\ m^3$

নির্ণেয় অক্সিজেনের আয়তন $0.0246\ m^3$

এখানে,
অক্সিজেনের ভর, $m = 32\ g$ ও $M = 32\ g\ mol^{-1}$
মোলার গ্যাস ধ্রুবক, $R = 8.314\ Jmol^{-1}K^{-1}$
প্রমাণ চাপ, $P = 1\ atm = 101325\ Nm^{-2}$
তাপমাত্রা, $T = 27^\circ C = (27 + 273)K = 300\ K$
অক্সিজেনের মোল সংখ্যা,

$n = \frac{m}{M} = \frac{32g}{32\ g\ mol^{-1}} = 1\ mol$

www.Educationblog24.Com

৫। **একটি ফ্লাস্কে 30° C তাপমাত্রায় এবং 1 বায়ুমন্ডলীয় চাপে কিছু বাতাস আবদ্ধ আছে। এখন ফ্লাস্কের মুখ ছিপি দিয়ে আটকিয়ে একে উত্তপ্ত করা শুরু হলো। ছিপিটি খুলতে যদি 4 বায়ুমন্ডলীয় চাপের প্রয়োজন হয় তবে কত তাপমাত্রা পর্যন্ত একে উত্তপ্ত করলে ছিপিটি খুলে যাবে?**

সমাধান: আমরা জানি,

$\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$ [∵ আয়তন স্থির]

বা, $T_2 = \frac{P_2}{P_1} \times T_1$

$= \frac{4 \text{ atm}}{1 \text{ atm}} \times 303 \text{ K} = 1212 \text{ K}$

∴ শেষ তাপমাত্রা = $(1212 - 273)°C = 936° C$

এখানে,
প্রাথমিক তাপমাত্রা, $T_1 = (273 + 30)K = 303 K$
প্রাথমিক চাপ, $P_1 = 1 \text{ atm}$
শেষ চাপ, $P_2 = 4 \text{ atm}$
শেষ তাপমাত্রা, $T_2 = ?$

৬। **300° C তাপমাত্রায় 40 m^3 আয়তনের কোনো পত্রে 4 মোল গ্যাস রাখলে যদি 9.00×10^4 Pa চাপ দেয় তাহলে 600° C তাপমাত্রায় 100 m^3 আয়তনের পাত্রে আবদ্ধ 200 মোল গ্যাস কী পরিমাণ চাপ দেবে?**

সমাধান: আমরা জানি,

$P_1V_1 = n_1RT_1$ ..... (1)

এবং $P_2V_2 = n_2RT_2$ ..... (2)

(২) নং কে (১) নং দ্বারা ভাগ করে পাই,

$\frac{P_2V_2}{P_1V_1} = \frac{n_2T_2}{n_1T_1}$

$\therefore P_2 = \frac{n_2T_2P_1V_1}{n_1R_1V_2}$

$= \frac{200 \times 873 \text{ K} \times 9.00 \times 10^4 \text{Pa} \times 40 \text{ m}^3}{4 \times 573 \text{ K} \times 100 \text{ m}^3}$

$= 274.24 \times 10^4 \text{ Pa}$

প্রযুক্ত চাপের পরিমাণ 274.24×10^4 Pa

এখানে,
প্রাথমিক তাপমাত্রা,
$T_1 = (273 + 300) \text{ K} = 573 \text{ K}$
আদি মোল সংখ্যা, $n_1 = 4$
আদি আয়তন, $V_1 = 40 \text{ m}^3$
আদি চাপ, $P_1 = 9.00 \times 10^4 \text{Pa}$
শেষ তাপমাত্রা,
$T_2 = (273 + 600) \text{ K} = 873 \text{ K}$
শেষ আয়তন, $V_2 = 100 \text{ m}^3$
শেষ মোল সংখ্যা, $n_2 = 200$
শেষ চাপ, $P_2 = ?$

৭। **কোনো হ্রদের তলদেশ থেকে পৃষ্ঠে আসার ফলে একটি বাতাসের বুদবুদের আয়তন তিনগুণ বেড়ে যায়। হ্রদের পৃষ্ঠে বায়ুমন্ডলের চাপ 10^5 Nm^{-2} হলে হ্রদের গভীরতা কত?**

সমাধান: আমরা জানি,

$P_1V_1 = P_2V_2$

বা, $(P_2 + hpg) V = P_2 (3V)$

বা, $hpg = 3 P_2 - P_2$

বা, $h = \frac{2P_2}{\rho g} = \frac{2 \times 10^5 \text{ Nm}^{-2}}{1000 \text{ kgm}^{-3} \times 9.8 \text{ ms}^{-2}} = 20.4 \text{ m}$

∴ হ্রদের গভীরতা 20.4 m

এখানে,
হ্রদের তলদেশে আয়তন, $V_1 = V$
হ্রদের পৃষ্ঠদেশে আয়তন, $V_2 = 3V$
হ্রদের পৃষ্ঠদেশে চাপ = বায়ুমন্ডলের চাপ, $P_2 = 10^5 \text{ Nm}^{-2}$
হ্রদের তলদেশে চাপ,
P_1 = বায়ুমন্ডলের চাপ + পানির চাপ
$= 10^5 \text{ Nm}^{-2} + hpg$
হ্রদের গভীরতা, $h = ?$

৮। **কোনো হ্রদের তলদেশ থেকে পৃষ্ঠে আসার ফলে একটি বাতাসের বুদবুদের আয়তন দ্বিগুণ হয়। হ্রদের পৃষ্ঠে বায়ুমন্ডলের চাপ 10^5 Nm^{-2} হলে হ্রদের গভীরতা কত?**

সমাধান: আমরা জানি,

$P_1V_1 = P_2V_2$

বা, $(P_2 + h\rho g) V_1 = P_2 V_2$

www.Educationblog24.Com

$$\text{বা, } P_2 + h\rho g = \frac{P_2V_2}{V_1}$$

$$\text{বা, } h\rho g = \frac{P_2V_2}{V_1} - P_2$$

$$\text{বা, } h\rho g = \frac{P_2 \times 2V_1}{V_1} - P_2$$

$$\text{বা, } h\rho g = 2P_2 - P_2 = P_2$$

$$\text{বা, } h = \frac{P_2}{\rho g} = \left(\frac{10^5}{1000 \times 9.8}\right)\text{m}$$

$\therefore h = 10.2$ m

সুতরাং হ্রদের গভীরতা 10.2 m

এখানে,
ধরি, হ্রদের তলদেশের বাতাসে বুদবুদের আয়তন = V
হ্রদের উপরিতলে বাতাসে বুদবুদের আয়তন, $V_2 = 2V_1$
হ্রদের উপরিতলে বায়ুমন্ডলর চাপ, $P_2 = 10^5 \text{Nm}^{-2}$
হ্রদের তলদেশের চাপ, $P_1 = P_2 + h\rho g$
অভিকর্ষীয় ত্বরণ, $g = 9.8\ \text{ms}^{-2}$
পানির ঘনত্ব, $\rho = 1000\ \text{kgm}^{-1}$
হ্রদের গভীরতা, $h = ?$

৯। **কোনো হ্রদের তলদেশ থেকে পৃষ্ঠে আসার ফলে একটি বাতাসের বুদবুদের ব্যাস তিনগুণ হয়ে যায়। ব্যারোমিটারে পারদ স্তম্ভের উচ্চতা 75 cm হলে হ্রদের গভীরতা কত? [পারদের ঘনত্ব 13596 kgm^{-3}]**

সমাধান: আমরা জানি, বুদবুদের আয়তন এর ব্যাসের ঘনফলের সমানুপাতিক। তাই, ব্যাস তিনগুণ হলে আয়তন 27 গুণ হয়।
ধরি, হ্রদের তলদেশে বুদবুদের আয়তন, $V_1 = V$
সুতরাং, হ্রদের উপরিদেশে বুদবুদের আয়তন, $V_2 = 27\ V$
আবার, হ্রদের তলদেশে চাপ,
P_1 = বায়ুমন্ডলীয় চাপ + h মিটার গভীরতায় পানির চাপ
$= P_2 + h\rho_1 g$
আমরা জানি,
$P_1V_1 = P_2V_2$
বা, $(P_2 + h\rho_1 g)V = P_2 \times 27\ V$
বা, $P_2 + h\rho_1 g = 27\ P_2$
বা, $h\rho_1 g = 26\ P_2$

$$\text{বা, } h = \frac{26 \times 99930.6}{1000 \times 9.8}\text{m}$$

$= 265.12$ m
অতএব, হ্রদের গভীরতা 265.12 m

এখানে,
$P_2 = 75$ cm
বা, $0.75\ \text{mHg} = 0.75\ \text{m} \times 13.596 \times 10^3 \text{kgm}^{-3} \times 9.8 \text{ms}^{-2}$
$= 99930.6\ \text{Nm}^{-2}$
ρ_1 = পানির ঘনত্ব = $1000\ \text{kgm}^{-3}$

১০। **কোনো হ্রদের তলদেশ হতে একটি বায়ুর বুদবুদের আয়তন তার পৃষ্ঠে উঠার পর বেড়ে 10 গুণ হয়। হ্রদের পৃষ্ঠে বায়ুমন্ডলের চাপ 76 cm পারদ স্তম্ভ হলে হ্রদটির গভীরতা কত? ? [পারদের ঘনত্ব 13.6×10^3 kgm^{-3}]**

সমাধান: এখানে,
হ্রদের গভীরতা h
হ্রদের তলদেশে বুদবুদের আয়তন = V_1
পৃষ্ঠে আয়তন, $V_2 = 10\ V_1$
পৃষ্ঠে চাপ, P_2 = বায়ুমন্ডলীয় চাপ = $0.76\text{m} \times 13.6 \times 10^3 \text{kgm}^{-3} \times 9.8\ \text{ms}^{-2} = 1.013 \times 10^5 \text{Nm}^{-2}$
তলদেশে চাপ,
P_1 = বায়ুমন্ডলীয় চাপ + পানি স্তম্ভের চাপ
$= (1.013 \times 10^5 + h \times 10^3 \times 9.8)\text{Nm}^{-2}$

www.Educationblog24.Com

বয়েলের সূত্র থেকে আমরা জানি,

$P_1V_1 = P_2V_2$

$\therefore (1.013 \times 10^5\ Nm^{-2} + h \times 10^3\ kgm^{-3} \times 9.8\ ms^{-2}) \times V_1 = 1.013 \times 10^5\ Nm^{-2} \times 10V_1$

বা, $h \times 9800\ Nm^{-3} = (10.13 \times 10^5 - 1.013 \times 10^5)\ Nm^{-2} = 9.117 \times 10^5 Nm^{-2}$

$\therefore h = 93\ m$

সুতরাং হ্রদের গভীরতা 93 m

১১। কোনো হ্রদের তলদেশ থেকে পানির উপরিতলে আসায় একটি বায়ু বুদবুদের আয়তন 7 গুণ হয়। বায়ুমন্ডলের চাপ $10^6\ Nm^{-2}$ হ্রদের গভীরতা কত?

সমাধান: এখানে,

হ্রদের তলদেশে বুদবুদের আয়তন, $V_1 = V$

হ্রদের উপরতলে বুদবুদের আয়তন, $V_2 = 7V$

হ্রদের তলদেশের চাপ, P_1 = বায়ুমণ্ডলীয় চাপ + h মিটার গভীরতায় পানির চাপ = $P_2 + h\rho g$

ρ = পানির ঘনত্ব = $100\ kg/m^3$, $g = 9.8\ ms^{-2}$

আমরা জানি, $P_1V_1 = P_2V_2$

বা, $(P_2 + h\rho g)V = P_2 \times 7V$

বা, $P_2 + h\rho g = 7P_2$

বা, $6P_2 = h\rho g$

বা, $6 \times 106\ Nm^{-2} = h \times 1000\ kg/m^2 \times 9.8\ ms^{-2}$

বা, $h = \dfrac{6 \times 10^6\ Nm^{-2}}{1000\ kgm^{-3} \times 9.8\ ms^{-2}} = 612.24\ m$

সুতরাং হ্রদের গভীরতা 612.24 m

১২। 27° C তাপমাত্রায় প্রতি গ্রাম অণু হিলিয়াম গ্যাসের গতিশক্তি নির্ণয় কর।

সমাধান: আমরা জানি,

$$E = \frac{3}{2}nRT$$

